গুরু। যেমন অনেক ডাক্তার আছেন, তাঁরা রুগীর বাবস্থাপত্তে একটা রোগের জন্ম অনেকগুলি ওষুধ লেখেন, অর্থাৎ দেই রোগটা প্রতিকারের যতগুলি ওষুধ তাঁদের জানা থাকে তাব সব কয়টই লেখেন, উদ্দেশ্য যেটাতে ফল পাওয়া যায়। কিন্তু বহুদশী বিজ্ঞ ডাক্তাবেরা প্রেকটা রোগের জন্ম একটা ওযুধেরই ব্যবস্থা করেন, কারণ, তাঁরা ঠিক জানেন বে, এই রোগ এই ওবুবেই সার্বে। শাস্থকারেরা একটী সিদ্ধিল।তেব জন্ত অনেক বকম পদ্ধতি ব'লেছেন, তার মানে অধিকার ভেদে যার ঘেটা অন্তক্ল হবে সে সেইটাই অবলম্বন কব্বে। লোকে ঠিক না কব্তে পেবে প্রতিকূল পদ্ধতি অবলম্বন কবে, কাজেই ফল পার না। ভগবান অধিকাবা ভেদে একটা সিদ্ধিলাতের জন্ত এক রকম অন্তক্শ পঞ্জিই নির্দেশ কবেছেন। কাজেই তার ফল অবার্থ। ভগবান অন্তান্ত, সর্বজ্ঞ, অভিজ্ঞ চিকিৎসক, স্কৃতরাং তাব কথিত গাঁতালকপ বাবস্থাপত্রের ওমুধে ভববোগ নিশ্চরই সাব্বে।

শিশ্য। বে বেখন অধিকারী তাকে বে তদমূক্ল উপদেশ তগবান গীতার দিখেছেন সেইটা শেণনবার জন্ত আমাব বড় কৌতৃহল হচ্ছে, আপনি অনুগ্রহ ক'রে তাবই কিছু বলুন।

গুক। গীতাব অনেক স্থানেই সে রক্ম উপদেশ দিয়েছেন। গীতার দ্বাদশ অধ্যারের ৮ম শ্লোকে ব'লছেন যে,

> ময্যেব মন আধৎস্ব মযি বুদ্ধিং নিবেশয়। নিবসিশ্বসি ময্যেব অত উৰ্দ্ধং ন সংশয়॥

হে অর্জুন। তুমি আমাতেই চিত্ত স্থাপিত কর ও বুদ্দি সন্নিবেশিন্ত কব, তাহ'লে প্রলোকে আমাতেই বাস কবিবে, অর্থাৎ মুক্তি পাবে তাতে কোন সংশগ্ন নাই। যদি তা-কবতে না পাব, অর্থাৎ তার অধিকারী না হও, তাহলে যে কি সাধনা কবতে হবে তাই ১মৃ প্লোকে ব'লছেন যে,

অথ চিত্তং সমাধাতুং ন শক্রোসি মযি স্থিরম্। অভ্যাস যোগেন ততো মামিচ্ছাপ্তঃং ধনঞ্জয ॥ হে ধনঞ্জয়। যদি আমাৰ প্রতি চিত্ত স্থির রাধ্যতে না পাৰ, ভাছ'নে আমার শ্বরণ অভ্যাস বোগ ছারা আমাকে পেতে ইচ্ছা কর। যদি তা না কর্তে পার, অর্থাৎ তার অধিকারী না হও, তাহ'লে যে কি সাধনা কর্তে হবে তা ১০ম শ্লোকে বল'ছেন যে,

> অভ্যাসেহপ্যসমর্থোসি মৎ কর্ম্ম পর মো ভব। মদর্থমপি কর্ম্মাণি কুর্ব্বণ সিদ্ধি মব্যপশুসি॥

হে অর্জুন। যদি তৃমি আমার শ্বরণ কপ অভ্যাদে অসমর্থ হও, তাহ'লে আমার প্রীতি সাধনার্থ পরহিতকর দব মলন কর্মের অনুষ্ঠান কর। আমার প্রীতার্থে কর্মের দার্রায় তৃমি সিদ্ধিলাভ কব্বে অর্থাৎ আমাকে পাবে। যদি তাও কব্তে না পাব, অর্থাৎ তারও অধিকারী না হও, তাহলে যে কি সাধনা কব্তে হাব, তা ১১৭ শ্লোকে বলেছেন যে,

অথৈতদপ্যশক্তোহসি কর্ত্ত্ব্যু মদযোগমাঞ্জিতঃ। সর্ব্ব কর্থ ফলত্যাগং ততঃ কুব্দ যতাত্মবান্॥

হে এব্ছুন! যদি তুমি এতেও অশক্ত হও, অথাৎ অন্ধিকারী হও, ভাহলে একমাত্র আমারই অবণাপন্ন হয়ে সংযত চিত্তে কল্মফল স্ব ভাগি কর। কেন বে কর্মফল ভাগি কব্তে বলছেন, দ্বাদশ শ্লোকে ভার কারণও বলছেন যে,

> শ্রেয়ে হি জ্ঞানমত্যাসাঙ্ জ্ঞানদ্যানং বিশেষ্যতে। ধ্যানাৎ কর্ম্মফলত্যাগস্ত্যাসাচ্ছান্তিরনন্তরম্।

হে অর্জুন! বিবেক অর্থাৎ জ্ঞানরহিত অভাস অপেক্ষা পরোক্ষ অর্থাৎ সহ জ্ঞান শ্রেষ্ঠ। এইরপ জ্ঞান অপেক্ষা অর্থ বোধক (হৃদরে ধ্যের বস্তুর ভাব ধারণ ক'রে) ধ্যান শ্রেষ্ঠ, এবং সেই ধ্যান অপেক্ষা কর্মফল ターから 2912612102 33

ত্যাগ শ্রেষ্ঠ কিন্দা, নিক্রের, ত্যাগ জনিত পাস্তি উপভোগ হর। কারণ, ত্যাগেব হাবা অনাসক্ত ইওয়াতে মনটা সর্বানা শান্তিতে পূর্ণ থাকে। এখন ভেবে দেখ, অধিকাবী ভেদে ভগবান কেমন সব উপায় ব'ললেন। বাস্ত-বিক কোন ব্যক্তি কোন একটা কাজেব অধিকাবী না হ'য়ে যদি সে কাজটা কর্তে যায়, তা হ'লে তার হাবা কখনই সেই কাজটা স্ক্রম্পন্ন হয় না। এখন গীতায় অধিকাবী ভেদে ভিন্ন ভিন্ন উপায় বিধিমতে দেখান আছে ব'লে, মন্তান্ত শাস্তাপেক্ষা গীতাব কল বেলী।

শিষ্য। আজ্ঞা হাঁ, এখন আমি বুঝ্লাম বে গীতা সর্কোপরি। আচ্ছা, অন্তান্ত শাস্ত্রান্ত মধ্যে কোন গ্রন্থ এটি ?

গুক। অন্তান্ত শান্তগ্রন্থ মধ্যে বেদান্ত শ্রেষ্ঠ। দিংহ বেমন পশুর মধ্যে বাজ। বেদান্তও তেমান শান্তগ্রন্থ মধ্যে রাজা। একটা বচন আছে যে,

তাবদ্ গজ্জ ন্তি শাস্ত্রানি জন্মুকাঃ বিপিনে যথা। নগর্জ্জতি মহা শক্তি गাবদ্ বেদান্ত কেশবী॥

যাবদ্ বেদান্ত কেশবী (সিংহ) না গৰ্জায়, ভাবৎ জঙ্গলেব শৃগালের স্থায় অন্তান্ত শাস্ত্র চাঁৎকাব কবে। অর্থাৎ বেদান্তাণাপ আরম্ভ হ'লে অন্তান্ত শাস্ত্রানাপ সবতল পড়ে যায়।

শিষ্য। আপনি যে বল্ছেন গীতা পডলে জ্ঞান লাভ হয়, তবে আনেক পণ্ডিতের তা হয় না কেন ? পণ্ডিতেবা শাস্ত্রগাহ্ব সব পড়েন্, গীতাও অবগ্র পডেন, কিন্তু তাদেব ব্যবহাব সাবারণ অজ্ঞান লোকের মত হয় কেন ?

গুক। পণ্ডিতদের সাধারণ অজ্ঞান লোকের মত ব্যবহাব কি দেখ্লে।

শিষ্য। সাধারণ অজ্ঞান লোক বেমন দন্ত, অহঙ্কার ও ক্রোধাদির

বশ হ'মে থাকে, পণ্ডিত্দেরও সেই অবস্থা দেখা বিশ্ব পারে । তাদের মধ্যে বখন এক জনকে হারিয়ে দিয়ে আর এক জন বড় হবার চেটা করেন, এবং রাগে হিতাহিত জ্ঞান শৃত্য হ'মে উন্মন্তাবস্থা প্রাপ্ত হন; তথন আর সাধারণ লোকের মত হ'লেন নাত কি ?

তত্ত্ব-কুস্থম

প্রক। পণ্ডিত ছই শ্রেণীব আছেন। এক শ্রেণী শান্ত্রান্থ পড়েন ও শান্ত্রোক্ত উপদেশ মত সাধনাও করেন। আর এক শ্রেণীব পণ্ডিত আছেন, তাঁরা কেবল শান্ত্রান্থই পড়েন, কোন সাধনা কবেন না। ঘিনি সাধক পণ্ডিত তার অপরোক্ষান্থভূতি আসে, অর্থাৎ অন্থভব জ্ঞান লাভ হর ব'লে আসল তত্ব বোধগম্য হয়। কাজেই রিপ্রাণ আর মাথা ভূল্তে পারে না, স্কুছরাং তাঁরা শান্ত হন্। আর যাঁরা কোন সাধনা না করে কেবল শান্ত্রান্থই পড়েন, তাঁদের কেবল শান্ত্র কথিত ভাষাতেই ব্যুৎপত্তি জন্মে, অর্থাৎ শক্জান হয় বস্তুজ্ঞান হয় না। কাজেই আসল ভক্ষ কিছুই বোধে আসে না এবং চিত্ত শুদ্ধি লাভেও হয় না। স্থতরাং রিপু আদিও সংযত হয় না। এখন ঐ অসংযত রিপু আদির বশবর্ত্তী হ'দ্বেই তর্ক বিচারাদ্যি করেন ব'লে ঐ বক্ষ দশা প্রাপ্ত হন, এবং অশান্তিও ভোগ করেন।

শিষা। শাস্ত্র প'ডে একটা জ্ঞান ত হয়, তবে তাঁবা এমন হন্ কেন । গুরুষা। ধাবা কোনরপ সাধনা না ক'রে কেবল শাস্ত্র কথিত শব্দার্থের বাংপত্তিই লাভ করেন, তাঁরা এই মুক্সিলে পড়েন যে, তাঁদের অধীত সকল শাস্ত্রের সকল মত গুলিই হৃদয়ে স্ব স্থ প্রাধান্ত বিস্তাব করে। স্থতরাং স্থির সিদ্ধান্তের অভাব হেতু তাঁবা নানা বুদ্ধিবিশিষ্ট হন, এবং অসংযত রিপু আদির বশ হ'রে তর্ক বিতর্ক কর্তে কর্তে উন্মভাবস্থা প্রাপ্ত হন। তার ফল শেষে এই দাঁড়ায় যে, বিচাধ্য অথবা জ্ঞাতব্য আসল বিষয়টি তল্ প'ডে গিয়ে তর্ক বিতর্কের শ্রোত চলতে থাকে। দন্ত,

আহকার ও ক্রোধাদির বড় বড় চেউ উঠে উভয় পক্ষকে নাকানি চুপানি থাওরার। পক্ষদের মধ্যে যিনি সেই সব চেউ থেতে অপটু তিনি পিছিয়ে পড়েন, আর যিনি পটু তিনি কোমব বেঁধে লেগে যান।

শিষ্য। বিচার্য্য বিষয়ের আখির মীমাংসা কি হয় १

গুরু। আধির মীমাংসা যা হয় তা শোন। কোন একটা তত্ত্বের মীমাসাব জন্ম বিচার আরম্ভ ক'রে শেষে কেবল অশান্তিই ভোগ হয় এবং আত্মাবপ্ত অবনতি হয়। কারণ, তার্কিকগণকে তর্ক বিতর্কের স্রোতে আসল তন্ত্ব থেকে অনেক দ্বে টেনে নিয়ে গিয়ে, শেষে অশান্তির সমুদ্রে ফেলে দেয়।

শিষা। যুক্তি তর্কের দারা আসল তত্ত্বের অর্থাৎ ভগবদ্ তত্ত্বের শীমাংসা কি হয় না ?

গুৰু। আৰু থাকু আবার কা'ল হবে।

দ্বিতীয় দিন।

শুরু। না— যুক্তি তর্কের দারা ভগবদ্তত্ত্ব মীমাংসা হ'তে পাবে না। সাধনার দারা মনকে প্রকৃতিব গণ্ডিব (সীমানার) বাইবে না নিয়ে বেতে পাব্লে, অর্থাৎ মায়ামুক্ত না হ'তে পাব্লে, সে তত্ত্ব হৃদরক্ষম হয় না। কেন না. জীবগণ মায়াব দাবায় আবৃত আছে, এবং সেই জন্মই সর্ববাপী প্রমাত্মাও আমাদেব অদৃশু হ'য়ে আছেন। ভগবান গীতাব ৭ম অধ্যায়ের ২৫শ শ্লোকে তাই ব'লেছেন বে,

নাহং প্রকাশঃ সর্বস্থ যোগমায়। সমারতঃ। মুচোহয় নাভি জানাতি লোকো মামজমব্যযম্॥

আমি আমাব যোগমায়াৰ দ্বাৰা সমাবৃত আছি ব'লে মায়াৰদ্ধ লোকের নিকট প্রকাশিত নই। সেই জন্ম মায়া মৃচ লোকেরা আমাকে অজ এবং অব্যয় ব'লে জান্তে পাবে না। তার মানে এই যে জীবগণ পারুতির অধীনে তলারা প্রভাবে মুহুমান হ'রে আছে। বিচার, তর্ক, যুক্তি প্রভৃতি প্রেক্সতির সীমানাব মধ্যে, কাজেই ঐ সব যুক্তাদি লৌকিক অর্থাৎ সাংসা-রিক্ম জ্ঞানানুসারেই মীমাংসিত হ'রে থাকে। প্রস্তু সাধনার দ্বার। অপ রোক্ষাপ্রভৃতির সাহায়ো ঈর্থকে জান্তে পাবা বার।

লোকে সাংসারিক জ্ঞান সম্পন্ন হ'মে তদত্বকাণে বৃথা কচকচানি কাবল কি হবে ৪ সেই জন্ম শাস্ত্রে একটা বচন আছে যে,

অচিন্ত্য খলু যে ভাবান্ তাংস্তর্কেন যোজয়েত। প্রকৃতিভ্য পর যচ্চ তদাচিত্তস্থ লক্ষণম্॥ বে ভাব চিস্তা কব্তেও পারা যায় না এবং যা (বে ভাব) প্রকৃতির বাইরে, তা নিয়ে ওর্ক কব্তে নাই। সাধনাব দাবা গুণাতীত অবস্থা লাভ ক'রে, অপবে কানুভৃতির (অনুভব জ্ঞানেব) সাহায়ো তাঁকে যতদূর জ্ঞানা যায় তত দ্বই জ্ঞানা যায়। ঈশ্বকে জ্ঞানবার আব অস্তু উপায় নাই। শুধু মুধেব কথায় জানা যাবে না, অর্থাৎ বই পডলেহবে না খাটতে হবে।

শিষ্য। অপরোক্ষাগ্রভূতি ভিন্ন ঈশ্বকে জানা যাবে না তাব কাবণ কি, এবং লৌকিক ও অণৌকি ক জ্ঞানেরই বা মানে কি?

শুর ইক্রিয়গ্রাহ্ সূতা বিষয় নন্। তিনি স্ক্রাদিপি ক্র্যান্থ বস্থায় সমগ্র বিশ্ব ব্যেপে অবস্থান ক'বছেন, স্থত বাং তাঁকে দেখাতে ধব্তে চুঁতে কিছুতেই পাওয়া নায় না কাজেই অপবোক্ষাক্রভূতি ভিন্ন তাঁকে জানবাব আব মন্ত উপায় নাই। সাংসাবিক লোক স্থল জগৎ সমস্কে দেখে শুনে বা পড়ে, যে জ্ঞান লাভ কবে তা লৌকিক জ্ঞান। আব সম-দমাদি গুণগুলিকে আয়ত্ব কবে সাধনাব নারা গুণাতীত হ'য়ে অধ্যাত্ম জগৎ অর্থাৎ আত্মা সম্বন্ধে যে জ্ঞান লাভ হয় তাই অলোকিক জ্ঞান বা অপবোন্ধাক্ষ্ণ ভূতি। স্থতবাং কেবল শাস্ত্র প'ডে ঈশ্ববকে জ্ঞানা বায় না, কারণ, এইটী বহিম্পীন বিলা, তিনি কেবল সাধনায় অর্থাৎ অন্তর্মুখীন বিভায়ে জ্ঞাতবা। সেই জন্ম ভগবান গীতার ২য় অধ্যান্তেব ৪৫শ শ্লোকে ব'গেছেন যে,

ত্রৈগুণ্য বিষয়াবেদা নিস্ত্রেগুণ্য ভবাৰ্জ্জ্ন। নির্দ্ধ দ্বো নিতঃ সত্তুস্থো নির্যোগক্ষেম আত্মবান॥

হে অর্জুন। বেদ সকল তৈজেণ্য বিষয়ক। তুমি নিজৈজণ্য হও, অর্থাৎ নির্দ্ধা; নিতা সত্তম্ব, যোগ ক্ষেম রহিত ও আত্মবান হও। এরকম হ'তে বল্ছেন কেন? কেন না, নিছাম কর্মজনিত চিত্তগুদ্ধি লাভ ক'রে সাধনাব দ্বারা তবে গুণাতীত অর্থাৎ মায়াতীত হ'তে হরে তাহলে তথন ঈশ্বরকে জানতে পারা যাবে। এখন ভগ্বদ বাক্যের তাৎপর্যার্থ বুঝুতে চেষ্টা কবা যাক। ত্রৈগুণা বিষয় কি ? সত্ত রজস্তম এই তিনটী গুণ. এবং এই ভিনটী গুণেব সমষ্টির নাম তৈগুণা, যার মধ্যে সেই সমষ্টি দেখা যায় তাই ত্রৈগুণা বিষয়, আব ত্রেগুণা বিষয়ের কর্তব্যা-কর্ত্তব্যের বাবস্থা ঘাতে আছে তাই ত্রৈগুণা বিষয়ক। এখন এই তিন প্তণের সমষ্টি কোথায় দেখা যায় ? সংসাবে সেই জন্ম সংসার ত্রৈপ্তণ্য विषत्। (महे मःमाद्यव कर्खवाकर्खदाव वावन्न। त्वाल च्याह्न व'तन द्वान नकल टेज्र थेना विषयक। जात्र गान्न এই यে मारमानिक कियाकनान বেদারুসারেই হ'রে থাকে। অবগ্র এটা বেদেব কামা কর্ম সহয়ে কথা হচ্ছে। ভগবান বল্ছেন যে, হে অর্জুন। তুমি বেদবিহিও কর্মকাপ্তামু-সারে সকাম কর্ম না ক'রে, নিষ্ক ম কর্মী হও, এবং গুণাতীত অধাৎ মারাতীত হও। ভগবান বল্ছেন বে, সাংসারিক জ্ঞান।তুসারে আমাকে ছানতে চেষ্টা না ক'বে, গুণাতীত হ'য়ে অপরোক্ষাত্বভূতির হারায় ষ্মামাকে জানতে চেষ্টা কব। কি ব্ৰক্ম অবস্থা হ'লে গুণাতীত হওয়া ষার লোকার্দ্ধে ভাই বল্ছেন বে, নির্দুলো, অর্থাৎ দ্বন্ধ রহিত হও। মন সকল অবস্থাতে অবিচলিত থাকার নাম নির্দ্ধ। শীত, উঞ্চ, সুখ চু:খ, ভাল মন্দ এই দকণের অধীন না হওয়া অর্থাৎ স্থাথেতে উৎফুল্ল না হওয়া এবং হঃথেতে কাতর না হওয়া ইত্যাদি। নিত্য সত্তম্ভ, সর্বাদা সান্ত্রিক ভাবে থাক। দৈনিৰ্যোগ কেম হও, মৰ্থাৎ যোগ কেম বহিত হও। অপ্ৰাপ্ত বস্তুর প্রাপির চেষ্টাকে যোগ বলে, আব প্রাপ্ত ব স্তর রক্ষার চেষ্টাকে ক্ষেম বলে। সেই যোগ ক্ষেম, বহিত হও, ভার মানে এই যে, উপার্জন ও রক্ষার যে চিন্তা তা ভাগে কব, কেন না, সে বাবস্থা আমিই কর্ব। আব আঅবান হও, কি না আত্মাতে রত হও। অর্থাৎ বহিমুখীন ইন্দ্রিয়গণকে সংঘত ক'রে অন্তর্মুখীন করতঃ আত্মাকে জানবাব জন্ম চিত্তের একাগ্রতা সম্পাদন কর।

শিষ্য। ভগবান বল্লেন বেদ ত্রৈগুণ্য বিষয়ক, অর্থাৎ সাংসারিক কর্ম-কাণ্ডের ব্যবস্থা বেদে আছে। তবে কি বেদে তত্ত্তানের কথা কিছু নাই १

শুক। থাক্বেনা কেন ? তুমি ভগবদ্ বাকোৰ তাৎপর্যার্থ এখনও
বৃষ্তে পারনি। ভগবান মায়াবদ্ধ সংসাবা লোকের সম্বন্ধে এই উপদেশ
দিছেন ব'লে, সংসার প্রচলিত বেদের কর্মকাণ্ড (সকামকর্ম) সম্বন্ধেই
ব'লছেন। বেদেব জ্ঞানকাণ্ড সম্বন্ধে একথা নয়। সাংসাবিক লোক বেদোক্ত কল প্রতিপাদক কর্মকাণ্ডেরই অমুষ্ঠান কবে থাকে। অর্জ্ব্দ্র্ন সংসাবী লোক, সেই জন্ত ভগবান তাকে ব'লছেন বে, তুমি সংসার প্রচলিত
সকাম-কর্ম সকল ত্যাগ কবে নিদ্ধাম কর্মেব দ্বাবা চিভ্ততদ্ধি লাভ করে
গুণাতীত হও। কারণ, সকাম কর্মেব কেবলই লোকের আশা তৃষ্ণা
ক্রমায়, কাজেই মায়াজালে আবদ্ধ কবে।

শিষ্য। নিহ্নাম কর্মেব মহৎ ফল ত্যাগ কবে, সাংসারিক লোক বেনোক্ত সকাম কর্মের ক্ষুদ্র ফলেব প্রতি অমুবক্ত হয় কেন ?

গুক। নিষামকর্মের ফল মহৎ কিন্তু পাওরা বার বিলম্বে; স্থার সকাম কর্মের ফল ক্ষুদ্র, কিন্তু শীদ্র পাওরা বার। সাধারণ সংসারী লোকের স্বভাব এই বে. যা শীদ্র পাওরা বার তাতেই অনুরক্ত হয়, এই একটি কারণ। আর একটি কারণ এই থে বেদের কর্মকাণ্ডের ফল-শ্রুতি বডই চিন্তাকর্মক এবং রুচিকর বাক্যে বর্ণিত আছে। যেমন বা দান কর্বে ছাব শতগুণ পাবে ইত্যাদি। সেই জন্তু লোভপ্রযুক্ত আগু ফলপ্রির সাংসারিক সাধারণ লোক সকাম কর্মের প্রস্থান ক'রে থাকে। ডাতেই ভগবান গীতার ২য় অধ্যারেব ৪২ শ,৪৩শ ও ৪৪শ এই তিনটী স্লোকে ব'লেছেন বে,

যামিমাং পুষ্পিতাং বাচং প্রপদ্মন্তাবিপশ্চিত।
বেদ বাদ রতাঃ পার্থ নান্সদন্তীতি বাদিনঃ॥

কামাত্মানঃ স্বৰ্গপরা জন্ম কর্ম ফলপ্রদাম্। ক্রিয়া বিশেষ বহুলাং ভোগৈশ্বর্য্য গতিং প্রতি॥ ভোগৈশ্বর্য্য প্রসক্তানাং ত্যাপহৃত চেত্রসাম্। ব্যবসাধাল্মিকা বুদ্ধি সমাধে। ন বিধাষতে॥

হে পার্থ। সংসারা অবিবেকাগণ এই শ্রুতিমধুর, জন্ম কর্মকলপ্রদ, ভোগৈখর্বোর সাধনভূত বছল ক্রিয়া বিশেষ থাকা বলে এবং বেদ-বাদণত অর্থাৎ বেদেব দোহাই দিয়ে থাকে, তারা কাদাআনু স্বর্গপব ও ভোগৈখর্য্যে সাসক্ত হয় এবং বলে বেদ ছাডা আব কিছুই নাই। তাদের চিত্ত অপহৃত (মোহিত) ২ন। স্থতবাং তাদেব বুদ্ধি সমাধিতে সংশব্ধ বিহীন হয় না। ভগবদ্বাক্যেব ভালপ্য্যাৰ্গ এই যে যাবা বেদোক্ত কৰ্ম-কাণ্ডেব শ্রুতিমধুব বাক্যে অনুবক্ত, বছবিধ ফল প্রকাশক বেদ বাক্যই যাদেব প্রীতিকব, যাবা স্বর্গাদি ফল সাধন ভিন্ন অন্ত কিছুই স্বীকাব করে না অথবা জানেনা, (কাবণ বেদেব মুখ্য তাৎপর্যার্থ না জানাতে তার গৌণার্প গ্রহণ কবে, অর্ণাৎ কর্মানলেব অতিবিক্ত কিছুই নাই, এই বিশ্বা-দের জন্ম তাদেব কাম্য কম্মহ একমাত্র অবলম্বন) যাবা কামপ্রায়ণ, স্বৰ্গই যাদেৰ প্ৰম পুক্ষাৰ্থ, জন্ম কৰ্ম ফলপ্ৰদ ও ভোগৈখণোৱ সাধন ভূত নানাবিধ ক্রিয়া প্রকাশক বাক্যে যাদেব চিত্ত মোহিত ২ন্ন, এবং যাবা ভোগ ও ঐথর্যো সংসক্ত হয়, সেই বিবেকशানদের বৃদ্ধি সমাধ্যিত সংশয়-বিহীন হয় না, অর্থাৎ ঈশ্ববেতে চিত্ত একাগ্র ১য় না। কর্ম্মেব দাবা জ্ঞান লাভ হর বটে, কিন্তু সেই সব কম্ম নিধাম ভাবে করা চাই।

শিষ্য। এখন কোন্ উপদেশে চল্লে নিক্ষাম কর্মে প্রবৃত্তি হয়?
গুরু। কোন ? ভগবদ্গী তার উপদেশে চল্লে নিক্ষাম কর্মে প্রবৃত্তি
হবে এবং ভক্তি ও জ্ঞানলাত ও গুরে।

শিষ্য। গীতাত অনেকেই পডে, তবে তাদের নিছাম কর্মে প্রবৃদ্ধি হয় না কেন ?

গুৰু। গুধুপড্লে কিম্বামুখন্থ কর্লে হয় না। গীতোক্ত উপদেশ মত চলতে হয়, অর্থাৎ সেই রকম সাধন করে চবিত্রকে তদমুক্প গঠন করতে হয় তবে হয়। তাব মানে শাস্ত্র বচন শ্রবণ, মনন, নিদিধ্যাসন করতে হয় এবং দেই বকম আচরণও নিজে করতে হয়। এইগুলির নাম হ'লো সাধনা। সেই সাধনা না কবলে শাস্ত্র বাক্যেব তাৎপর্য্যার্থ অমুভবে কিছু আদেনা। কেবণ পাধীর মত বুলি শেখা ২য়। তোমাকে একটা উদাহবণ দিয়ে বোঝাই তাহ'লে তুমি বুঝতে পাববে। মনে কর, একটী বড লোকেব ল্যাপল্যাণ্ড দেশ দেখবাব এবং ঐস্থান সম্বন্ধে অভিজ্ঞতা লাভ কববাব জন্ম মনে বড কে।তুহল জনোছে। দেই জন্ম ডিনি ভূগোল ইতিহাস পর্যালোচনা করেছেন, এবং কোন্ কোন্ সমুদ্র ও কোন্কোন্দেশ দিয়ে বেতে হবে তাও সব ঠিক করেছেন। আর যে দেখানে বরকনয় প্রাক্তিক দুগু অর্গাৎ সব জায়গা ববফে ঢাকা এবং সেই বরফেব উপর দিয়ে ছবিণে চাকা বিহীন গাড়া টেনে নিয়ে বায় এই সমস্তই তিনি বই প'ডে অবগত হ'ল্পে-ছেন বটে, কিন্তু তা হলে কি হয় ? বতক্ষণ তিনি জাহাত্তে এবং রেণে চ'ড়ে –তিভিক্ষা অবশহন ক'রে, অর্গাৎ ভ্রমণ জনিত ক্লেশ সহা ক'রে দমস্ত রাস্তা অভিক্রম কবতঃ ল্যাপল্যাণ্ডে না পৌছাচ্ছেন্; ভতক্ষণ পর্যান্ত তাঁব ঐ স্থান সম্বন্ধে অনুভব জ্ঞান কিছুমাত্র হবেনা। অর্থাৎ প্রাকৃতিক সৌন্দর্যা দেখে আনন্দ ও বরষের শৈত্যানুভব ইত্যাদি কিছুই অমুভবে আস্বেনা। পরিশ্রম ক'রে সমস্ত রাস্তা অভিক্রম করতঃ স্থানে না পৌছিলে বেমন সেইস্থান সম্বন্ধে কোন অনুভব জ্ঞান হয় না তেমনি শাজোক্ত বিধি অনুদারে তিভিকার সহিত সাধনার দারা মান্নামর অফান ভূমি অতিক্রম ক'বে মেই জ্ঞানসংযের কাছে না পৌছিলে তাঁব সংস্কেও কিছু অনুভব জ্ঞান হয় না। বেদাপ্ত উপনিষদ্, গীতাদি পডলে কি হবে ? শ্রবণ, মনন নিদিধ্যাসন চাই।

শিষ্য। আজা এখন আমি বুর ্লাম। আছো, গীতা ভিন্ন আসান্ত, শাস্ত্রগ্রন্থ পড়া কি নিষিদ্ধ P

গুরু। অন্তান্ত শাস্ত্রান্ত পড়া নিষিদ্ধ নয়। যে কোন শাস্ত্রে যে কোন মতই থাক্ন কেন সকল মতেব লক্ষা যে একই জিনিস তাড়ে আর কোন সন্দেহ নাই। বখন সকল মতেব উদ্দেশ্য একই, তখন মতের বিভিন্নতা কি কবে হতে পাবে প লোকে অজ্ঞানতা বশতই মতরৈধ দেখে থাকে, অঞান্ত মতেব প্রতি দেঘবশতঃ সেই সব মত্ত নিয়ে বাদান্ত্রাদ করে, কিন্তু তা করা বিশেষ নিষিদ্ধ। নানা শালে মানা মত আছে, তাতে গোমাব কি এশ গেল প ভোমার মনে যে ভাবের জমাট বেঁধেছে, অন্তান্ত মত নিয়ে তর্ক বিতর্ক করে তোমার সেই জমাট বাঁধা ভাবতীকে ছিল্ল ভিন্ন করা উচিত নয়। কেননা, ভগবান ভাবেবই বশ। ভাবেব অভাব হ'লে তাঁকে জানা যায় না। সেইজন্ত মহাত্মা তুলসী দাস ব'লেছেন যে,—

সব্মে বসিয়ে সব্মে রসিয়ে সব্কে লিজিযে নাম্। হাঁজি হাঁজি কব্তে বহিষে বৈচ্কে আপনা ঠাম্। মগর হুদ্ মে জপ রাম নাম।

নানা শাস্ত্রে নানা মত আছে তা নিমে তর্ক বিতর্ক না করে, বে যা বলে তাতেই ই ই করে যাও, এবং মনে মনে রাম নাম জগ কর। ক্লুর্থাৎ ভূমি যে ভাষ নিয়ে আছ, নিঃসংশয় চিত্তে তাতেই লেগে থাক। তর্ক বিতর্কের দারা মনের দৃঢ় ভাব শিথিল হ'তে পারে, সেইজ্ঞ কুতার্কিকের সঙ্গে তর্ক করা নিষিদ্ধ।

শিষ্য। আমরা কথার কথার অনেক দূব এসে পড়েছি। আমাদের কাল কথা হচ্ছিল যে, ফলের আকাজ্জা রেখে কর্মা করলে সেই কর্মা ফল ভোগের জন্ত এই ভোগায়তন শবীব ধারণ করতে হয়। তবে কি এই শরীবই কর্মা ফল ভোগ করে গ

শুরু। শরীর ঘব বইত নয়। ঘব ভোগ করে, না—ঘবে য়ারা ধাস করে তাবা ভোগ করে? শরীর ভোক্তার বাসের স্থান মাত্র। সেই জন্ত শাস্ত্রে শ্বাবকে ক্ষেত্র বলে। সেই ক্ষেত্রে অর্থাৎ শরীরে পুরুষ (আআ) সব প্রকাশ করে আছেন, এবং প্রকৃতি সদলবলের সহিত বাস কর্ছেন। বুদ্দি, অহস্কার ও ইক্রিয়াদির প্রকৃতির স্থাণ। ভোগাদি কি যে কোন কাজ প্রকৃতি ইক্রিয় দির ঘারা সব সম্পন্ন করা-ছেন। আর পুরুষ (পরমাআ) আআরমণে এই শরীরে নিলিপ্তা, নিশ্চন, নির্কিকাব, উদাসীনবৎ প্রকৃতিজ সমস্ত কর্মের জন্তী স্বরূপে অবস্থান ক'রছেন।

শিষা। স্থাত্মা সর্বাদা শরীবের মধ্যে থেকেও বে কোন কর্ম্মে লিপ্ত হচ্ছেন না, তাহ'লে তিনি কি ভাবে যে আছেন সে সম্বন্ধে আমার কিছু ধারনা ২চ্ছে না।

শুরু। আত্মা কি রকম অবস্থায় ভূতগণের দেহের মধ্যে অবস্থান করছেন ভগবান তা গীতার ১৩শ অধ্যায়ের ৩২শ, ৩৩শ শ্লোকে ব'লেছেন যে,

যথা সর্ব্বগতং সৌক্ষ্যাদাকাশং নোপলিপ্যতে। সর্ব্বাবস্থিতো দেহে তথাত্মা নোপলিপ্যতে॥ যথা প্রকাশযেত্যেকঃ স্থৃৎস্নং লোক মিমং রবিঃ। ক্ষেত্রং ক্ষেত্রী তথা কৃৎস্নং প্রকাশযতি ভারত॥

আবাণ যেমন সর্বগত হয়েও স্ক্র প্রযুক্ত অন্ত বস্তুতে লিপ্ত হয় না, আবাও তেমনি দেহে অবস্থিত থেকেও দৈহিক কোন ধর্মে অথবা কর্মে লিপ্ত হন না। হে ভাবত। এক স্থ্যই ষেমন সমস্ত লোক প্রকাশ করেন, সেই বক্ম ক্ষেত্রজ্ঞ আবাই সমস্ত ক্ষেত্রকে অর্গাৎ শবীবকে প্রকাশ ক'রে থাকেন। ভগবদ্ বাক্যেব তাৎপর্যার্থ এই যে, স্থ্য যেমন উদয় হলেই সমস্ত বিশ্ব প্রকাশ পায়, এবং সাধাবণতঃ লোকে সমস্ত দিন কাজ কর্মে ব্যাপৃত থেকে তা সব সম্পন্ন করে, কিন্তু স্থ্য অন্ত গেলেই সমস্ত বিশ্ব জন্মকারে সাহত হয় ও নিজ্জ হয়। তেমনি আবা যতক্ষণে দেহে থাকেন ততক্ষণই জীবগণ জীবিত থাকে এবং দৈহিক কাজ কন্ম সব সম্পন্ন হয়। অত্যথার দেহ চিব বিশ্রাম গ্রহণ করে।

শিয়া। এই বকম আশ্চর্য্য স্বভাব সম্পন্ন আত্মা বে কেমন, সে সম্বন্ধে আমি মনে কিছুই ধারণা কবতে পাচ্ছি না।

গুক। আত্মাকে শাস্ত্রে যে কি বলে তা আগে শোন, তাহ'লে কওকটা ধাবণা হবে। আত্মা হচ্ছেন

> স্থূল হক্ষ কারণ শরীরাদ্ ব্যতিরিক্ত পঞ্চকোশাতীত সন্ অবস্থাত্তর সাক্ষী সচিচদানন স্বরূপ সন্ যন্তিষ্ঠতি স আত্মা।

সুল সৃদ্ধ ও কারণ এই তিন প্রকার শরীর হ'তে ভির, আর অন্নময়াদি পঞ্চকোষের অঠাত, এবং জাগ্রত স্বপ্ন ও প্রযুধ্বি এই তিন অবস্থার সাক্ষী ক্লপে, সং চিং ও আনন্দেব স্থকপ যিনি দেহের মধ্যে অবস্থান ক'রছেন ভানিই প্রামা। আত্মার স্থভাব ত আশ্চর্যা বটেই। শরীরের মধ্যে আত্মা থাক্ৰেও তাঁকে কেও দেখ্তে পায় না কিয়া জানতে পাবে না। সেই জন্ম ভগৰান আত্মা সন্বন্ধে গীতাৰ ২য় অধ্যায়েব ২৯শ শ্লোকে বলেছেন যে,

> আশ্চর্য্যবং পশ্যতি কশ্চিদেন মাশ্চর্য্যবদ্ বদতি তথৈব চান্তঃ আশ্চর্য্যবচ্চৈন মন্তঃ শৃণোতি শ্রুজাপোন বেদ ন চৈব কশ্চিৎ॥

এই আত্মাকে কেও আন্চর্যাবং দেখেন, কেও ইহাকে আন্চর্যাবং বলেন, কেও বা ইহাকে আন্চর্যাবং ভনেন্, কিন্তু কেহই ইহাকে জান্তে পাবেন্ না। ভগবদ্বাকোব তাৎপর্যার্গ এই বে, আত্মার কার্য্যকেও আন্চর্যোর ন্তান্ত দেখেন, কেও তাকে আন্চর্যোর ন্তান্ত বলেন্, কেও বা তাব কণা আন্চর্যোব ন্তান্ত গুনেন, কিন্তু কেহই, তাকে প্রকৃত্ত পক্ষে জান্তে পারেন্ না। আত্মা প্রাকৃতিক গুণ, প্রাকৃতিক ধর্ম কিন্তা প্রাকৃতিক নিমুমেব অধীন নন্। সকলেই তাঁব অধীন।

শিষ্য। আত্মা যে প্রকৃতিব অধীন নন্ তা বুঝলাম্, কিন্তু প্রকৃতিটা বে কি আমাকে বুঝিয়ে দিন।

শুরু । প্রকৃতি শব্দেব অর্থ আগে শোন, তার পব জিনিসটা কি তাও বোঝ। প্র মানে সন্ধ, রু মানে বজঃ এবং তি মানে তম। এই সন্ধ্রজন্তম তিন গুণেব সমষ্টিকে প্রকৃতি বলে। ইহাকে ক্রিগুণা-খ্রিক। মারা, আল্লাশক্তি, মহামারা প্রভৃতিও বলে, এবং তিনি নানার্রপে পুজিতাও হ'য়ে থাকেন। ফলতঃ পরমান্তান এই শক্তি, মারা বা প্রকৃতি প্রভাবেই সৃষ্টি প্রলয়াদি বিশ্বেধ যাবতীয় কাজ চিবদিন সম্পন্ন হচ্ছে ও হবে।

শিযা। আছো, এই ত্রিগুণাত্মিকা মান্না বা প্রকৃতি স্থাদি কাজ

সৰ কচ্ছেন, কিন্তু তিনি থাকেন্কোণায় ? প্রমাত্মা ত সমগ্র বিশ্ব ব্যেপে ব্যাহ্মন ।

শুক্ত। প্রকৃতিব একটা নাম শক্তি। এখন শক্তি বল্লেই একজন
শক্তিমান চাই, অর্থাৎ একটা আধাব চাই। নইলে শক্তি থাকে
কোথায় গ শক্তি, শক্তিমানকে আগ্রয় ক'বেই থাকে ও শক্তিমানের
নিয়োগক্রমে কাজ কবে, এবং সেই শক্তিমানের নামেই পরিচিত হয়।
বেমন ভামেব শক্তিতে অমুক সমুক কাজ হ'য়েছে। এই ইঞ্জিন্টা
৪০ গোডাব শক্তি বিশিষ্ট, বামমূর্ত্তিব শক্তিতে ৮খানা মটবকাব টেনে
ধ'বে বাঝে ইত্যাদি এই সব শক্তি বেমন কোন ব্যক্তি বা বস্তু বিশেষকে
আগ্রয় ক'বে থাকে ও ভাদেব নিয়োগক্রমে কাজ কবে, এবং তাদেবই
নামে পবিচিত হয়, তেন্নি পবমাত্মাব শক্তি বা প্রকৃতিও পরমাত্মাকে
আগ্রয় ক'বে থাকেন ও পবমাত্মাব নিয়োগক্রমে কাজ কবেন, এবং
পর্মাত্মাব শক্তি বনেই পবিচিত হন।

শিষ্য। প্রকৃতিব দানায় ধর্থন সমস্ত কাজ সম্পন্ন হ'ছে, তথন আত্মাব ভূতগণেব দেহেব মধ্যে বদ্ধাবস্থায় অবস্থানের প্রয়োজন কি ? বিদি প্রাকৃতিক কাজেব দ্রষ্টারূপে থাকেন, তা হ'লেই বা দেহের মধ্যে থাকাব দরকাব কি ? তিনি দেহেব বাইবে থেকেও ত প্রকৃতিব কাজ সব দেখতে পাবেন্। যে হেতু আত্মাই ঈশ্বৰ, স্মৃতবাং তিনি সর্বাদশী তাব দৃষ্টিব অবনোগত কোথাও নাই।

গুরু। ঈশ্ববেৰ দৃষ্টিৰ অৰবোৰ কোথাও নাই বটে, কিন্তু প্রয়োজন বশত:ই তিনি দেহেৰ মধ্যে আত্মাৰূপে অবস্থান কৰেন।

[শয়া। পেয়োজনটা কি ।

প্রক। আচ্চা, বল দেখি একটা নতুন ঘড়ী বাজার থেকে কিনে এনে বৈঠকখানায় টাছিয়ে বাখলে কি সময় দেবে ? শিখা। কি ক'রে সময় দেবে গ

গুরু। কেন দেবেনা? নতুন ঘড়া কল কারথানা সব ঝক্ ঝক্ কব্ছে, সময় দেবে না কেন ?

শিশ্য। ঘডীতে দম্নাদিলে কি কথন সময় দেয় ?

শুল লে কছু পাওয়া বায় না, কেবল কায়েতে প্রকাশ পায়। আত্মাবও তেম্নি কোন আকাব নাই, খুললে কিছু পাওয়া বায় না, কেবল কায়েতে প্রকাশ পায়। আত্মাবও তেম্নি কোন আকাব নাই, খুললে কিছু পাওয়া বায় না, কেবল কার্যাতে প্রকাশ পান। ঘড়ীর বেমন সব কল কার্থানা মজ্ত থাক্লেও এক দম্ ভিন্ন অচল হয়, শবীবেও তেম্নি কল কার্থানা ক্প য়য়াদি মজ্ত থাক্লেও এক আত্মা ভিন্ন অচল হয়। আত্মার অধিষ্ঠান হেতুই শারীরিক প্রাক্ষতিক কাল সব চ'লে থাকে। অন্তথায় সব একবারে বয় হ'য়ে বায়। দেহের মধ্যে আত্মার অধিষ্ঠান হেতুই ভূতগণ জীবিত থাকে, কিছু আত্মাব অন্ধিষ্ঠানে সেই মৃতদেহ জভবৎ প'ড়ে থাকে। এখন বুঝে দেখ শবীবের মধ্যে আত্মাব অধিষ্ঠানের কি প্রয়োজন।

শিশ্ব। আপনি বল্ছেন যে, আআ দেহেব মধ্যে নিজিয় নিলিপ্তভাবে অবস্থান কব্ছেন, আবাৰ বলছেন্ থে, আআ হতন্ধণ দেহেব মধ্যে দ্রষ্টারূপে অবস্থান কব্ছেন, ততক্ষণই প্রাকৃতিক কাজ সব চ'লে থাকে, এবং প্রেকৃতিই যে সব কব্ছেন তাও পূর্কে ব'লেছেন। এ কথায় কিন্তু আমার বড় ধাধা লাগুছে। এখন প্রকৃত কর্তা কে তাই আমাকে বলুন।

গুরা। ঈশ্বর অর্থাৎ আত্মাই একমাত্র সর্বাময় কর্ত্তা, স্কৃতবাং তিনিই সব কব্ছেন, কিন্তু প্রকৃতিব আডালে থেকে।

শিশ্য। প্রকৃতিব আডালে থেকে কি বকমে সব কব্ছেন বুঝ্তে পাবলাম না।

গুরু। যেমন একটা হাড়ীতে জল চ'ডেরে, তাতে চা'ল, ডা'ল,

আলু পটল প্রস্তৃতি ছেডে দিখে হাঁডীব তলার জাল দিলে ক্রমে জল ফু'টে ওঠে, তখন ঐ চা'ল ডাল ইত্যাদি ইাড়ীব মধ্যে মহা বেগে আন্দোলন ক'বে খু'বে বেডার, কিন্তু হাডীব তলাব জালটা টেনে নিলেই অম্নিসব স্থিব হ'রে বার। বেমন আগুণেব আশ্রম হেতু হাডীব মধ্যস্থ পদার্থ সব ক্রিয়াশীল হয়, এবং ঐ আশ্রম্যব অভাব হ'লেই সব স্থিব ই'য়ে যায়। তেম্নি আখাব আশ্রম হেতু প্রকৃতিও ক্রিয়াশীলা হন্ এবং ডাব অন্ধিগ্রানে প্রকৃতি স্থিব হয়ে যান।

শিষ্য। আত্মাই ষথন কর্তা এবং তিনি তাঁব প্রকৃতিব দাবার সব কাজ কবিয়ে থাকেন, এখন তিনি নিজ্জিগ, নির্নিপ্ত হ'তে পাবেন কি ক'বে ? আমবাও ত আমাদেব শক্তি দাবা কাজ কবিয়ে থাকি।

গুক। আছা অর্থাৎ প্রমাত্মা বাহুতঃ নিজ্মিরই বটেন, সাক্ষাৎ সম্বন্ধে কোন কাজেই হস্তক্ষেপ কবেন না। তবে তাঁব শুদ্ধ সক্ষয় হেতু কোন কাজেব জন্ত ইচ্ছা কবা মাত্রই তৎক্ষণাৎ সেই কাজ আপনিই সম্পন্ন হয়। ইচ্ছা, শক্তি বা প্রকৃতি একই জিনিস। ইচ্ছা মাত্র কার্য্য সম্পন্ন হয় ব'লে তাব একটা নাম ইচ্ছাময়। জগবান অসীম প্রশ্বর্যশালা ও ক্ষমতাশালী, এবং অবটন ঘটনাকাবা। আমাদের মত কম্মেক্রিয়েব দ্বাবার তাকে কোন কাজ কবতে হর না, এবং সেইজ্ঞা তাকে বাহাতঃ নিলিপ্তই দেখার।

শিশ্ব। বড আশ্চর্যা কপা। ভগবানেব ইচ্ছাতেই সব কাজ সম্পন্ন হয় ?

ক্ষিত্রক। আশ্চর্যা ত বটেই। ভগবানেব সকল বিষয়ই আশ্চর্যাজনক,
এবং তিনি নিজেও আশ্চর্যাময়। ভগবান ১১শ অধ্যায়েব ৮ম্ লোকার্ছে
ভাই ব'লেছেন যে, "দিবাল দদানি তে চক্ষ্ণপ্ত মে বোগমৈশ্বম্"। হে
ভার্জুন। ভোমাকে আনে দিবা চক্ দিছি, (কেননা, ভোমাক চক্ষে তুমি
দেখতে পাবে না) স্থানাৰ অসাধাবৰ বোগেশ্যা অর্থাৎ অবটন ঘটনা সাম্প্রা

দেখ। সে ত অনেক দুবের কথা, জগতে তাঁব স্পৃষ্ট পদার্থেই যথন তাঁর সেই শক্তি বিকাশ পায়. তিনি সেই শক্তিব পূর্ণাধার, তথন তাঁব সহন্ধে কি আর কোন কথা আছে ? বিশ্বহ্মাণ্ড ত তাঁখেকেই উৎপন্ন হ'য়েছে। তাঁতে যা আছে বিশ্বেও তাই আছে, তবে আংশিকরূপে।

শিশ্য। জগতের কোন্ পদার্থে ভগবানেব সেই নিলিপ্ত থেকে কাজ করার শক্তি প্রকাশ পায় ৪

শুরু। কেন ইছক লোহা। চুম্বকথানা এক স্থানেই প'ড়ে থাকে কিন্তু দূব থেকে ছুই প্রভৃতি লোহার জিনিস টকাটক্ এসে তাতে লাগে। চুম্বক কিন্তু নডে চড়ে না, অথচ আকর্ষণের কাজটা চুম্বকই কবছে। চুম্বক যেমন না ন'ডে আকর্ষণের কাজ করে, জমারও তেম্নি না ন'ডে বিশ্বপ্রমাণ্ডেব যাবতীয় কাজ কবেন। তিনি বাহুতঃ নির্লিপ্ত থেকে তাঁব শক্তি বা প্রকৃতিব দ্বাবার বে সব কাজ কবাচ্ছেন গীতাব ১ম্ অধ্যায়ের ১০ম্ শ্লোকে তাই ব'লেছেন যে,

ময়াধ্যক্ষেণ প্রকৃতি সূযতে সচরাচরম্। হেতুনালেন কৌন্তেয় জগদিপরিবর্ততে॥

হে কোন্ডেয়। প্রকৃতি আমাব অধিষ্ঠান মাত্র লাভ ক'রে অর্থাৎ আমাকে আশ্রম ক'রে, এই সচবাচর বিশ্ব প্রসব ক'বছেন। তাব মানে ক্ষিক'বছেন এবং আমাব অধিষ্ঠান অর্থাৎ আশ্রম হেতুই এই জগৎ পুনঃ পুনঃ উৎপন্ন হচ্ছে। তাহ'লেই দেখ প্রকৃতি সব ক'বছেন বটে, কিন্তু ঈশ্বরের নিয়োগ ক্রমে এবং তাঁকে আশ্রম করেই সব ক'বছেন।

শিষ্য। ঈশবের এখর্ষ্য ক্ষমতাদি মনে ধাবণ ক'রতে পাবা যায় না, প্রকাশ করাত দুরের কথা। গুরু। সেই জন্মই ত তিনি অচিন্তা, অব্যক্ত, অনন্ত এবং অসীম। তিনি পলকে কোটা কোটা ব্রহ্মাণ্ডেব সৃষ্টি প্রবন্ধ কবতে পাবেন।

শিশু। তা সম্পূর্ণ সতা। আচ্ছা, তর্গবানের স্পৃষ্টির কোন ইতিহাস পাওয়া যায় না ?

শুক। না—তা পাওয়া যায় না। কবে এবং কি প্রণালীতে মে তিনি স্টে ক'বলেন, তাব কোন ইতিহাস পাওয়াব সন্তাবনা নাই। লোকে ঘটনা দেখে ইতিহাস লেখে, ঈশ্ববেব স্টে ত কেও দেখেনি, স্থতবাং ইতিহাস হবে কি ক'বে ? কেন না, তিনি অবিনাশা, অনাদি ও অনস্ত। ম্থন এই স্টেব নামগন্ত ছিল না কেবল এব প্রমালাই ছিলেন, তথন তিনি স্টে ক'বলেন, কাজেই সেই সময়ে দর্শক ত ছিল না মে ইতিহাস লিখ্বে ? তা ছাড়া, ঈশ্ববেব কোন কাজেই মানুমেব বোধগম্য নয়। ঈশ্ব যাদ ইন্দ্রিয় প্রান্থ স্থল পদার্থ হ'তেন, তাহ'লে লোকে তাঁব কাষ্যপ্রণালীব বহন্ত বুঝাতে পাবত, এবং তাকেও জান্তে পাবত। সেই ক্যা তিনি গীতাব ১০ন্ অধ্যায়েব ২য় শ্লোকে ব'লেছেন যে

ন মে বিহ্নঃ স্থবগণা প্রভবং ন মহর্ষয়। অহসাাদহি দেবাণাং মহর্ষীণাঞ্চ সর্ববশ ॥

হে অজুন। দেবগণ ও মহবিগণও থামাব প্রভাব জানেন না জর্থাৎ
আমাকে জানেন না। বেংভু, আমি তাঁদেব আদি ও উৎপত্তিব কাবণ।
যদি বল সপ্ত থাষি আগে স্পষ্ট ক'বেছেন ফুতবাং সেহ থাষ্যা স্পৃষ্টিব তত্ত্ব
আনেকটা জ্ঞাত হ'য়েছেন। না—খ্যবিবাও জানেন না। থাষ্য ত থাষ্য,
ব্রহ্মা বথন স্পৃষ্ট হ'লেন তখন ভিনি কিছুই বৃধ্তে না পেবে আকাশ
পাতাল ভাব্তে নাগলেন। তাবপ্য ভগ্বান ক্রপা ক'বে যখন নিজেকে
জানালেন এবং উপদেশ দিবেন তথ্ন ব্রদ্ধা তপ্তা ক'বড়ে লাগলেন।

যিনিই হ'ন না কেন, ভগবানকে সমাক্ প্রকারে কেইই জানেন না।
স্করাং তাঁব কার্যের ইতিহাস হ'তে গাবে না। তবে ভগবান প্রয়োজন
বিশেষের জন্ত অবভাবনপে অবভার্ণ হরে, কার্য্যক্ষেত্রে উপস্থিত থেকে
বখন কাঞ্জ সম্পন্ন কবেন, তখন অবশ্য লৌকিক বা অলৌকিক যা কিছু
ঘটনা বটে, তা লোকে দেখুতে পার, এবং তাব বিববণও পুরাণাদিতে
বর্ণিত আছে।

শিয়া। কেন? পুবাণাদিতে স্ষ্টিতত্ত্ব অর্থাৎ জগতেব স্ষ্টিপ্রাণালী ত লেখা আছে।

গুক। ইা—তা আছে বটে, কিন্তু সেটা চাক্ষ্য্ দেখে লেখা নন্ধ। ঐ সব লিখিত বিষয় সাধন-লব্ধ জ্ঞানেব সাংগ্যা লিখিত। আমি স্বীকাৰ করি যে দেবতা ও সংযিগা ভগবানেব আলোকিক কার্যা প্রত্যক্ষ ব'বতে পাবেন, কিন্তু ষথন আদৌ স্পষ্ট হয়নি, ভগবান একাকীই ছিলেন, এমন অবস্থায় স্পষ্ট ক'বলেন তথন অন্ত দশক কৈ গ কেননা, আব ত দ্বিতার পদার্গ ছিল না। সেই জন্ত ব'গছি প্রাণাদি লিখিত স্প্টিত্ত্ব অপবোস্বায়-ভূতিব সাহায্যে লিখিত। তবে আদিন বাজাদেব বংশাবলী ও তৎকানীন সামাজিক তত্ত্ব যা প্রাণাদিতে পাওন্ধা যান্ত্ব, তা অবশ্ব দেখে লেখা, স্থতবাং সে সব হতিহাস বটে।

শিশ্য। ভগধানের অবভাবের সমগ্ন প্রাণাদি কল্পিত লালার মধ্যে ধদি কোন প্রলোকিক ঘটনা ঘ'টে থাকে, তাই শোনবার জগু আমার বিজ কৌতুহল ভক্তে। আপনি দধা ক'বে সে সম্বন্ধে যদি কিছু বলেন, ভাহ'লে বভ আনন্দ পাই।

গুৰু। পুরাণাদিতে ভগবানের সকল অবতাবেবই অলোকিক ঘটনার উল্লেখ আছে। ভগবানের ব্রুলীলাব সময়ে একদিনকাব একটা ঘটনা বলি শোন। একদিন ভগবান রাখালদের সঙ্গে গোচারণের মাঠে আছেন,

এবং এক জার্মায় সকলকে নিয়ে ব'লে খাওয়া দাওয়া করছেন: গঞ্চ বাছুর সব দূরে দূবে জঙ্গলে চ'বে বেডাচ্ছে। ইতিমধ্যে ব্রহ্মা ভগবানকে পৰীক্ষা কৰবাৰ জ্বন্ত, গৰু ৰাছুৰ সৰ হৰণ ক'বে যোগ নিদ্ৰায় শুইয়ে দিলেন। এদিকে রাখালেরা খেতে খেতে দূবে আব একটাও গক বাছুব না দেখুতে পেয়ে মনে সন্দেহ ছওয়াতে ভগবানকে বলুলে যে ভাই কানাই। গরু বাছুর ত আব একটাও দেখা যাছে না, আমবা দেখে আসি কোথা গেল। অন্তর্যামী ভগবান ব্রন্ধাকে নিভেব পবিচয় দেবার জন্ম. তিনি বাধানদের বন্তান যে, তোমবা ভাই স্বাই থাও, আমি একলাই দেখে আস্ছি। এই ব'লে ভগবান ষেমন সেখান থেকে উ'ঠে দেখুতে গিয়ে-ছেন, আরু অমনি ব্রহ্মা বাধালগণকে হরণ ক'বে ধোগ নিজায় শুইয়ে দিলেন। ভগৰান ফিরে এসে দেখলেন বাখালগণও হত হ'য়েছে। তখন তিনি একটু হেঁদে তনুহুর্তেতেই ঠিক সেই গন্ধ বাছুর, বাথালগণকে স্ষষ্টি ক'বে আবাব সেই রকম লীলা কর্তে লাগ্লেন। তাবপর ব্রহা এক বৎসব বাদ এসে গরু বাছুর রাখালগণকে ফিরিয়ে দিয়ে ভগবানের স্তব স্তুতি ক'বতে লাগলেন ইত্যাদি। যিনি পলকে কোটা কোটা ব্ৰহ্মাণ্ড স্ষষ্টি 🕏 বৃতে পারেন, তাঁর পক্ষে এই গরু বাছুর কি রাধালগণ সৃষ্টি অতি সামান্ত কাজ। পবস্ত সামান্ত কাজই বৃহৎ কাজের পরিচায়ক।

শিশু। ভগবান বা হাতেব কেনে আঙ্গুলে সাতদিন সাতবাত ক্রমান্তরে গোবর্দ্ধন পাহাড় ধারণ ক'বে ব্রজবাসীদেব ঝড়বৃষ্টি থেকে রক্ষা ক'রে-ছিলেন শুন্তে পাই। এটাও ত একটা অলোকিক ঘটনা।

গুরু। হাঁ, অলৌকিক ঘটনা ত বটেই। গার ইচ্ছার এই বিশ্বের মধ্যে কোটা ক্ষুেটা পৃথিবা, চক্ত, স্থা, এই নক্ষতাদি আবহমানকাল আকাশমার্গে শ্স্তে ঘুরে বেড়াচ্ছে, তার ইচ্ছার যে একটা ছোট পাহাড সাত দিন সাত রাত শুন্তে পাড়া থাকবে সেটা আব আশ্চর্যা কি ? লোককে দেখাবার জন্ম আঙ্গুল ঠেকিয়ে রেখেছিলেন বটে, কিন্তু তার ইচ্ছাতেই পাহাড শৃন্মে ছিল।

শিয়। আজা ই।, এখন আমি বুঝতে পারছি বে,ভগবানেব ইচ্ছায় নাহয় এমন কাজই নাই। এখন আমাব আগেকাব সংশন্তেব মীমাংসা ককন।

গুৰু। আজ থাক্ আবাব কা'ল হবে।

তৃতীয় দিন।

গুরু ৷ তুমি ষে কাল ব'লছিলে আগেকাৰ সংশন্ন মেটাবাব কথা, সে সংশন্নটা কি গ

শিষ্য। আত্মা ভৃতগণের দেহেতে নিজ্জির, নির্নিপ্ত ও নিবিবকাব ভাবে অবস্থান কব্ছেন বল্লেন। আমি কিন্তু তাব কিছুই ধারণা কবতে পাচ্ছিনা। আত্মা দেহেব মধ্যে সমস্ত বৃত্তি ও ইব্রিরাদিব সজে সর্কান। জাভিত থেকেও ধে কি ক'বে নির্নিপ্ত হ'তে পারেন তাই ভাবছি।

গুরু। কেন ? সেদিন ত তোমাকে ব'লেছি যে, আআ আকাশেব মত নির্নিপ্ত থাকেন। যেনন আকাশ সকল পদার্থে এবস্থান ক'বেও কোন পদার্থ দ্বাবা উপণিপ্ত হয় না, তেমনি আত্মা ভূত সকলেব দেহেতে অবস্থান ক বেও দৈহিক পাপ পুণা কি দোব গুণ দ্বাবা উপলিপ্ত হন না।

শিশ্ব। আগ্রা দেহেব মধ্যে নিলিপ্ত ভাবে পাকেন, এমন কি দৈছিক পাপ পুণোব দ্বাবাও উপলিপ্ত হন ন।। প্রাকৃতিক কার্য্যেব ড্রন্টার স্থায় অবস্থান কব্ছেন, আপনি ব'লছেন। তবে কি কেবল প্রকৃতির কাজ দেখবাব জন্মই ভূতগণেব দেহেতে বাস কবেন।

শুরু। স্মান্তা কেন বে দেহেৰ মধ্যে থাকেন, তা ভগবান গীতার ১৩শ অধ্যায়েব ৩৩শ স্লোকে ব'লেছেন যে,

যথা প্রকাশয়ত্যেক কৃৎস্নং লোকমিমং ববিঃ। ক্ষেত্রং ক্ষেত্রা তথা কৃৎস্নং প্রকাশয়তি ভারত॥

হে ভাৰত। যেমন একমাত্র হুৰ্যাই সমগ্র বিশ্বকৈ প্রকাশ করে,

তেমনি একমাত্র আত্মাই দেগ্ৰূপী ক্ষেত্রকে প্রকাশ কবেন, অর্থাৎ জীবিত রাখেন।

শিশ্য। আআ যে নির্শিপ্ত নির্শ্বিকাব অবস্থায় থাকেন ব'লছেন, আপনাব এই কথায় কিন্তু আমাব সংশ্ব বাচ্ছে না।

গুক। এব আবার সংশয়টা কি १

শিশ্ব। আত্মা যদি নির্দিপ নির্বিকাব ভাবেই ভূতগণের দেহেতে থাকেন, ভাহ'লে তিনি প্রাণীগণেব স্থ হঃবেব কাবণ বশতঃ হর্ষ বিষাদেব অধীন চন কেন ?

শুবা। স্থ গুংখাদি অনুভবেব কাবণ হচ্ছে অহংকার। অহং জ্ঞানেব অভিমানে জীবকে ক্থ গুংখাদি বোধ কবাৰ, আমি স্থী, আমি গুংগা ইতাাদি। এই অনুভবেব সঙ্গে আআর কোন সম্বন্ধ নাই। প্রাকৃতিক মবিলাজনিত অহং জ্ঞানেব বৃদ্ধিতে জীবকে ঐ বকম মনুভব কবায়। কারণ সাদাবণ অজ্ঞান লোক নিজেকে (আআকে , জান্তে না পেবে প্রকৃতি প্রস্ত স্থুন দেহটাকেই আমি সাবাস্ত্র কবে। কাজেই তা'বা স্থুখ গুংথেব লখাম হ'য়ে হর্ব শোকাদি অনুভব কবে। বাস্তবিক পক্ষে, আআতে স্থুখ গুংখাদি কিছু স্পর্শ হয় না। আত্রা কোন ভাবেবই অধীন নন্, তিনি সর্বাধা সচিচদানক স্থুক্পে শ্রীয় স্বভাবেই অবস্থান কবেন। আত্রা কাবও সঙ্গে মেশেন না ব'লে শ্রুতি ব'লচ্ছেন যে, "অসাদাহয়ং পুক্ষঃ।"

শিশ্য। আত্মা যে সর্বাধা সচিচদানন স্বৰূপে স্বায় স্থভাবেই থাকেন তাব কোন প্রমাণ পাওয়াব উপান্ধ নাই, স্কুতবাং আপুনি ধা ব'লছেন তাই মেনে নিতে হবে।

গুৰু। না—তোমাকে কেবল আমাব কথায় মেনে নিতে বল্ছি না। আত্মাব সচিচদানন স্বৰূপ অবস্থা জাবেতে সকলা প্ৰকাশ পাচেছ। শিশ্য। কিসে বে দে ভাব প্রকাশ পাচ্ছে, আমি ৩ তার কিছুই বুরুতে পাচ্ছি না।

প্তরু। আচ্ছা, আমি বলি শোন এবং মনে বিচার ক'বে দেখ তাহ'লে ব্রুতে পারবে। সচিদানন্দ শব্দেব মানে আগে বোঝা, তা'হলে সেই সচিদানন্দেব ভাব লোকেতে যে প্রকাশ পাচ্ছে তাও বুঝাতে পার্বে। সং মানে আবনাশী, অর্থাৎ বাব কথন নাশ নাই। চিৎ মানে জ্ঞান, অর্থাৎ অজ্ঞান বাঁকে স্পর্শ কর্তেও পাবে না, এবং আনন্দ মানে নিবতিশয় স্থা, অর্থাৎ বিকাব বহিত স্থা। এই তিনটা অবস্থা প্রমাণ আতে পূর্ণ মাত্রায় বর্ত্তমান আছে ব'লে, তাঁকে সচিদানন্দ প্রুষ বলে। এমন কি কোন দেবতাবও এই সচিদানন্দ অবস্থা নাই। প্রমাত্রা ও জীবাত্মা ছইই এক, কেবল নামের বিভিন্নতা মাত্রা, স্থতবাং জীবাত্মাতে এই তিনটা ভাবই পূর্ণ মাত্রায় বর্ত্তমান আছে, এবং গোকেতে সে ভাব প্রকাশপ্র পাচ্ছে।

শিয়। এখন কিসে যে সেভাবে লোকে প্রকাশ পাচছে, সেইটা স্থান্বার সন্ত আমাব বড় কৌভূহল হ'চ্ছে।

গুক। তা শোন। দেখ, শত শত লোক মব্ছে, তা সকল লোকেই দেখ্ছে, কিন্তু কেও কথন ভাবে যে আমি মর্ব ? একথা আদৌ কারও মনে উদয় হয় না, উদয় হলেও মনে ধারণা হয় না। এইটাতে জীবাত্মার সংএর ভাব অর্থাৎ অবিনাশীতাব ভাব প্রকাশ পাছে। লোক যতই কেন জ্ঞজান কিয়া মূর্গ হ'ক না, সে কথনই মনে কবে না যে, অস্তাপেক্ষা সে কম ব্রো। সকলের চেয়ে আমি বেশী বৃঝি এবং আমাব জ্ঞান বেশী এ ধারণা সকলেব মনেই আছে। এইটাতে চিৎ অর্থাৎ জ্ঞানের ভাব প্রকাশ পাছে। আর জীব সর্মান আনন্দ অর্থাৎ স্থেবে প্রয়াসী। এমন কি দশার ফেরে ত্র্থ না ঘটলেও লোক মনে মনে স্থা কল্পনা কবেও

আনন্দামূভব কৰে। এইটাতে আনন্দেব ভাব প্ৰকাশ পাচছে। এখন বুবে দেখ, জীবাত্মাৰ সচিদানন ভাব জীবেতে প্ৰকাশ পাচছে কি না।

শিশ্য। আজা হা বুর্লাম। পবস্ত স্থা ছংখাদি যদি কিছুই আআছ স্পর্শনা হয়, তাহ'লে হর্ষ বিষাদাদিতে আত্মাব অবস্থান্তর অর্থাৎ তাঁকে বিকাৰগ্রন্থ দেখায় কেন ?

গুয়া। আখাব আবাব বিকাৰ কি ?

শিয়। আত্মা হর্ষ বিবাদাদিযুক্ত না হ'লে লোকেব মুখ দেখে কি ক'বে জান্তে পারা বার যে ইনি স্থা ইনি হঃখী ইত্যাদি ? লোকেব মুখ দেখেই আত্মাব অবস্থা জান্তে পাবা বার। কাবেণ, মুখমণ্ডল আত্মার দর্পণ স্বরূপ কেন না, মুখেতেই তার প্রতিবিদ্ধ পড়ে। আত্মা হর্ষ ভাব প্রাপ্ত হ'লে মুখমণ্ডল প্রফুল হর, সহাস্তবদন হয়, মুখমণ্ডলেব বর্ণ উজ্জ্বল হয়, এবং চক্ষ্র্র আনন্দ জ্যোতিতে পূর্ণ হয়। সেই আত্মা আবাব বিবাদ ভাবপ্রাপ্ত হ'লে, মুখমণ্ডল গ্রান হয়ে বার , মুখমর বেন কালি মাথিয়ে দেয়, চোথ হুটা হঃধাশ্রভাবাক্রান্ত হয়। এতেই ত আত্মার ভাবান্তর লক্ষিত হ'চেছ। আত্মার ভাবেব পবিবর্ত্তন না হ'লে লোকের মুখের ভাবের কখনই পরিবর্ত্তন হয় না।

গুরু। বাস্তবিক, হর্ষ বিমাদাদি কিছুই আত্মাতে সংস্পর্শ হয় না, তত্রাচ আত্মাকে প্রফুলিত অপবা বিমাদিত দেখায়। তার কাবণ এই যে, অবিচাজনিত অহংকারের বশবতী হওয়াতে, জীব অধ্যাস বশতঃ হর্ষ বিমাদাদিব প্রতিবিধ আত্মায় প্রতিকলিত হ'তে দেখে, কাজেই দে ভাব মুখ্মগুলে প্রকাশ পায়, স্বতরাং আত্মাকেও তদনুবাপে দেখায়। যেমন একটী কটিক পাত্রের নিকট যে বঙ্গের বস্তু ধরা বায়, তথন ঐ ক্ষটিক পাত্রিকৈ সেই বং বিশিষ্ট দেখায়। পরস্ত ঐ ক্ষটিক পাত্রেব সহিত উক্ত রক্ষিন বস্তুব আদৌ সংস্পর্শ নাই, মধ্যে কিছু ব্যবধান মাছেই, অপচ সাদা পাত্র

টীকে রঙ্গিন দেখায়। কারণ, বঙ্গিন বস্তুটীৰ প্রতিবিশ্ব পাত্রে পড়ে। তেম্নি অবিভাগীন জীব অধ্যাস বশতঃ হর্ব শোকাদিব প্রতিবিদ্ধ আত্মায় দেখে থাকে, ফলতঃ আত্মা বিন্দুমাঞ্জ বিকাব প্রাপ্ত হন্না, প্রতবাং তজ্জ-নিত কোন বক্ম বিকার্জ উৎপন্ন হয় না।

শিষ্য। দেহাদি জড পদার্থেব ক্রিয়া আত্মায় স্পান হয় না। যেমন শরীবে জব হ'লে ভজ্জনিত উত্তাপ আত্মায় লাগেনা, আপনি এই ব'লছেন। কিন্তু কোন কোন স্থলে এমনও দেখা যায় যে, পদার্থের প্রস্পুর্ব সংস্পূর্ণ না হ'লেও গুল দ্বাবা ব্যাপ্ত হ'য়ে পদার্থ বিকাব প্রাপ্ত হয়। যেমন কডাইতে পায়েম পাক হয়। আগুল কেবল বড়াইকেই স্পান কবে. কিন্তু ভাতেই চা'ল সিদ্ধ হয় এবং হয় ঘন হ'য়ে পায়েমে পবিণত হয়। আগুল সংস্পূর্ণ না হ'য়েও হয় যেমন বিকাব প্রাপ্ত হ'বে পায়েমে পবিণত হয়, তেমনি শার্বাবিক ক্রিয়া আত্মায় সংস্পৃশ না হ'লেও ভাব বিকাব প্রাপ্তিব সম্ভাবনা দেখা বাছেছ।

গুক। হা, বডাইতে পারেস পাক কবলে, এধাদি অগ্নি সংস্পর্ণ না হ'রেও বিকাব প্রাপ্ত হয় বটে, কিন্তু শাবীরিক ক্রিয়ার দ্বাবা আত্মা সেরপে বিকাব প্রাপ্ত হন্ না। তার কারণ, সমধর্মী পদার্থেই পবস্পব গুণের ও কম্মের সম্বন্ধ থাকে, কিন্তু বিষমধর্মী পদার্থে সে সম্বন্ধ থাক্ত পারেনা। সেইজন্ত দৈহিক ঘটনায় আত্মাব কোন সম্বন্ধ ঘটতে পারে না। কেননা, আত্মা ফ্র্মাদিপি ক্রম একমাত্র অবিনাদী সত্য পদার্থ। আব মারাসন্ত্ত ভূতাদি জগৎ প্রপঞ্চ যাবতীয় পদার্থই নাশনি । অর্থাৎ মিথাা। এখন সত্য ও মিথা পদার্থে কি কবে এক হ'তে পারে গ তাব মানে এক গুণের অধীন হ'রে ক্রিয়া জনিত বিকরে প্রাপ্ত হ'তে পাবে গ

াশস্য। জগৎ মিখাা কিনে গু ভগৎ পর্মাস্থা থেকেই ত উৎপর হ'ড়েছে। পর্মাত্মা কারণ আব জগৎ তাব কার্যা। ভগৎ ও পর্মান আতে ধর্মন কার্য্য কারণ সম্বন্ধ, তশ্বন জগৎ মিণ্যা হয় কিসে ৷ বেমন মাটা কারণ ঘট তার কার্য্য, ঘট কি মিণ্যা ?

শুক । তুমি মার্টা ও ঘটেব যে উদাহরণ দিছে সেই উদাহরণেই তোমাকে আমি বোঝাছি। আগে মিথা। শব্দেব মানে বোঝ, তাহ'লে এই বিষয়টা বুঝাত পাবৰে। এখানে মিথা। মানে যাব চিবদিন অস্তিম্ব থাকে না অর্থাৎ যা নাশশীল পদার্থ ভাই মিথা।। জগৎ নাই ব'লে যে মিথা। তা নয়, জগৎ আছে সত্য কিন্তু থাক্বে না। এখন তোমার উদাহরণের কথাই ধয়। ঘটয়পী কার্য্য নই হ'য়ে য়য়, কিন্তু মার্টা সে তার কারণ সে'টা থাকে। পবমাঝা ও জগতে কার্য্য কারণ সম্বদ্ধ স্থুল ও কৃল্মাক্ষুবাপী কাবণই স্থুলকাপী কার্য্যে পবিণত হয়েছে। ফ্ল্মাদিণি ক্ষু পবমাঝা কাবণ স্থুল জগৎ তাব কার্য্য। এই মায়া প্রপঞ্চ জগৎ থাকবে না
ব'লে একে মিথা। বলে। সেই জন্ত তক্জানী পুরুষেব নিকট জাগতিক
সমন্ত বিষয়ই মিথা। ব'লে প্রতীয়মান হয়। যিনি সত্যকে জেনেছেন
ভিনিই কেবল মিথাকে জান্তে পারেন। নইলে সত্য মিথা। বাছ্বেন কি
করে প একমাত্র সভ্য যে আত্মা ভক্জানী পুক্ষ তাঁকেই জেনেছেন;
স্থুতরাং স্থুথ ত্বংখ ভাল মন্দ ও জগতেব কোন ঘটনাতেই কিছু আসে যায়
না। অর্থাৎ স্থুথ ত্বংখাদি কিছুতেই তিনি অভিকৃত হন্ না।

শিশ্ব। তাহ'লে স্থ তৃঃথ অন্বভবে আদেনা এমন মানুষও আছেন ?
প্রক। নিশ্চয় আছেন। যিনি তবজ্ঞানী অর্থাৎ যে মহাত্মা
আআকে জেনেছেন্, তিনি দেখেন যে, প্রকৃতির ছারায় সব কাজ হচ্ছে,
আমাব (আআব) সঙ্গে কর্মের কোন সংশ্রধ নাই, স্বতরাং কোন স্বার্থও
নাই। কাজে কাজেই তিনি সকল অবস্থাতেই নির্ধিকার চিত্তে অবস্থান
করেন। ভগবান গীতার ৫ ম অধ্যায়েব ১৩ শ শ্লোকে ব'লেছেন যে.

সর্বব কর্মাণি মনসা সংস্কৃত্যান্তে স্থংবশী। নবদারে পুবে দেহী নৈব কুর্ববন ন কারয়ণ্॥

তথ্যজানী পুক্ৰ মনে মনে সকল কৰ্ম্মের কণ্ট্রাভিমান ত্যাগ ক'বে নবধার বিশিষ্ট দেহপুৰে স্থাপে অবস্থান করেন। তিনি স্বয়ং কোন কর্মে প্রবৃত্ত হন না এবং অন্তর্জেও প্রবৃত্ত ক্রেন না।

শিশ্য। কোন গ্ৰহনা উপস্থিত হ'লে মনকে অবিচলিত রাখা আমাব অশন্তব ব'লে মনে হয়। তত্মজানী পুক্ষেবা যে কি ক'বে অবিচলিত থাকেন পামি তাই ভাবছি।

শুক। অধিকাবী পুক্ষরে পক্ষে মন অবিচলিত বাণা কিছুমাত্র অসম্ভব নয়। কর্মেব সঙ্গে আমার কোন সংশ্রব নাই মনে এই ধারণাটী দৃঢ় হ'লে, অর্থাৎ এইটা সম্পূর্ণরূপে বিখাস হ'লে, মনে আর কোন গোল খাকে না। লোকের শরীব, স্ত্রী কি সস্তানেব প্রতি নিজেব ব'তে যেমন পূর্ণ বিশ্বাস থাকে, এক্ষেত্রেও ঠিক সেই রকম দৃত বিশ্বাস থাকা চাই। সাধাবণ কথায় তোমাকে বোঝাছি তা হ'লে বৃশ্তে পাব্বে। মনে কর্ম দাওরায় জল্ল্ সাহেবের এল্লাসে একটা সঙ্গীন মোকন্দমা চল্ছে। এখন বাদী ও প্রতিবাদা পঞ্চীয় লোকেবা ঐ মোকন্দমাব ফলাফলেব জন্ম উন্ধিয়ান্তিতে বিচার ফল প্রতীক্ষা কর্ছে। কেন না, এই মোকন্দমার তাদের স্বার্থ জড়িত আছে। পবস্ক, সহবেব অন্তান্থ লোকেরা যে এই মোকন্দমার বিচার দেণ্ডে এসেছে, তাব। কিন্তু নিক্ষন্নিয় মনে দাঁডিয়ে বিচাব দেণ্ছে। বিচাবে বাদীব ন্ধিত হ'ল, স্কৃত্যাং তৎপন্ধীয় লোকেবা মহা আনন্দ কর্তে লাগ্র, এবং সেই সঙ্গে সঙ্গে প্রতিবাদী পক্ষীয় লোকেবা মহা শোকপ্রস্ত হ'ল। কিন্তু সহরেব লোকেবা বাবা দুন্তার্যনে দাঁডিয়ে বিচাব দেশক্র হ'ল। কিন্তু সহরেব লোকেবা বাবা দুন্তার্যনে দাঁডিয়ে বিচাব দেশক্র হ'ল। কিন্তু সহরেব লোকেবা বাবা দুন্তার্যনে দাঁডিয়ে বিচাব দেশক্র হ'ল। কিন্তু সহরেব লোকেবা বাবা দুন্তার্যনে দাঁডিয়ে বিচাব দেশক্র হ'ল। কিন্তু সহরেব লোকেবা বাবা দুন্তার্যনে দাঁডিয়ে বিচাব দেশক্র হ'ল। কিন্তু সহরেব লোকেবা বাবা দুন্তার্যনে দাঁডিয়ে বিচাব দেশক্র হ'ল। কিন্তু সহরেব লোকেবা বাবা দুন্তার্যনে দাঁডিয়ে বিচাব দেশক্রিয় , ভাগেব মনে কোন উন্ধ্যেই নাই। কেন না, পূর্ণ

বিশ্বাদের সহিত তাদের মনে এই দৃচ ধারণা আছে যে, তাদেব সঙ্গে এই মোকলমার কোন সংশ্রব নাই, স্কৃতবাং কোন স্বার্থণ্ড নাই। তারা ষে কেবল এই মোকলমার বিচাব দেখতে এলেছে তাদেব মনের ধারণা তাই থাকে। সহরের লোক বেমন মোকলমা দেখতে এলে, সেই মোকলমাব ফলাফলের জন্ম মনে কোন উদ্বেগ প্রাপ্ত না হ'রে অবিচলিত মনে থাকে, তেম্নি তত্বজ্ঞানীগণ্ড কোন ঘটনাতেই বিচলিত না হ'রে অবিচলিত চিছে অবস্থান করেন। কেননা, পূর্ণ বিশ্বাদের সহিত তাদেব মনে ধারণা থাকে যে, সমন্ত কর্মই প্রকৃতিব সঙ্গে সমন্ত কর্মের সঙ্গেত কলেব সঙ্গে তাদের কোন সংশ্রব নাই স্কৃতবাং স্বার্থণ্ড নাই, তাবা কেবল প্রস্তারূপে থাকেন মাত্র। এখন ভেবে দেখ, বে সাত্রাকে কেনে তত্বজ্ঞানা প্রকৃষেবা কি মহান্ অবস্থা প্রাপ্ত হন আর সেই আত্রা স্কৃষ্ণ করিপে অবস্থান কর্ছেন গ

শিশ্য। জ্ঞানী পুক্ষেব মন কেন যে বিচলিত হয় না এবং জ্ঞানী ও জ্ঞানেতে কি পাৰ্থক্য তা আমি বুঝ্লাম। এখন জীবাত্মা ও প্রমাত্মা সম্বন্ধে আমার যে সংশয় আছে তাই মিটিয়ে দিন।

গুক। তোমাব কি সংশয় বল।

শিষ্য। আপনি সেদিন ব'ল্লেন যে পরমাত্মা কর্ত্তা, আবার ব'ললেন যে আত্মা অর্থাং জীবাত্মাই কর্ত্তা। এখন আমাকে বলুন জীবাত্মা ও পরমাত্মা পৃথক না এক, যদি আলাদা হন তা হ'লে সে পার্থকাই বা কেমন ?

গুক । প্রশ্নটী বডই কঠিন। আসল তত্ত্ব বুঝ তে গেলে অবৈতজ্ঞানের আশ্রম্ম নিতে হয়। পরস্ত, মারাবদ্ধ জীবের পক্ষে অবৈতজ্ঞানেব আশ্রম্ম নিয়ে আসল তত্ত্ব হৃদয়লম কবা এক রক্ম অসম্ভব। সাধারণের পক্ষে বৈতজ্ঞানই অনুকূল। প্রভরাং বৈতজ্ঞানের আশ্রম নিয়ে আপাততঃ এই বিষয়টা বোঝাবার চেষ্টা কর্ছি। তবে অইছতজ্ঞানের আশ্রয় নিয়েও তোমাকে আসল তত্ব বোঝাবার আর একদিন চেষ্টা কর্ব। এখন শোন, জীবাআ ও পরমাত্মা বস্তুত্ব: কোন পার্থকা নাই, তুইই এক। কেবল অবস্থানের পার্থকা হেতু নামের বিভিন্নতা মাত্র। বেমন আবাদের জন্ত গঙ্গা থেকে খাল্ কেটে জল নিয়ে যায়, 'এবং গঙ্গার ফলই খালে যায়, অবাং গঙ্গাও খালের ছই জলই এক, তত্রাচ গঙ্গার গর্ভস্থিত জলকে পোকে গঙ্গাজল বলে, আর খালস্থিত গঙ্গাজলকে খালের জল বলে। তেম্নি পরমাত্মার বে অংশ ভূতগণের দেহে বন্ধাবস্থায় অবস্থান্ কর্ছেন, তাঁকে জাবাআ বলে। আব বে অংশ মুক্তাবস্থায় সচবাচর বিখে ব্যাপ্ত হ'য়ে আছেন্ তাঁকে পরমাত্মা বলে। ভগবান গীতার ১০ম্ অধ্যায়ে বিভৃতি রোগে ব'লেছেন যে, "অহমাত্মা ওভাকেশ সর্ব্ধ ভূতাশর স্থিতঃ" হে আর্জ্মন। আমি ভূতগণের দেহেতে আত্মারূপে অবস্থান কব্ছি। একথা বলার তাৎপর্য্য এই, ভগবান বল্ছেন্ যে, বিখ ব্রন্ধান্ত ব্যেপে আমি ত আছিই, আবাব ভূতগণেও আত্মান্ত্রেপ আছি।

শিষ্য। তবে আৰ অবস্থাৰ পাৰ্থক্য ১'ল কৈ ? তিনিই সচরচেব বিশ্ববোপে আছেন্, এবং ভূতগণেৰ দেহের মধ্যেও আছেন্। তিনি ছাড়াত আর কেই নাই।

গুক। পার্থক্য আছে বৈ কি। বেমন জেলখানান কয়েদী ও জেলের বাহিরের অন্ত লোক। লোকের জেল হ'লে হাতে পায়ে বেডা প'রে জেলখানার বাডীর মধ্যে বাস কবে, কোন স্থানে যাওয়ার বা স্বাধীনভাবে কিছু কর্বান সাধ্য থাকে না, সেই জেলখানার ঘেরা বাডীব মধ্যেই পাক্তে হয়। তথন সেই লোককে সবাই কয়েদী বলে। দেখ একই মানুষ অবস্থা ভেদে বিভিন্ন নাম প্রাপ্ত হচ্ছে। তেমনি এক প্রমান্ত্রাই অবস্থা ভেদে জীবান্ত্রা ও পর্মান্ত্রা ব'লে ক্পিত হন্।

শিষ্য। কম্বেদীকে জেলখানাব বেবা পাঁচালে আটক্ কবে রাখে, কিন্তু জীবাত্মাকে কিসে আটক্ ক'রে রাখে ?

শুক। কর্মফলে আটক্ ক'বে বাপে। মানুষেব কর্মফল শরীরের মধ্যে সুক্ষাবস্থার জীবাআর চারিদিকে মেলেব মত হ'রে বিবে থাকে। যথন জীবাআ দেহত্যাগ করেন, তখন ঐ সকল সুক্ষাবস্থাব কর্মফল জীবাআকে চারিদিকে বেরাও ক'রে কর্মোচিত যোনীতে নিয়ে গিয়ে হাজিব কবে। এই প্রাক্তন অর্থাৎ সুক্ষাবস্থাব কর্মফল জীবাআকে কখনই ত্যাগ ক'রে যার না।

শিশ্য। কর্মফল স্ক্রাবস্থার জীবাত্মার চাবি দিকে যিরে থাকে কেন, এবং জীবাত্মা দেহভ্যাগ কব্লে তাঁকে কর্মোচিত যোনীতে নিরে গিরে হাজিবই বা কবে কেন ?

গুক। ঐ ত অদৃষ্ট। ঐ প্রাক্তন ফল আছে ব'লেই ও জীবাত্মাকে দেহ ধারণ ক'ব্তে হয় অর্থাৎ জন্ম নিতে হয়। কন্মফল জীব স্ষ্টের বীজ স্থকপ। কর্মফল না থাকণে জীবেব জন্মই হয় না। এই কর্ম্মনিক সংস্থার বলে, এবং সেই মংস্কাবানুসারে জীবেব জীবনেব যাবতীয় কাজ হ'য়ে থাকে।

শিখা। আছো, ঐ অনৃষ্ঠ, কৰ্মফল বা সংস্কাব ষাই বনুন, দেগুণি কি আব জীবাআকে কখন ছাড্বে না ? তাকে চিবকালই কি বদ্ধাবস্থায় থাক্তে হবে ?

গুরু। ভোগের দ্বাবা ঐ সংস্কাবগুলি ক্ষম না হ'লে আর জীবাত্মাব ভান নাই। ফলেব আকাজ্জা বেথে কর্ম কর্লে লোকের এই চ্র্দিশা ঘটে, কিন্তু নিদ্ধাম ভাবে কর্ম কর্লে, কম্মফলের অভাব হেতু আর জন্ম হয় না। বীজ না থাক্লে কি আর ফ্সল উৎপন্ন হয় ? লোকে ভব ষন্ত্রণা থেকে মুক্তি পাবে ব'নেই ভগবান গীতাতে নিদ্ধাম কর্মেব এত উপদে দিয়েছেন, এবং প্রশংসাও ক'বেছেন। গীতার ২য় অধ্যায়ের ৪৭শ শ্লোকে ভগবান যেন মাধার দিব্যি দিয়ে ব'লছেন যে,

কর্মণ্যে বাধিকাবস্তে মা ফলেয়ু কদাচন। মা কর্মফল হেতু ভূ মাতে অঙ্গোহস্ত কর্মণি॥

হে অর্জুন। কর্মে তোমাব অধিকার হ'ক অর্থাৎ কর্ম কব, কিন্তু ফলে বেন কদাচ অধিকার না হয়, অর্থাৎ ফল কামনা যেন কদাচ না কর। ভার মানে নিজাম ভাবে কর্ম কর। আর কর্মফল যেন ভোমার কর্মে প্রবৃত্তির হেতু না হয়। অর্থাৎ ফলেব লোভে যেন কর্ম না কর। দেখ, কিশ্বর জীবের কেমন কল্যাণ কামনা ক'বে থাকেন।

শিখা। লোকের কর্মফল, বা সংস্কার কি রকম ভাবে ক্ষয় হয় ?

প্রকর্ত থাকে বা ভাবের গান শুনেছত ? বন্ধটী সাম্নে রাথে, সমস্ত রেকর্জপ্রনি বাঁ দিকে এক জামগায় থাক্ করা থাকে, এবং বে কমথানি বেকর্জের গান শুন্বে সেগুলি মোট বেকর্জ থেকে বেছে নিম্নে আলাদা ক'রে রাখে। যেথানে রেকর্জপ্রনি থাকে সেখানে উপরি উপরি সাজান থাকে। তাবপর ঐ বেছে রাখা রেকর্জের এক এক থানি ক'রে মেদিনে চডায়, এবং খুরে খুরে গান হয়। এই বকম ভাবে বেছে রাখা বেকর্জের সমস্তগুলির গান থতম্ হয়। বাকে জন্ট বলে, সেই ক্লাবস্থার সংস্কার-রূপী কর্মাফলের অবস্থাও ঠিক তাই। প্রাবন্ধ নামক কর্মাফলের রেকর্জ ক্লা ক্রার জন্মই, জীব এই দেহরূপ মেদিন পাম অর্থাৎ জন্ম হয়। গানের রেকর্জ থেমন তিন ভাগে বিভক্ত থাকে, অর্থাৎ নোট রেকর্জ এক জামগার মঙ্গুত থাকে, আব উপস্থিত গানের জন্ম করেবথানি রেকর্জ আন বাছা থাকে, এবং একথানি গানের জন্ম মেদিনে খুরুজে থাকে, সংস্কাররূপী কর্মাফলের রেকর্জও তেমনি তিন ভাগে বিভক্ত, থাকে। সংস্কাররূপী কর্মাফলের রেকর্জও তেমনি তিন ভাগে বিভক্ত, থাকে। সংস্কাররূপী কর্মাফলের রেকর্জও তেমনি তিন ভাগে বিভক্ত, থাকে। সংস্কাররূপী কর্মাফলের রেকর্জও তেমনি তিন ভাগে বিভক্ত,

সঞ্চিত, প্রারন্ধ ও ক্রিম্নমান। বহু জনা জন্মান্তবের সংস্কার যা দেহের মধ্যে মজুত আছে তাকে সঞ্চিত বলে, আর ইহজীবনে ভোগের দ্বারা ক্ষম কববার জন্ত যে ক্য়থানি নির্দিষ্ট রেকর্ড আছে, তাকে প্রাবন্ধ বলে, এবং যে বেকর্ড থানিব কাজ জীবনে উপস্থিত চলছে, তাকে ক্রিম্নমান বলে। গানেব বেকর্ড ও সংস্কাবন্ধপী রেকর্ডে তথাৎ এই যে, গানের রেকর্ড গান হওয়ার পর মজুত থাকে, কিন্তু সংস্কাবন্ধপী রেকর্ড ভোগ হ'লে আর থাকে না, ক্ষয় হ'লে যায়।

শিশ্য। আচ্ছা, লোকেব ধর্মে কি পাপে যে মতি হয়, 'তাও কি সংস্কাবরূপী রেকর্ড অনুসারে হয় ? আবার এমনও দেখা যায় যে, কোন লোক তার জীবনে ববাবর ধর্ম কর্ম করে আস্ছে, শেষে হয়ত বুঢ়ো বয়সে বিশেষ ধারাপ কাজ ক'রে বস্ল, তার কারণ কি ?

শুক। ইা, জীবের পাপ অথবা পুণা কর্মে মতি সংস্থারামুসারেই হ'রে থাকে। তোমার বিতীয় প্রশ্নের উভর, খারাপ রেকর্ডে হাত পড়া। মনে কর, লোকে ব'সে ফনোগ্রাফের গান শুন্ছে ও প্রীত হছে। এমন সময় একথানি খাবাপ রেকর্ড মেসিনে চড়ল, রেকর্ডগুলি উপরি উপরি সাজান থাকে. উ গরকার ভাল রেকর্ডগুলির গান খতম হ'লেই তার পশ্ন খারাপ রেকর্ডে হাত পড়ে। তথন প্রোতারা খারাপ গান শুনে বিরক্তি প্রকাশ কবে এবং গানেরও নিন্দা করে। তেমনি লোকেরও সংস্থাররূপী রেকর্ডের ভালগুলি খতম হ'রে গিয়ে পরে খারাপ রেকর্ডেব কাজ শ্রন্থ হয় এবং লোকে তার সেই রুত কর্ম্মের জন্ত ছিছিক্কাব নিন্দা করে। খারাপ রেকর্ডে হাত পড়েছে সে বেচারা কর্বের কি

শিষ্য। লোকে ইহজীবনে বে কর্ম করে, তার ফল সংস্কার বা অদৃষ্টক্রপে পরজীবনে ভোগ হয়। আছো, ইহজীবনের কর্ম্মদল কি এই জীবনে ভোগ হয় না ৪

গুরু। হা, স্থলবিশেষে ইহজীবনের কর্ম্মল এই জাবনেট ভোগ হ'রে থাকে। ভীত্র পাপ অথবা পুণা কর্ম কব্লে তার ফল এই জীবনেই ভোগ হয়। বেমন জরুবী টেলীগ্রাম। আর আব টেলীগ্রাম্ গুলি প'ড়ে পাকে, সময় মত পাঠায়, কিন্তু জৰুৱী তাব গুলি বেছে নিয়ে তৎক্ষণাৎ পাঠার। যেমন টেণীগ্রামের মধ্যে অক্সান্ত গুলিকে ফেলে বেখে জরুরী গুলি তৎক্ষণাৎ পাঠায় , তেম্নি মানুষের তীব্র পাপ অথবা পুণ্য কর্মেব ফলও অন্তান্ত কম্মফলকে তল্ ফেলে আগে অর্থাৎ এই জাবনেই ভোগ সংসারে দেখেত পাওনা বে, লোকে তীব্র পাপ অথবা পুণা কর্ম কৰ্লে হাতে হাতে তাৰ ফল পায়। আৰু এক বক্ষেও ইহজীবনের কৰ্মফল এই জীবনেই ভোগ হ'মে থাকে। প্ৰাবন্ধ ভোগ থতম্ কৰাত বতদিন লাগে ততদিন লোকেব প্ৰমাণু, অৰ্থাৎ প্ৰাবন্ধ দমস্ত ভূ'গে নিম্নে তবে লোকে দেহত্যাগ কবে। এখন কোন লোকেব প্রকৃতি নিদ্দিষ্ট প্রাবন্ধ ফল নির্দিষ্ট প্রমাযুতে ভোগ হ'রে গেল, কিন্তু ঐ ব্যক্তি থোগাভাাস কি অন্ত কোন সাধনা কবাতে ভাব আযু আবও বাড্ল, তাং'লে তথন তার ভোগ হবে কি ? নিদ্দিষ্ট কমফল ও নিদ্দিষ্ট প্ৰমাযুতে ভোগ হ'ছে গিয়েছে। কাজেই তথন এ জীবনেব কম্মচনে হাত পাড। প্রয় এ রক্ষ ঘটনা কলাচিৎ ঘটে।

শিষা। মানুষেব প্ৰমা। কি বাভে কমে ।

গুৰু। ইা, কমা বিশেষে বাডে এবং কদাবিশেষে কার হ'য়ে ক'মেও যায়।

শিষ্য। আপনি ব'ন্ছেন বে, লোকের ক্লন্ত পাপপুণা কলানুসাবে হব হবে ভোগ হ'রে থাকে। এ কথার কিন্তু আমার মনে বিশেষ দংশর হচ্ছে।

শুরু। সংশয়টা কি ?

শিষা। শোকে পাপাচাবা হ'ন্ধেও স্থব সচ্ছন্দতা যে ভোগ করে এবং ধর্ম পথে থেকেও যে কণ্ঠ পায়, তাতেই মনে হয় যে, সংসাবে বুঝি পাপ পুণোর বিচার নাই।

শুরু। তোমার মনে কি বিষয়েব সংশয় হ'য়েছে সেইটা খুলে বল না।
শিষা। দেখুন, সংসাবে দেখা বায় বে, কোন লোক মহা পাপকর্ম
সব করেও মহাস্থবে কাল কাটাছে ধনে জনে সকল দিকেই স্থবী এবং
শরীবও নীবোগ। আবাব কোন লোক পবম ধার্ম্মিক ও ভগবদ্পবায়ণ,
তাব কিন্তু ছঃখেব দীমা নাই। অয় বয়েব কয়ত আছেই, তায় উপব পুত্র
শোক উপস্থিত হ'ল, আবাব হয়ত বাড়ীখানা পু'ছে গেল। এ বহস্তত
আমি কিছুই বুঝতে পাবছিনা।

গুক। কেন ? এ রহস্তত আমি তোমাকে পূর্বেই ব'লেছি। ঐ পাপাচাবী বাক্তি তাব পূর্বেজন্মেব অর্জিত প্রাময় সংস্কারেব জন্ত এ জ্বমে সে ঐহিক প্রথ ভোগ কর্ছে। আব এ জন্মে সে যে সব পাপ কর্ম করছে, তাব সংস্কারকণী বেকর্ড তৈয়াবি হচ্ছে। কেন না, প্রজন্মে ভোগ হবে।

শিষা। আপনাৰ এই কথাৰ আমাৰ মনে সংশন্ধ আবিও ৰাড্ছে। বে বাক্তি পূণামন্ন সংস্কাৰ নিয়ে জন্মগ্ৰহণ কৰেছে, তাৰ নিশ্চন্নই সংপথে ধৰ্ম কম্মে মতি ১ওয়া উচিত। তা না হ'বে ঠিক তান বিপৰীত হচ্ছে, তবে আৰু পূণামন্ন সংস্কাৰেৰ অৰ্থ।ক ৮

গুরু। ইপর উপর দেখাল সংশয় হয় এটে, কিন্তু বিষয়টো চিন্তা ক'বে দেখালে তার এ বহসা হাদমুদ্দ হয়। মনে কর একজন বাজা খুর ঐথগ্য ভোগ কর্ছেন্। দিবাবাতি ইদ্রিয় সুথে মন্ত আছেন। কেবল মদ, বাড, পর্দার প্রভৃতি পাদকর্ম তার আলোচা বিষয় হয়েছে। ভ্রমেন্ড কথন ভগ্যানকে স্থান করেন না, অথবা সংক্রমে মতি হয় না। তার কারণ কি ? তার কারণ এই যে, রাজাটী পূর্বজন্মে কঠোর তপ্সা ক'রেছিলেন, এজন্ম তার ফলস্বরূপ রাজভোগ পেয়েছেন। পরন্ত তিনি
নিন্ধাম ভাবে তপসা। করেননি, প্রবল আকাঝার সহিত তপসা। ক'রেছিলেন, কাজেই তাঁর চিত্তক্তি হয় নি; স্থতবাং হানম্ম ভোগাকাজ্ফা ও
প্রাদক্তি ধ্যে-প্রভৃতি ময়লাপ্রলি তপসাার সময় তাঁর মনে লেগেই ছিল।
তপসা৷ ফলের যথন সংস্কাবরূপী বেকর্ড তৈয়ারি হ'রেছে, তথন ঐ তপসা৷
কালীন ভোগাকাজ্ফাদি ময়লাপ্রলি যা তাঁর মনে লেগেছিল, সে গুলিও
স্পালারে সংস্কাবরূপী বেকর্ডেব সামিল্ হ'রে গিয়েছে। কাজেই সেগুলি

শিষ্য। রাজাটী বথন কঠোরতা অবলম্বন ক'রে তপসা। ক'রেছেন তথন ঐ সব ভোগাকাজ্ফাদি ময়লাগুলি মনে থাক্বে কেন ?

শুলার তপই কর আর পূজাই কর কিছুতেই কিছু হবে না। অর্থাৎ তত্ত্বজ্ঞান লাভের কোন সপ্তাবনা নাই। আকাশ মেঘাছের থাক্লে প্রাদের যেনন প্রকাশ পান্না, ছদরে রাগ ছেয়াদি ময়লাগুলি থাক্লেও ছদাকাশে তত্ত্ব্যানরপ পর্যা প্রকাশ পান্না। নিক্ষাম ভাবে কর্মা কর্লে লোকের চিত্তত্তির হয়, কিন্তু সকাম কর্মে তত্তিপরীত হ'বে থাকে। ঐ রাজাটী পূর্বজন্মে রখন এইক স্থভোগ ত্যাগ ক'বে কঠোরতার সহিত তপস্যা ক'রেছিলেন, তখন এসব ভোগাকাজ্ঞাদি র্জিগুলি বিষয় না পেরে, অর্থাৎ ভোগা বস্তু না পাওয়াতে, ভাদের ক্ষমতা প্রকাশ কর্তে পারেনি ব'লে ইজিয়পন সংঘতের স্থার ছিল; কিন্তু প্রকৃত পক্ষে ইজিয়পন সংঘত হ'য়েছিল না। কেন না, চিত্তত্ত্বি ভিন্ন ইজিয়পন কথন সংঘত হয় না। এখন ঐ রাজাটীর তপস্যা ফলের বে রেকর্ড তৈয়ারী হয়েছে, তাত্তে রাজা হবে এবং বাজভোগ সর পাবে স্কৃত্বাং এজনে তিনি রাজা হ'য়ে রাজভোগ সর পাবে স্কৃত্বাং এজনে তিনি রাজা

শিষ্য। কাশীতে গঞ্চার সব ঘাটে অনেক সাধু একবারে পুরুষার্থ-হীন হ'য়ে চুপ ক'রে ব'সে থাকেন। তাঁদেরও ত থাবার সেইথানেই উপ-স্থিত হচ্ছে। গুরু। দেখ, জগতে পুরুষার্থ হীন পানী নাই, কেও বা জানিত ভাবে কেও বা জ্ঞানিত ভাবে পুরুষার্থ কবছে, ফলতঃ জীবমাত্রেই পুরুষার্থ কবছে। কেননা, প্রাক্তিক কাজ সম্পন্ন হওয়াব জন্ত প্রাণিদেব পুরুষার্থ অপবিহাযা। কৃমি যে পুরুষার্থহান সাধুদেব কথা বল্লে, তাবাও কিন্তু পুরুষার্থহান নন, তাবাও পুরুষার্থ কবছেন্। তোমাকে তা বলি শোন। তাদেব প্রথম পুরুষার্থ হছে গলার ঘাটেব নিকট ব'নে থাকা, কেননা, লোকে দেখ্বে এবং খাবার এনে দেবে। যদি বল কোন সাধু হাত দিয়ে কিছু থাননা, অপব লোকে খাইয়ে দেয়, তত্রাচ তাকে পুরুষার্থ কর্তে হয়, কেননা, চিবিয়ে গলাধঃকবণ করাব যে পুরুষার্থ তাত তাকে কর্তেই হবে। দেখ, নির্জ্জন স্থানে ধ্যান বাবণাদি ভাল হয়, তা না ক'বে পুরুষার্থ অবলম্বন ক'বে গলার ঘাটের নিকট বসা। এখন ভেবে দেখ পুরুষার্থ কেও ত্যাগ কর্তে পারে না। পুরুষার্থ করাই উচিৎ।

শিশ্ব। সাজা হা, এখন আমি বৃঝ্নাম ধে পুরুষার্থ কবা একান্ত কর্ত্তব্য। প্রাথন্ধ ভোগ সম্বন্ধে আমার এই সংশ্বর হচ্ছে যে, কোন কোন স্থানে বহু লোকেব এক রকম অদৃষ্ঠ ফল দেখা যাগ। তাহ'লে তাবা সক-লেই এক রক্ষ কম্ম ক'রে এক নিয়তিব অধীন হ'য়েছে ?

গুরু ৷ বছলেকেব এক নিয়তি কিসে দেখলে গ

শিয়। কেন ? নৌকা ডুবি, জাহাজ ডুবি, বেল দংঘর্ষ, বজ্রপাত প্রেকৃতি ঘটনায়, বহু লোকেব এক সাক্ষ একস্থানে এবং একই সময়ে প্রাণ-ত্যাগ হয়। তা হ'লে সকলেই কি এক রকম কাজ ক'বে এক সঙ্গে তাব ফল ভোগ কলে ?

গুরু। সংশেই যে এক বকন কথা ক'বে, এক সঙ্গে একই সময়ে ভার ফল ভোগ করে ভা নয়। যেমন কেও বাদ্যোহা, কেও লোক পীডনকাবী ডাকাত, কেও খুনা আসামী ইত্যাদি বহু আসামীৰ দ্বীপান্তব হ'ল। তথন তাদেরকে এক ধাহাজে ক'বে নিম্নে গিয়ে শাস্তি ভোগেব জন্ম সকলকে এক সঙ্গে এক সন্মে একই স্থানে বেমন ছেডে দেয়। বহু লোকেব এক সঙ্গে প্রাকৃতিক কম্মকল ভোগও ঠিক সেই রকম। কম্ম ও ক্ষেত্র বিভিন্ন হ'লেও সেই সকল কম্মকল এক সঙ্গে ভোগ হয়ে থাকে।

শিশ্য। আপনাৰ কথা মানি, কিন্তু এমনও দেখা যায় বে, নৌকাডুবীতে একশ' লোক জলে ডুব্ল, তাৰ মধ্যে হয়ত হুজন বেচে উঠ্প।
সকলে যদি এক নিয়তিৰ অধীন এক সঙ্গে ফণভোগত কৰ্তে যায়,
ডা'হলে ডাদেৰ মধ্যে ইতৰ বিশেষ হয় কেন গ

শুক। এক সঙ্গে গেলেই যে সকলেরই এক নিয়াত হবে এমন ব'লতে পাবা বায় না। স্তবাং নোকাডুবাতে বে গ্রহন বাচ্ল, তাদেব নিয়তি মৃত ব্যক্তিদেব নিয়তিব সঙ্গে এক নয়। কাজেং তাবা বৈচে গেল। স্বাব ধাদ বল হে, পুক্ষার্থ ক'বে প্র গ্রহন বাচ্ল, কিন্তু সে কথাও বলা ঠিক নয়। কেন না, প্রাণবিযোগেব সম্ভাবনা ভপাশৃত হলে, প্রাণবাচাবাব চেষ্টা কবতে কেও ক্রটা কবে না। লোকে মনেন মাবেশে গলায় দার্ড দিয়ে বুলে পড়ে, শেষে সেই লোকই প্রাণ বাচাবাব জন্ম হাত পা নেচে বিশেষ চেষ্টা কবে। আত্মাব পূল্য বিয়াবা জগতে আব কিছুই নাই। এনন কি লোটেব ছেলেকে মৃত্যামু থ নিমেপ ক'বেও মা আপ্রিবাচাবাব চেষ্টা কবে। একেত্রেও ঐ লল নিমন একশ' লোকই প্রাণবাচাবাব জন্ম পুক্রার্থ ক'বেছে। কোন হুঘটনায় এক সঙ্গে বত লোকই সকক না কেন, কিন্তু তাব মধ্যে যদি এফটা লোকেও নিন্তু তাব্য তাবাভান হয়, তাহ'লে সে বেচে বাবে। তোমাকে এফটা আলেব নিকট বাটিয়াছিল। ঘটনা

এই যে, সেই গ্রামের বাহির দিয়ে ডিখ্রীক্টবোর্ডের বাস্তা ববাবব গিয়েছে এবং রাস্তার অপর পাবে আবাদী জমীর মাঠ। গ্রামেব বাইবে বাস্তার ধারে ক্লযকদেব রোণ বুষ্টিতে আশ্রয় নেবাব জগু একথানি ছোট ঘর हिल। देखाई मारम रुठो९ এकपिन विकास विनास विख्तुष्टि जावछ ३'न. এবং ঘন ঘন বিত্তাৎ চম্কাতে লা'গল ও মেঘ গৰ্জন হ'তে লাগ্ল। এমন সময় ক্রমে আটজন পথিক দেই ববে এসে আত্রয় নিল। প্রস্তু, এমন ভয়ানক মেৰ গৰ্জন হ'তে লাগ্ল ও বিহাৎ চমকাতে লাগ্ল যে, তাদেখে ঐ ঘবের পথিকেবা অত্যন্ত ভীত হ'ল। অনেকক্ষণ ধ'বে মেঘগর্জন হয কিন্তু বজ্ৰ পড়ে না দেখে ভাবা অনুমান কবল যে, তাদেব মধ্যে কোন পাপী আছে. তাবই উপর বছ পড়াব জন্ম এই ব্যাপার হচ্ছে। এখন দেই বছ্ৰপাত না হ'লে এই চুৰ্গোগ কিছু:৬ই পাম্বে না অতএব একে একে সকলেই চল, গিয়ে ঐ দূবের আম পাছটা ছুলে আসা যাক্, যার শ্বদুষ্টে আছে ভাব উপৰ পড়্ব। এই মৃক্তি ঠিক হ'লে, একে একে সকলেই গিরে সেই গাছটা ছুবে আসতে লাগ্ল। এই বকমে দাত জন গাছ ছুঁরে এন কিন্তু বন্ধ পড্ল না। যে লোকটা শেষে ছিল দে তার নিশ্চয় মুত্যু জেনে অত্যন্ত ভাত হ'ল এবং কিছুতেই গছি ছুঁতে গেল না। তথ্ন সকলেবই ধাৰণা হ'ল যে বজু ভাব উপবেই পড্ৰে। এখন সেচটা পতে গেলেই এই হুর্যোগ থাম্বে, এই আশায় সবাই সেই পোকটাকে গাছ ছুঁ'তে ঘা'বাব জন্ত জেদ কৰ্তে লাগ্ল, কিন্ত কিছুতেই দে লোকটা গেল না। তথন সকলে নিশে ভাকে ধ'বে টেনে নিশ্ব গিয়ে সেই গাছতলায় एकटन भिष्म, मकटन প्रावंभाव (नोट्ड भार एमडे चटन हुक्न, खांच छ०-क्नां (महे चत्न राष्ट्र में मां कन लाकहे नाता लान। (व লোকটাকে তার। গাছ তলাম কেলে দিয়ে এলেছিল, সেও সকলের পেছনে নৌভে আসছিল, কিন্তু একটু দূরে ছিল ব'লে সকলের সঙ্গে বন্ধে ঢুক্তে

পারেনি; তাতেই বাইরে মূর্চ্ছিত হ'মে প'ডে গিমেছিল এবং প্রাণেও বেঁচেছিল। আচ্ছা, এখন বল দেখি নিম্নতি কেমন আপনার হক্ টেনে নিলেন। তাতেই বলে "নিম্নতি কেন বাধ্যতে"। সাধারণ লোককে অদুষ্টানল ভোগ কব্তেই হবে।

শিধ্য। কেবৰ মানুষকেই অদৃষ্টফল ভোগ কর্তে হবে, মৃত ধোনীর প্রাণী কি অদৃষ্টফল ভোগ করে না?

গুৰু। ক'ব্ৰে না কেন ? অদৃষ্টফল ভোগ কৰ্বাৰ জ্লাই ত মৃচ্ যোনাতে জন্ম নিয়েছে অৰ্থাৎ নরকে প'ডেছে। তবে মৃচ যোনাতে এনে কৃতকর্মেব কলভোগ গ্লানা। মৃচ যোনাব প্রাণী জন্ম মৃত্যুব দ্বাবা পব পব যোনা পবিবর্ত্তন ক'বে মহুষ্য নোনাতে উঠ্বাৰ নিছিব চৌরাণী লক্ষ্ণ ধাপের কেব ব এক একটা ধাপ মাজ উঠে। আব কর্মদোবে যারা মহুদ্য যোনী হ'তে একবাবে মৃচ বোনাতে আসে, তাবা যতটা ধাপেব নীচে এনে পড়ে, তালেবকে আবাব সেপান পেকে বাকা ধাপগুলি উত্তীৰ্ণ হ'য়ে অর্থাৎ বাকা যোনাগুলিতে জন্ম নিবে শেষে মনুষ্য যোনাগুলিতে আসতে হয়।

শিষ্য। মৃত ধানীৰ প্ৰাণীদেৰ মধ্যে এক পাণা অন্ত প্ৰাণীকে থেবে খায় এবং বেষ হিংসাও কৰে। তা'হলে এ সৰ াাপকখেব ফলভোগ কি থাবা কৰ্বে না ?

গুক। মৃচ বোনীব গ্রাণীবা বিবেক্থান, স্থতবাং তাবা ডাদেব ক্যুক্ষেব কোন ফলভোগ করে না।

শিশ্ব। আমি এই বিষয়টী ঠিক বুঝ্তে পার্লাম না।

শুক। বিবেকা প্রাণীরই ক্ল'তকমেব ফলভোগ কব্তে হয়।
কেন না, মৃহ্যুব পর তাদেব জীবনেব ক্ল'কম্মেব দল অনুসাবে গতি
হয়, অর্থাৎ প্রকৃতিদেবী তাদেবকে কম্মোচিৎ যোনীতে পাঠান, এবং
যোনী অনুসারে সুথ ছঃথের ব'বস্থাও করেন।

শিষা। আমি এখনও এই বিষয়টা পরিস্কাব বৃঝ্তে পারলাম না।

শুক্র। লোকে জীবন ভ'রে বে কর্ম্ম করে, তদমুসারেই গতি

হয়। এখন সারা জীবনেব কর্মাত আর বর্তমান থাকে না, সে

সকল কম্মের ফলই স্ক্রাবস্থায় বর্তমান থাকে। কেননা, সেই ফলামুসারেই লোকেব গতি হবে। এখন কর্ম্মফলেব জন্ম দায়ী কোন্ প্রাণী পূ

বিবেকী প্রাণী। বিবেকী প্রাণী কে পু মমুদ্য। মামুষেরই কেবল
কর্ম্মকলের প্রয়োজন। কেন প্রয়োজন পু কেননা, সমস্ত জীবনের

কৃতকর্মের ফলামুসাবেই গতি হবে। মনুষ্যোতর প্রাণীকে ভগবান
বিবেক দেননি, স্কৃতবাং তাদের কৃতকর্মের বিচাবও হয় না। কাজে

কাজেই তারা কর্ম্মকলের জন্ম দায়ী নয়। এক বিচারের জন্মই

কর্মফলের প্রয়োজন, বেখানে বিচাব নাই সেখানে কর্ম্মকলের থোজও

নাই।

শিশু। মান্থবের এক বিবেক আছে ব'লে মান্ন চোরদাগে ধরা প'ড়েছে। আর মন্থয়েতব প্রাণীব বিবেক নাই, স্থতরাং তারা কোন কৈফিরতের তলে নাই বেশ আছে। এতে ভগবানেব পক্ষপাতিত্ব দেখা মাচ্ছে, কোন প্রাণীকে কিছুই ব'লছেন না, আবার কোন প্রাণীকে নিরে টানাটানি কব্ছেন।

গুরু। আছা, তোমাকে সোঞা কথায় বোঝাই। মনে বর একজন জমীদার তার একজন আমলাকে পাঁচ হাজাব টাকা দিরে কোন
একটা কাজের জন্ত পাঠালেন এবং সঙ্গে দশ বাব জন পাঁক ববকলাজও
পাঠালেন। তার পব আমলাটা কাজ সম্পন্ন ক'রে পাঁক ববকলাজ
নিয়ে জমীদারেব বাডাতে ফিরে এসে ঐ পাঁচ হাজাব টাকাব জনা ধরচ
জমীদারের নিকট দাখিল কব্ল। কেননা, টাকা তার জিমাতেই
জমীদার দিয়েছিলেন। এখন ঐ আমলাটার প্রদত্ত জমা ধরতে হ'শ

টাকার খরচেব গবমিল হ'ল। তথন জমীদারটী ঐ আমলাটীকেই ধমকা'তে লাগলেন এবং শেষে তাকেই ঐ টাকাব জন্ত দায়ী কর্লেন। পরস্ক, সঙ্গে যে পা'ক বরকলাজ পাঠিয়েছিলেন, তাদেবকে কিছুই জিজ্ঞাসাও কব্লেন না অথবা কিছু বল্লেন না। আমলাটীর পা'ক ববকলাল অপেকা উচ্চপদ, স্থতবাং জমীদাব টাকাটা আমলাটীব জিম্মাতে দিয়েছিলেন এবং তাকেই দায়া কব্লেন। ভগবানও তেমনি মামুষকে বিবেক দিয়ে পাঠিয়েছেন ব'লে মামুষকেই কেবল কর্ম্মণলেব জন্ত দায়ী কবেন। মপুষ্যতব প্রাণীকে ভগবান বিবেক দিয়ে পাঠাননি, কাজেই তাদেব ক্রতকর্মেব জন্ত কিছু বলেন না, স্থতবাং তাদেব কর্ম্মবলও প্রয়োজন হয় না। ভগবান মামুষকে যেমন বিবেক দিয়ে দায়ী ক'বেছেন, তেমনি মনুষ্য-জীবনে মহৎ ফললাভের ব্যবস্থাও ক'বেছেন। কেননা, বিবেকামুসাবে সৎকর্ম কব্লে ক্রমে তাব দ্বাবা তত্ত্তান লাভ ক'বে লোকে মুক্তি পেতে পাবে।

শিষ্য। মৃচ ধোনীৰ প্ৰাণীৰ ধদি কৰ্ম্মকণই নাই, তবে তাদেব মধ্যে অবস্থাৰ তাৰতম্য দেখা যায় কেন ম

ওক। অবস্থাব কি বক্ষ তাবতম্য দেখুলে?

শিয়। গক, বোডা, কুকুব ইত্যাদি প্রাণী য় লোকালরে লাছে। তাদের মধ্যে দেখতে পাই যে, কোন প্রাণী অথসভেনে আছে, কোন প্রাণী অতি কটে আছে, কোন প্রাণী বা রাজার হাবে কাল কাটাছে, যেনন সাহেবদের পিয়াবা কুকুব। থিজ্মদ্ কববাব জন্ম মেথর চাকর আছে, গ্রধ রুটী মাংস ইত্যাদিব স্থবনোবস্ত আছে, শোতাব বিছানা আছে, শাতকালে গান্তে গ্রম কাপড দিয়ে দের ইত্যাদি। আমি আবাব মৃস্থরির পাহাডেব চড়াই উঠ্তে দেখোছ যে, একটী সাহেব ঘোডায় যাছেন, আব তাব প্রিয় কুকুবটীকে জ্জন পাহাড়ী ভুলি ক'বে

সঙ্গে সঙ্গে নিয়ে যাছে। এখন বলুন দেখি, মনুয়োতর প্রাণীব কম্মফল না থাক্লোক তাদেব সংখ্য অবস্থার এত বৈষম্য হয় ?

গুরু। মৃঢ় ষোনার প্রাণীত কট পাবেই, কটভোগের জন্তই ত মৃচ যোনাতে জন্ম নিয়েছে। নবকে কি আর মুখ আছে? তবে মৃচ যোনীর কোন কোন প্রাণী যে প্রথমছন্দে থাকে কি রাজভোগে থাকে, ভাব কারণ এই যে, লোক কৃত পাপকর্মের ফলভোগের জন্ত মান্ত্র্য থেকে একবাবে মৃচ যোনীতে আসে। স্বতবাং মনুষ্যজন্মে বা কিছু পুণ্যকত্ম করে, সেই সুক্তাব ফল মৃচ যোনাতে এসেও ভোগ করে।

শিয়া। এই ব'নলেন বে, মৃঢ় বোর্নাব প্রাণীকে কল্মফল ভোগ কব্তে হয় না। আবাব ব'নছেন যে, স্ক্রতিব ফলভোগ কবে। এ রহস্ত আমি কিছু বুক্তে পাব্ছি না।

গুরু । মৃচ বোনাতে জন্ম নেরে যে কর্ম কবে, তারই কলভোগ কবৃতে হয় না, কিন্ত কন্মদোষে যাবা মানুষ খেকে একবারেতে মৃচ বোনীতে আদে, তাদেব নমুন্ত-জনাঞ্চত পাপ এবং পুণা উভয়াবধ কন্মদলই ভোগেব জন্ত সংস্ক থাকে। পাপেব ফলভোগেব জন্ত মৃচ যোনাতে এসেছে এবং নবক-ভোগ কবৃছে। আন ঐ পুণা কন্ম বোর জন্ত স্থপ্সপ্তলে আছে। জগতে এমন লোক পাবে না যে, ভাবনে পাপ এবং পুণা উভয়বিধ কর্ম না করেছে। তবে মাত্রাব ন্যুনাধিক্য থাক্তে পারে। আছা, ঐ সাহেবের কুকুবটার কথাহ ধব। কোন ব্যক্তি তাব কৃতপাপেব ফলভোগের জন্ত কুরুর বোনীতে এন্ম নিয়ে সাহেবের কাছে আছে। এখন দেব, দে তার কৃতপাপের ফলের জন্ত কুকুর হয়েছে, কিন্তু তার পুণাক্রেরি ফল যা আছে সেটাও ত ভোগ হও্যা চাই, তাই দে কুকুর হয়েও স্থতাগ করছে।

শিষ্য। আমার মলে একটা ভরানক সংশয় হচ্ছে।

গুরু। সংশয়টা কি ?

শিষ্য। এই বে পুরাণাদিতে বর্ণিত ধনালয়, ধনরাজার এজনাস, চিত্রগুপ্তেব থাতায় পাপ পুণ্য দব লেখা থাকে, ধনরাজা তর্নসারে বিচার ক'বে পাপীকে নরকে এবং পুণাবানকে শ্বর্গে পাঠান। যদি ক্ষয় ধোনাতে জন্ম নিম্নে ক্ষ্মন্ত্র ভোগ ক্রুভে হয়, তবে এগুলি দব বি ?

গুরু। যমালয় সহয়ে এগুলি সব কলিত বর্ণনা।

শিষ্য। পুৰাণ ত সৰ ঋষিষাই লিখেছেন, তবে এ ১কম কল্পনা ক'রে লেখ্জেন কেন ?

গুরু। বিষয়টা একটু তলিয়ে বুঝ্তে হবে। উপর উপর দেখলে কিছু বুঝ্তে পাব্বে না। পরাণ ঋষ প্রণীত বটে, কিন্তু সমস্ত পরাণই ধে ঋষি প্রণীত দে কথা ব'লতে পাবা বাম না। পণ্ডিতেরাও মনেক পুরাণ লিখে ঋষিদেব নাম দিয়েছেন। ফলতঃ পুরাণ যাঁদের প্রণীতই হ'ক তাতে কোন দোষ নাই। কেননা, পুরাণ যাঁরা লিখেছেন তাবা যে জানী পুরুষ তাতে কোন সন্দেহ নাই। বিশেষ প্রয়োজন ব'নেই প্র কল্পনা ক'বে লিখেছেন।

শিষ্য ৷ তবে কি পুরাণেব লিখিত বিষয়গুলি সব করিত ?

গুক। তাও কি কখন হয় । পুবাণও বে আমাদের শাস্তগ্রছ। তবে প্রায়োজনবশতঃ রূপক অলম্বারাদি পুবাণে বেশি আছে।

শিশ্ব। কপক অলকারের দারায় জীবের যে কি কল্যাণ হ'তে পাবে, তাত আমার বুদ্ধিতে আসছে না। আপনি দয়া ক'বে আমাকে ব্ঝিয়ে দিন।

গুরু। ধমালর ব'লে কোন স্বতন্ত স্থান নাই, পাপ পুণোর হিদাব কোন থাতায় লেথা থাকে না চিত্রগুপ্ত ব'লে কোন সেরেস্তাদার নাই, এবং যমরাজা বিচার ক'রে কাকেও স্বর্গে বা নরকে পাঠান না; অথবা পাপীদেব শান্তি দিব'ব জন্ম যমালয় বিশেষ স্থানে চৌবানী নবকও স্থাপিত নাই। আনি যে এই মতটা নিজে গ'ডে বলছি তা নয়। জনক যাজ্ঞবন্ধ্য সংবাদে এ বিষয়েব বিবৰণ আছে। মনু ব'লেছেন যে, যে যেমন কর্মা কর্বে সে ভদতকপ যৌনীতে জন্মগ্রহণ ক'বে তাব ফলভোগ কর্বে। ভগবানও গাঁহাতে মূচ খোনীকেই নবক ব'লে উল্লেখ ক'বেছেন। তা ছাঙা যুক্তিব ধাব। বিচাব ক'বে দেখালেও এই দেখা যায় যে, জীবেব মৃত্যুব পদ তাব ফমালয় নামক স্থানে পাপপুণোব বিচাব হ'য়ে নবকে অথবা স্থানি যেতে হয় না।

শিশ্ব। তবে প্রাণে এত কল্পনা ক'বে লেখাব তাৎপর্য্য কি ?

গুক। তাৎপথা এই যে, সংসাবে কটা লোক বেদ, বেদাস্থ, উপনিষ্দাদি শাক্ষণত প'ঙে থাকে, অথবা পভবাৰ অধিকাবী হয় ? মেনে নিলাম যে, সংসাবে মৃষ্টিনের শাক্সজ্ঞ ব্যক্তি না ২য় আপনাদেব কল্যাণেব বাস্তা আপনাবার ঠিক ক'বে নিভে পাবেন; কিন্তু আব যে লক্ষ্ণ লাশ্যাবিক সাধাবণ হজান লোক আছে তাদেব উপায় কি ? তাদেবই কল্যাণেব জন্ম প্রাণকাবেশা কত বকম রূপক অলক্ষাব দিয়ে প্রাণকে সাজিয়েছেন।

শিবা। পুৰাপেৰ দ্বাৰা দাংদাবিক সাধাৰণ জ্ঞান লোকেৰ কি কলাণ সংবিভ ১য় ?

গুক। যাতে ধশ্মকশ্ম কৰ'ত ইচ্ছা ১২ এবং পাপকশ্ম কৰতে ভন্ন হন্ন প্ৰবাণ শ্বেনা তাৰ উপান্ন প্ৰবাণে বিশেষভাবে ক'বেছেন। প্ৰবাণে বোচক্ এবং ভন্নানক এই ছুহটা ভাৰ উত্তমন্দপে হুটান আছে। যাব দ্বাবা সাংগাৰিক সাবাৰণ অজ্ঞান লোক ধশ্মকশ্মে আৰুষ্ঠ ১ন্ন এবং পাপকশ্মে ভীত হন্ন।

্ন শিষা। আপনি পুৰাণকৈ শাস্বগ্ৰন্থ বল্ছেন, পুৱাণ শাস্ত্ৰগ্ৰহ ইয় কি ক'ৰে ? আমাৰ মনে হচেঃ লোকেব কল্যাণকৰ কল্নাময় গ্ৰন্থ। শ্বন্ধন শান্ত গ্রন্থ কল্পনাময় গ্রন্থ, বেমন উপত্যাসাদি তা কি আর কথন শান্ত গ্রন্থ কালে পিবে ? ঈশ্বনের স্থানপ হচ্ছে নিরাকার অর্থাৎ তিনি নির্গুণ ব্রহ্ম, কিন্তু তিনি প্রয়োজন বোধ কর্লে আবাব আকারও ধারণ ক'রে থাকেন। স্কুতবাং নির্গুণ ও সপ্তণ ব্রহ্মের এই ছই ভাবেবই উপাসনা অধিকারী ভেদে ক'বে থাকে। বেদ, বেদাস্ত, উপনিষদাদিতে নির্গুণ ব্রহ্মের তার নির্বাধন আছে, এবং সেই তত্ত্ব জান্বাব অধিকাবীও অতি অল্পতা তোমাকে প্রেই ব'লেছি, কিন্তু নির্গুণ ব্রহ্মের প্রতি সাধারণ অজ্ঞান লোকেব ভক্তি প্রেম হওয়া অসম্ভব। কেন না, দেংগভিমানী জীব স্থল পদার্থের নিদর্শনেব অভাব হেতু, দেই নির্গুণ ব্রহ্মকে ধারণা ক'বতে পাবে না। সেইজন্ত ভগবান গীতাব ১২শু অধ্যায়েব ৫ম শ্লোকে ব'লেছেন যে,

ক্লেশেহিধিকতর স্তেষা সব্যক্তাসক্ত চেতসম্।

অবক্তা হি গতিতু গৈং দেহবদ্বিবাপ্যতে ॥

হে অর্জ্বন। নিগুল ব্রেন্স আসক্ত চিত্ত জনগণের সিদ্ধিলাভে অর্থাৎ
ঈশ্বরণে জান্তে অধিকতর ক্লেশ হ'য়ে থাকে। কাবল দেহীগণ অতি
কটে নিগুল অর্থাৎ নিবাকার ব্রহ্মাবয়র নিষ্ঠা লাভ ক'বতে সমর্থ হয়।
কেন না, কোন স্থুল নিদর্শন ভিন্ন দেহাভিমানা জীবেব (লোকেব) মন
আর্থাই হ'তে পাবে না। তা হ'লে সাধাবল অর্জান লোকেদের উপায়
কি ৷ তাতেই পুরাণকাবেবা পুরাণের মধ্যে সপ্তল অর্থাৎ সাকার ব্রহ্মের
ক্য ঐর্থাাদি, উপাসনা স্তবাদি অতি বিষদভাবে এবং মনোহর অলঙ্কাবের
সহিত বর্ণনা ক'বেছেন। বা প'ডে বা শু'নে পাষণ্ডেবও মন আরুই হয়।
বেদ, বেদান্ত, উপনিষদাদিতে নিশুল ব্রহ্ম বীজস্বরূপ, এবং পুরাণাদিতে
সপ্তল ব্রহ্ম ডাল, পাতা, ফল, ফুল শোভিত মনোহর বৃক্ষস্বরূপ। কাজেই
লোকের মন আরুই হয়।

শিষ্য। তা ই'লে পুরাণও জীবের কল্যাণকর গ্রন্থ দেখুছি।

গুরু। তা নয় ? কেবণ জাবের কলাণের জন্তই পুরাণের সৃষ্টি হয়েছে। ঈশ্ববোপাসনা সকলেবই কবা কর্ত্তবা, কিন্তু সাধাবণ অজ্ঞান নির্গুণ ত্রন্মের উপাদনা করতে পাবে ন।, তাহ'লে কি তাদের ঈশ্বর উপাসনা হবে না ? তবে কি তাদের কোন উপায় নাই ? আছে বৈকি. তাদেরই জক্ত পুবাণেৰ সৃষ্টি হয়েছে। পুবাণ পাঠ বা প্রবণেব দ্বাবা ঈশবে ভক্তি প্রেম বাডে, মনে দিন দিন পান্তি ও আনন্দলাভও হ'তে থাকে এবং শেষে ভত্তজ্ঞানের অধিকাবীও হয়। প্রস্তু, সংসাধের সকলেই ত সে শ্রেণীব লোক নয়, এব ভিতৰ নিয়শ্রেণীর লোকও আছে। পুরাণে যে বোচক এবং ভগনক এই ভাব হুটা বিশেষ ভাবে দেখান আছে, তাতে নিয়শ্ৰেণীৰ লোকেদেৱ বিশেষ কলাণ সাধিত হ'য়ে থাকে। কেন না. ঈখবের মনোহর রূপ ও অসীম বিভূতি ঐখর্য্যাদি গুনে তার প্রতি তারা আক্লষ্ট হয় এবং যজ্ঞ, দান, তপ, আত্থি সেবা, দবিদ্ৰেব প্ৰতি দয়া প্ৰকাশ ও একাদখাদি ত্রত পালন প্রভূতি কার্যোব দ্বারা বন্মকর্ম্ম কবতে প্রবৃত্ত হয়, স্থাতরাং সেই সব কর্মের হাবা ক্রমে চিত্তভদ্ধি লাভ হয়। এই গেল রোচক ভাবেব কল এখন ভয়ানক ভাবেব ফল শোন। কোন পাপ কর্লে ধ্যণবীতে কোন নবকে কি বক্ষ ধ্য়ণা ভোগ কব্তে হর, সেই সব কথা গু'নে অজ্ঞান লোক পাপকর্মে অনেকট। নিবুত থাকে। পাকা গুণিপোরেরা যেমন গুলিব নেশায় মাতোয়াবা কণ্বাব জন্ম, লোককে চাট্ খাইদ্রে গুলি খাওয়া শেখায়, ঋষিৱাও তেম্নি সাধাৰণ লোককে ভগবদ্-প্রেমে মাডোরারা কববার জন্ত পুরাণে চাট্ররূপ রোচক বাক্য দিয়েছেন।

শিশ্য। জাপনি যা ব'লছেন কথাটা দগত বটে, তবে কি জানেন আমরা ছেলেবেলা থেকে যমপুরীর কথা ত'নে আস্ছি, সেইজন্ত মনে একটা সংস্থার ব'সে গিয়েছে তা সহজে বেতে চাম্ব না। গুরু। বদ্ধনৃত্ব সংশ্বার মন থেকে সহজে থেতে চার না বটে, কিন্তু তাই ব'লে লোককে আজীবন যে ভ্রমেই প'ডে থাক্তে হবে সেটাও ড ঠিক নয়। তবে অধিকাবা বিশেষে আজীবন এ ভ্রম থাকা সম্ভব তা আমি মানি। দেখ আসল তত্ব ভ্রমেই ঢাকা আছে, স্থতরাং সেই ভ্রম দ্য কর্তে না পাব্লে তা হৃদয়ক্ষম হয় না। সেই জ্ঞাই সাধু মহাআদের সঙ্গে সংসক্ষ করা প্রয়োজন। শাস্ত্র অধ্যয়ন কি ভ্রম সাধন অপেক্ষা সংস্পেব ফল বেশা।

শিশ্ব। যদি যমপুরী ব'লে বিচারেব কোন স্বতন্ত স্থান এবং চিত্রগুপ্তের থাতায় কোন নিদর্শন নাই থাকে, তা হ'লে লোকেন পাপপুণ্যের বিচার ২য় কি ক'বে ৮

গুরু। তোমাকে সেদিন ব'লেছি যে, লেণকের মৃত্যুর পব তার সংস্কাবই জীবাআকে কর্মোচিত যোনাতে নিরে যায়। চিত্রগুপ্তেব খাতার কিছু লেখা পড়া থাকে না। স্ক্রাবস্থাব কর্মানলকে সংস্কাব বলে, চিত্রগুপ্ত মানে সেই সংস্কাব। কাবন, সংস্কাবরূপী কর্ম্মনগুলি স্ক্রাব্রার গোপনে চিত্রিত হ'য়ে লোকের পবজন্ম ভোগেব জন্ম প্রপ্ত থাকে এবং তদমুসাবেই জাবেব গতি হ'য়ে থাকে িত্রগুপ্ত, সংস্কাব কি অদৃষ্ট সব একই জিনিস।

শিশ্য। এটা ত বড চমৎকাব বাবস্থা দেখুছি।

শুরু। এ বকম বাবস্থা না হ'লে কি আর বিশ্ববাদ্ধ্যের কাল্ল চলে ?

ক্রীয়ার বেমন এই বিশ্ববাদ্ধ্য স্থাষ্ট ক'বেছেন, তেমনি রাজ্য পবিচালনার
অমুক্ল বাবস্থাও ক রেছেন। বাবস্থাটা এই ষে এই বিশ্বের ধাবতীয় কাল্ল
সম্পন্ন করার ভার এক প্রস্কৃতির উপরেই ক্রস্ত আছে। তার মানে জাগভিক্ত যাবতীয় কাল্ল আভ্যন্তরীন প্রাক্তিক শক্তিতে আপনা-আপনিই
সম্পন্ন হচ্ছে। লোকে বলে শ্বভাব থেকে হচ্ছে। যথন প্রকৃতির দারায় সম্পন্ত

কাজ দশের হচ্ছে, তথন আব তাব জন্ত শ্বতম্ব আইন আদালত, হাকিম

মুক্ম কিছুবই প্রয়োজন হয় না। যদি দে সব বন্দোবন্ত থাক্ত অর্থাৎ
কার্যানির্বাহেব জন্ত প্রকৃতিকে অন্তেব মুখাপেক্ষী হ'তে হ'ত, তা হ'পে
এই বিধবাজা পবিচালনাব বিশৃন্ধলাও ঘট্ত। কারণ, হাকিম ছকুম
দাপেক্ষ বিষয় কংনই চিবদিন ঠিক এক সমরে, এক নিয়মে স্থাসম্পর হ'তে
পাবে না। তাছাভা, প্রাঞ্চতিক কাজে জন্ত কাবও হাত দিবাব প্রয়োজন
নাই, এবং ক্ষমতাও নাই। প্রাকৃতিক নিয়মানুসাবে পাপীব দণ্ড এই
মন্ত্রালোকেই হ'য়ে থাকে। এইখানেই বছবিধ নরক বর্তুমান আছে।
পাপবিশেষে দেই সব নরকবিশেষে তুঃখ ভোগ হ'য়ে থাকে। আর পুণ্যের
ফলে বে স্থা তাও এই মর্ত্যলোকেই ভোগ হয়, এবং প্রাক্রার্যার

শিক্স। ষমপুৰা না গিয়ে এই মন্তালোকেই যে পাপপুণাৰ ফলভোগ হন ব'ল্ছেন তা আমি মানলাম, কিন্তু কি একম ভাবে যে ভোগ হয় সেহটা আমি ভান্তে ইচ্ছা কবি। তা, প্ৰিস্কাৰকপে না ব্ৰতে পাব্লে আমাব বন্ধন্ল ধাৰণাটা যাবে না।

ওক। পাপীকে বদি ঘমালয় নামক স্থানে নবক যন্ত্রণা ভোগ ক'বে খাপ্তেচ'ত, তাহ'লে আব এ নংসা'নে লোককে নবক যন্ত্রণা ভোগ ক'বতে দেখা বেহেতা না। যে পাপী সেত ঘমালয়ে নবক ভূ'গে এসেছে, তবে জাগাৰ এখানে নবক ভোগ কেন ? ভাহ'লে কি চগবান পাপীকে ডবল সাজা দেন ভা প্রমাদযুক্ত অজ্ঞান মন্ত্র্যা রাজাও যথন দেখাকে ভবল সাজা দেন না, তথন জ্ঞান্ত জ্ঞানমন্ত্র প্রথম দিয়াল প্রমেশ্বর কি পানীকে ডবল সাজা দেবেন ? একপা স্বপ্নেও কেও কল্পনা ক'বতে পাবে না। ঐ যে গালত কুইত্বত্ত লোকটাব সর্বাঙ্গ ছালে খ'সে প'ডছে ঐ সব পা'য়ে

আবাব পোকা থক থক করছে, এবং ঐ গোকার কামড়ের যন্ত্রণায় লোকটী দিবাবাত্তি চীৎকার করছে। তার গান্তেব হুর্গন্ধে কেও কাছ দিয়ে ঘেঁদে না। ভিক্ষাব জন্ম কোণাও ধাবার ক্ষমতা নাই. কেও কোন থাবার জিনিস দিলেও, তা হাতে তুলে নিমে থেতে পারে না। লোকটা অসহ নবক যন্ত্রণা ভোগ কর্ছে। সে যদি তার পাপের জন্ম যমালয়ে নরক ভোগ ক'বেই আস্বে তবে এথানে আবার নবক ভোগ কেন ৪ তা নয়, নরক ভোগ করেনি, নরক ষম্বণা ভোগ এইথানেই হ'মে খাকে। তবে পাপভেদে নবকের ইতব বিশেষ আছে। মৃঢ় যোনাতে, কেও পখাদিরূপে, কেও কেও ক্রিমি কাটাদিরপে সেই সেই রকম স্থানে বাস ক'রে নরক যন্ত্রণা ভোগ কবছে, কেওবা মনুষ্য শরীবেই নরক ষ্মণা ভোগ কবৃ'ছ। যেমন ঐ লোকটী কবছে দেখছ। দেখ একটা অন্ধ সন্তান জন্মছে। ঐ স্থ্যপুত বালক এ অন্মে ত কোন পাপ করেনি, আব পূর্বজন্মে যদি পাপ ক'বে থাকে, তা ঃ'লে দে পাপেব শান্তি ত নবকে পেয়েই এমেছে . তবে আবাব সে জনান্ধ হ'য়ে এখানে নবক ষ্ট্রণা ভোগ কববে কেন গ

শিয়া। আজা হাঁ, নবক ভোগ কি স্বৰ্গ ভোগ (স্থ ভোগ) এইথানেই হয় র'লে মনে হচছে।

গুক। ই।, পাপী যেমন এইখানে হঃখ ভোগ কবে, পুণাবান ব্যক্তিও তেম্নি এইখানেই স্থ ভোগ কবেন। যাঁরা সেই বকম পুণাকন্ম হারা দেবভোগ্য স্থেব মনিকাবী ১ন তাবা আবাব স্থালেকে গিয়ে সে স্থভোগ করেন। মর্ত্তালেকেব স্থভোগ আমবা দেখ্তে পাই, কিন্তু স্থালোকেব স্থভাগ আমরা দেখুতে পাই না। কারণ, স্থা দেবতাদেব বাসস্থান আমাদের দৃষ্টির অতীত। শিয়া। ধাবা হথভোগ কর্তে শ্বর্গে ধান, তাঁবা দেখানে গিয়ে কি অবস্থায় থাকেন্?

গুরু। মর্ত্তালোক কর্মক্ষেত্র, স্বর্গনোক ভোগক্ষেত্র। সেধানে কোন কর্মা নাই কেবল ভোগ আছে। যিনি বেমন কাম্য কর্মোব অম্চান কবেন, তিনি সেই বক্ষ স্বর্গে গিয়ে কর্মানুরপ স্থুওভাগ করেন। চাষাবা বেমন পবিশ্রম ক'বে মাঠে আবাদ ক'রে ফুলল পাক্লে ঘরে নিয়ে এসে ব'সে থার, কিন্তু ফুলল ফুল্লেই আবাব মাঠে গিয়ে চাব আবাদ করে। তেমনি স্বর্গাকাজ্জী কামা কন্মীগণকেও স্বর্গেব স্থু ফুবিরে গেলেই আবাব মর্ত্ত্যে এসে জন্ম নিতে হয়।

শিষ্যা। স্থাধেব পর ধখন জঃখ পেতে হর, তথন অস্থায়ী স্বর্গাড়খ ভোগে লাভ কি গ

গুরু। সেইএসই ত বুকিনান লোকেবা স্বর্গেব অস্থায়া স্থা আদৌ ইচ্ছা কবেন না। কাজেত তাবা নিধান ভাবে সকল কলা ক'বে ধাকেন। নিধান কর্মেব ফল সক্ষয় স্থা, সে স্থা থেকে কথনই বিচ্যুত হ'তে হয় না। সংসাবা লোক আধিকাংশই কিন্তু সেই অস্থায়া অসাব কাম্য কর্ম ক'বতেই লালায়িত। দেখ্তে পাওনা স্থাগ মজ্ঞাদি কি যে কোন ক্রিয়াব প্রারম্ভে সংকল্পতীব মন্ত্র ভাল ক'রে বলা চাই, প্রার্গনাপূর্ণ স্তবন্ততিগুলি হ্লম্যেব সহিত প্রাণ ভ'রে বলা চাই। ভাব মানে উপাস্য দেবতাকে আপনাব মতলবটা পাবস্থাবরূপে বলা চাই। কি জানি, ফলেব কোন গড্বড হয়। হায়।। লোকে কি ভ্রমজালে জড়িত।

শিষা। ঠিক কণা, বৃদ্ধিমান লোকেবা কেন স্বৰ্গস্থ কামনা কর্বনে প কথায় বলে চেঁকী স্বৰ্গ থেকে এনে ধান ভানে। তেমনি যিনি স্বৰ্গে ধাৰেন তাঁকে আবার মন্তালোকে ফিবে এদে জন্ম নিতে হবে। স্বর্গ স্থপের অবস্থ'টা আমি ব্রাশাস। এখন আমাকে একটা বিষয় ব্রিয়ে দিন যে, ভূলোক থেকে ব্রন্ধলোক পর্যান্ত সাতটা লোক আছে সেদিন আপনি আমাকে ব'লেছেন। এই সাত লোকের কার্যাই কি এক প্রকৃতিব দ্বাণায় সম্পন্ন হচ্ছে ৮

গুরু। হাঁ, সাত লোকের কাজ এক প্রাকৃতিব দ্বাবাই সম্পন্ন হচ্ছে। সমস্ত লোকই যে বিশ্বেষ মধ্যে। সমগ্র বিশ্ব থবন প্রকৃতিব আয়ত্বাধীন, তথন সমস্ত লোকের যাবতীয় কাজই তাব দ্বাবা সম্পন্ন হচ্ছে।

শিমা। প্রকৃতির ত আশ্চর্যা ক্ষমত, দেখ্ছি, এবং কার্যপ্রশাশা অতীব আশ্চর্যাপ্রনক। সশস্ত ব্যাপাবই অলোকিক। জীবেব কৃত কর্মেব বিচাবেব জ্বত আইন, আদালত, হাকিম জ্বকুম, সাক্ষা সাবুদ, নথাপত্র কিছুবট প্রয়োজন হয় না। প্রত্যেক জীবেব নেহের মধ্যেই তার কৃত পাপপুণোব নথাপত্র প্রমাণাদি সব মজ্ত আছে। প্রাকৃতিক নির্মে তদ্বসাবে বিচাব হয়।

গুক। গুৰু কি পাপ পুণা সম্বন্ধে এইৰূপ বাৰস্থা দেখ্লে । জ-।তেব যাবতীয় ক।জেরই ব্যবস্থা এইকপ।

শিষ্য। প্রাকৃতিক কাজেও বাবস্থ, গু'নে আনার মনে বড় আননদা মুভব কব্ছি। অঞ্গ্রণ ক'বে আনায় আবও কিছু বলুন।

গুক: আজ থাক্ সে মানক কৰা মাবাৰ ক। ল হৰে।

यर्छ मिन।

শিশ্ব। আজ আমায় প্রাকৃতিক কার্যাপ্রণালী কিছু বলুন।

গুরু ৷ দেখ, বোধাই কল্কাভার মিউনিসিপ্যালিটীর কার্য্যনির্বা-হের জন্ম ক্রোর টাকার উপর ধরচ। কত কলকারখানা কত ইঞ্জিনিয়ার. কত মাণমদলা, কত কারীকর, কত মেথব এবং কত লোকজন, তবুও সকল সময়ে সকল কাজ স্থচাক্ত্রপে সম্পন্ন হয় না। এই বিশ্বরাজ্যেব মিউনিসিপ্যালিটার কাজ এক প্রকৃতিব দ্বাবায় স্থসম্পন হচ্ছে। কল্কারখানা কি কার্য্যকাবকাদি স্বভন্তরপে বন্দোবন্ত কিছুই নাই। সহবের মিউনিসিপ্যালিটীর ময়লা মেথরে ব'য়ে নিয়ে গিয়ে মাটিতে গাডে. পুডিম্নে দেয় অথবা ছেণের দ্বাবা নদীতে চেলে ফেলে দেয়। প্রকৃতিব মিউনিদিপ্যালিটার শৃকর কুকুবাদি মেথরগণ ময়ল। দব থেয়ে ফেলে। লোকে ময়লা ব'লে টের পাওয়াব বো নাই। যদি শৃক্ব কুকুবাদি মেথবগণ উপস্থিত না থাকে, তাহ'লে পুথিবা ক্রমে দেই মরলাগুলিকে আপনাব সামিল ক'বে নেয়। গরু মবুলে লোকে মাতে ফেলে দেয়, মুচী খালথানা ছাড়িয়ে নিম্নে যার, আর অম্নি শকুনী, গৃধিনী, শেষাল, কুকুরাদি এসে নাংসগুলা সব কপাকপ্ খেলে ফেলে। ঝাড্দান প্রন এসে যা কিছু বদুগদ্ধ সৰ উডিরে নিয়ে জনস্ত আকাশে মিশিয়ে দেয়। তার পর ভিত্তবালা বৃষ্টি এদে হাডে যা কিছু নাংসেব টুকুরা টাকুরা লেগে থাকে স্ব ব্রে মাটিতে ফেলে দের। পুথিবা তথন সেগুলিকে আপনাব সামিল ক'রে নের। এখন দেখ, এই যে কাজগুলি সব সম্পর হ'ছে, তার জন্ত কেও কাওকে ডাক্ছে না, অথবা কেও কাওকে ছুকুমও দিছে না। সকলেই এসে আপন আপন কর্ত্তব্য কর্ম্ম ক'বে চ'লে মাচছে। প্রাকৃতিক যাবতীয় কাজই এই নিয়মে সম্পন্ন হ'য়ে থাকে।

শিশ্ব। ভগৰান এক প্রকৃতির দারার যে ভাবে বিখের কাজ সব সম্পন্ন কবাচ্ছেন, তা আমাদেব বুঝ্বাব সাধ্য নাই।

গুক। ভগৰানের ঐশ্বর্য্য, ক্ষমতা, বিভূতি কি দয়াদি মনে চিন্তা ক'রে দেখ্লে গুন্তিত হ'তে হয়। তিনি স্বয়ং বা তার প্রকৃতি অথবা তাঁদেব কার্য্য অচিন্তনীয়, প্রতরাং বোঝ্বার উপায় নাই। মানুষ ত নানুষ দেবতারাই বুঝ্তে পাবেন না।

শিশ্ব। আপনি পাহাডে বাস ক'বেছেন, সেই সব জায়গাব প্রাকৃতিক কার্য্যপ্রণালী গুন্তে আমার বড কোতৃহল হচ্ছে।

শুক। আছো, আমি বা কিছু দেখেছি। এবং ব্ৰাছি তা তোমাকে বল্ছি শোন। মানুষে কলকাবথানা ইন্টিনিয়ারিং যা কিছু শিখেছে এবং ক'র্ছে, তা সব সেই প্রকৃতির অন্তক্বণেই শিখেছে এবং প্রাকৃতিক শক্তিব সাহায্যেই কব্ছে। প্রকৃতি মূহুর্ত্ত নথ্যে বে জিনিস বছ পরিমাণে উৎপন্ন করেন, মানুষেব সেই জিনিস আংশিক পরিমাণে উৎপন্ন কর্বের সেই জিনিস আংশিক পরিমাণে উৎপন্ন কর্তেও বছ সমন্ন, বছ বার ও বহু পরিশ্রম লাগে এবং সেই জিনিসেব গুণেরও কারতমা হয়। গগোত্রীর প্রাকৃতিক দুখ অতি মনোহর। চাবিদিকে পাহাডের উপরিভাগ সব ববকে সাদা ধপ্ ধপ্ কব্ছে এবং তাব উপর স্থার্রাশ্ম প'ডে কত রকম আশ্চর্যা রং দেখাছে। পাহাড় যেন সব চক্মক্ কব্ছে। একদিন একটা আশ্চর্যা ঘটনা যা আমি স্বচক্ষে দেখেছি তা বলি শোন। একদিন একটা আশ্চর্যা ঘটনা যা আমি স্বচক্ষে দেখেছি তা বলি শোন। একদিন বিকালে বেলা চাব্টাব সমন্ন, গঙ্গাব ওপাবে একটা পাহাড়ে বরক প'ডতে আরম্ভ হ'ল। ঠিক যেন ঝুডি ক'বে গোবর ফেল্ছে। দশ্ মিনিটেব মধ্যে ছু মাইল আলাজ পাহাড়েব উপরটা বরফে ঢেকে

কিন্ত প্রকৃত পক্ষে উচু আবও বেশি ছিল, কেন না, দূব ব'লে কম দেখাচ্ছিল।

শিয়া। বড আশ্চয়া কথা শুন্ছি। কল্কাতায় ববফেব কারধানায় এক মণ ছু মণ এক একটা বরফেব চেঙ্গড দেখেছি বটে, কিন্তু একপ ঢালাভাবে ববফ দেখিনি কিন্তা শুনিনি।

গুক। কারখানার বে ববফ তৈয়াব হয়, তাতে কলকারখানা চাই, জলে মসলা মেশান চাই, তবে গা বরফ তৈয়াবি হয়। হাজাব মণ ববফ যদি কারখানার তৈয়াবি ক'রতে হয়, তাহ'লে অনেক তোড্বোড়্ও আনেক সময়ের দবকাব, কিন্তু প্রকৃতি দশ সিনিটের মধ্যে লক্ষ লক্ষ মণ বরফ তৈয়াবি ক'বে ফেল্ছেন। কোন কলকারখানা অথবা মসলাদি কিছুই লাগে না।

শিষ্য। প্রাকৃতি কি বকম ভাবে ববক তৈয়াবি .ক'বে ঝুপ্ঝুপ্ ক'বে ফেলেন। জান্বাব জন্ম বড কৌভূহণ হচ্ছে অনুগ্রহ ক'বে বলুন।

ত্তক । জল জমে যে ববফ হয় তা অবশ্য তোনাব জানা আছে। শীত প্রধান স্থানে বাত্তিতে বাইবে কোন পাত্তে জল বাধ্যে জ'মে ববফ হয়ে। বায় তা আনি স্বচক্ষে দেখেছি। প্রাক্তিক ববফ মেল থেকে উৎপন্ন হয়। মেবগুলি বিন্দু জলকণার সমষ্টি মাত্র। হিমান্যেব খুব উচ্চ স্থানতলি এতই শীতপ্রধান স্থান যে, সেখানে মেল বাওয়া মাত্র মেলস্থ জলকণা সব ববফে পবিণত হয়।

শিষ্য। সেখানে মেম্ব বান্ন কেন ?

শুরু। মেবগুলিকে হাওয়াতে ঠেল্তে সেল্ডে সেই সব উচু স্থানে নিয়ে বাব, এবং ববাবরই পাথাড আবও উচু হ'ছে চ'লেছে, কাজেই মেঘঙলি সেই সব পাহাড়ে বাধা পায়, স্থতবাং পাহাড অতিক্রম ক'বে আরু আগে যেতে পারে না ব'লে, এবং হাওয়াতে পাহাড়ের গায়ে ধ'রে রেখেছে, এই কাবনে মেঘগুলি সেইখানেই স্থির হ'রে থাকে এবং কিছুক্ষণেব মধ্যে বরুফে পবিণত হয়, আব অম্নি পাহাড়ের উপর ঐ সব বরফ ঝুপ্ঝুপ্ ক'বে পড়ে ষায়। কেননা, বরফ কঠিন পদার্থ ব'লে শৃয়ে থাকতে পারে না।

শিষ্য। গঙ্গোত্ৰীতে কি খুব বৃষ্টি হয় ?

গুক। দেখানে বৃষ্টি বড় আশ্চর্যা রকমে হ'য়ে থাকে। প্রাক্তিক সব আশ্চর্যা কাজ দেখালৈ পবে হৃদয় ভগবং প্রেমে আপ্লুত হ'য়ে বায়। আবণ মাদে গঙ্গোত্রীতে ছিলাম। বৃষ্টি প্রায় হ'তো দেখাতাম, কিন্তু ফিন্ ক'বে একদিনও জােরে বৃষ্টি দেখালাম না। একটা পাঞাকে তাব কারণ জিজ্ঞানা করাভে সে উত্তব দিল বে, জােরে বৃষ্টি হ'লে আমরা খাব কি বাবা ? গঙ্গোত্রীব দশ মাইল নীচে পাহাভের গামে ঢালু জায়গায় কোদাল দিয়ে মাটি খু'ডে আবাদ হয়। আরও তু মাইল নীচে পাভাদের বাডা। পাহাভের গামে ঢালুতে ফদল হয়, কাজেই বেণী জােবে বৃষ্টি হ'লে সব ধু'য়ে নিয়ে বাবে। ফসলের মধে। গোলা আলু প্রধান, আদা, এবং গম ধানও বিছু কিছু হয়।

শিষ্য, প্রাকৃতিক কার্য্যেও ভশবানের অসীম দয়া এবং কৌশল প্রকাশ পাছে দেখ্ছি।

গুক। ভগবান প্রাকৃতিক একটা দ্বিনিস বা কাব্দের দারা জনেক গুলি উদ্দেশ্য সিদ্ধ কবাচ্ছেন। এমন কি, এ সংসাবে একটা তৃণের দ্বাবায়ও সে উদ্দেশ্য সিদ্ধ হচ্ছে।

শিশ্ব। প্রাকৃতিব একটা দ্বিনিসের দ্বাবা একাধিক উদ্দেশ্য কি ক'বে সিদ্ধ হ'ছে ?

গুরু। বাইরে যাওয়ার দবকার নাই। তোমার শরারেরই কোন একটী অঙ্গ প্রত্যঙ্গ নিম্নে বিচার ক'রে দেখ্লেই তা বুর্তে পার্বে। এই চোধের পাপ্তী। এতে কি কি কাজ হয় তা জান ? প্রথমতঃ চোধের শোভাবর্দ্ধক, পাপ্তাবিহীন চোধ খুব খারাপ দেখায় আমি তা দেখেছি। দিতীয়তঃ চোধে থুলা কূটা কিছু পত তে দেয় না। তৃতীয়তঃ দৃষ্টিশক্তির তেজ বাড়ায়। চোথ বু'জে ভাবপর ঈষৎ খু'লে চোথেব নিকট কোন লেধা ধ'বে পাপ্তীব মধ্যে দিয়ে দেখুলে অক্ষব বেশ বড দেখায়। ঘাসে কি কি হচ্ছে তা জান ? প্রথমতঃ পৃথিবীতল শোভা ক'রে থাকে। দিয়ে যেনে তেজেই বৃষ্টি হ'ক না কেন, মাটি ধু'য়ে নিয়ে ষেতে পাব্বে না। তৃতীয়তঃ ঘাসেব সবুজ বজে সমস্ত প্রাণীব চোথ ঠাগুলা বাথে। চতুর্যতঃ প্রধাদি প্রাণীব খাল। খাস ও ঘাসেব শিকড় মানুযেব অনেক ওরুধে লাগে। এই রক্ষে প্রাকৃতিক যাবতীয় জিনিস একাথিক কাজ কর্ছে।

শিষ্য। স্থামি । গধন এই ভাব্ছি ষে, ভগবানেব প্রাকৃতিক কাজ বোঝ্বার সাধ্য কাবও নাই, তথন তাঁকে প্রানবাব সাধ্যই নাই।

শুক। ভগবান সহজে বোধগনা হওয়াব বিষয় নন্। তবে কুপা ক'রে বাঁকে স্তট্কু ডানিয়ে দেন, তিনি ওত্টুকুই তাঁকে জান্তে পাবেন। সাংসাবিক সাধারণ লোক ভগবানকে তাদের নিজেদেব ছাঁচে চেলে নেয়। ভগবৎ কু গায় তাঁর তত্ব কিছু অক্সভবে এলে, তথন আর তাকে নিজেব ছাঁচে গড়তে ইচ্ছা হয় না, ববং তাঁব ছাঁচেই নিজেকে গড়বে ১য়। তাঁব কুপা ভিয় তাঁকে জানবার আব উপায় নাই।

শিখা। দাগনি ব'লেছিলেন যে, অবৈভজানের আশ্রয় নিয়ে আসল তত্ত্ব আনাকে বোঝাবেন। আজ আমাকে সেইটা বুঝিরে দিন। আমার সংশ্রটা মিটে ধাক

এক। অ'ক্লা, তোমার মনেব সংশয়টা আগে বল। শিল্যা আগনি যে য'লেছেন জীবাত্মা ও প্রমাত্মা ছইই এক, কেবল অবস্থানের পার্থকা হেড়ু নাম ভেদমাত্র। জীবাত্মা কর্মকলে আবদ্ধ হ'রে ভূতগণেব দেহেতে বদ্ধাবস্থায় অবস্থান কব্ছেন আব প্রমাত্মা সমগ্র বিশ্বব্যেপে অথপ্ত সচিদানন্দ পূর্ণব্রন্ধরণে মুক্তাবস্থায় অবস্থান কব্ছেন। আমাব এই সংশয় হ'ছে বে, জীবাত্মা ও প্রমাত্মা যদি একই হন, তাহ'লে পরমাত্মা অথপ্ত পূর্ণব্রন্ধ থাকেন কি ক'বে ? কেননা, প্রমাত্মা থেকে জীবাত্মা বিচ্ছির হ'রে এসেই ত তার অংশক্ষপে ভূতপ্রেব দেহেতে অবস্থান ক'ব্ছেন। স্তরাং বিশ্বব্যাপী ব্রন্ধ অথপ্ত অর্থাৎ পূর্ণ বৈরন্ধন কৈ ?

শুক। জীবাত্মা ও প্রমাত্মা একই এবং প্রমাত্মা অবিচিচ্ন অর্থাৎ
অথগু। ভূতগণের দেহেতে অবস্থান করছেন মনে ক'রে তুমি পৃথক
ভাব্ছ। আমি ব'লছি তুমি নিশ্চয় জেন বে, এই বিশ্বক্রাণ্ডে ষা কিছু
দেখ্তে পাছে, তাও প্রমাত্মা থেকে বিচ্ছিন্ন নম্ন, শুধু ভূতগণন্থিত
আত্মাব্যাব কথা কেন।

শিয়। এ বে আবার নতুন কথা শুন্ছি। তবে ত আবও ভাল। এ সব স্টে পরমাত্মাব দলে এক হ'ল কিলে ?

গুক। বেমন সমৃত্র আর ৎরক। তবক কি সমৃত্র ছাতা । না সমৃ-দের সঙ্গে বিচ্ছির । তবক সমৃত্র হ'তে বিচ্ছির হ'তে পারে না। বেখানে সমৃত্র নাই সেখানে তবক ও নাই। নীচে যেমন বিশাল সমৃত্র প'ড়ে আছে, আর তাব উপর তবক উঠছে। তেমনি প্রমাজারপ অনন্ত সমৃত্র প'ডে আছেন, আর তাবই উপরে স্মৃত্রিরপ তরক উঠছে অর্থাৎ স্মৃত্রি, স্থিতি ও প্রালয় হ'ছে। সমৃত্র যেমন তার তরক থেকে বিচ্ছির হ'তে পারে না। পরমাজাও তেমনি তার স্মৃত্তি থেকে বিচ্ছির হ'তে পারেন না। সমৃত্র তবকে স্থাবিশ্ব প'ড়ে যেমন নানা বকম দেখার, তেম্নি পরমাজার স্থিত তরকেও মারারপ রশ্বি প'ড়ে নানা রকম দেখাছে। যেমন সমুদ্রের জ্বাই তরজে পরিণত হয়, তেম্নি পরমাত্মী অন্নংই এই বিশ্বে পরিণত হ'য়েছেন। মান্নাপ্রযুক্ত এই বিশ্ব ব্যাপার নানা রক্ষ দেখাছে বটে, কিন্তু মান্না নিল্পুক্ত হ'লেই সেই একমাত্র সচিচদানন্দ পরমাত্মাকেই দেখা বান্ধ।

শিশ্ব। ক্ষিতি বে প্রমাত্মা থেকে বিচ্ছিন্ন নয় তা আমি মান্লাম। পরস্ক, জীবাত্মা ও প্রমাত্মা সহদ্ধে আমার এই সংশন্ন হয়েছে যে, পরস্পর ভিন্ন স্থানে ও ভিন্ন অবস্থার থেকেও কি ক'বে এক হ'তে পারেন?

শুরু। সেদিন যে ভোমাকে দৈতজ্ঞানের কথা ব'লেছি, ঐ ভাবটী সাধারণ লোকের বোধগম্য এবং তাদের উপাসনাবও অমুক্ল। কেন না, তারা অধৈত ভাব মনে ধাবণা কব্তেই পারে না। বাত্তবিক, প্রমান্ধা অবিচ্ছিন্ন ভাবেই সমগ্র বিশ্বব্যেপে অবস্থান কব্ছেন। আকাশ যেমন কথন বিচ্ছিন্ন হয় না, পরমান্ধাও তেম্নি কথন বিচ্ছিন্ন হন না, স্ত্তবাং জীবাত্মা আলাদা হবেন কি ক'বে গ কেবল কল্লিত উপাধিযুক্ত হওয়াতেই উাকে আলাদা ব'লে বোধ হয়। যেমন ঘটাকাশ ও মহাকাশ।

শিশ্ব। আপনি যে ঘটাকাশ ও মহাকাশেব উদাহরণ দিচ্ছেন, আমি কিন্তু তার কিছুই বুঝ্লাম না।

গুরু। যতক্ষণ ঘট থাকে ততক্ষণ ঘটমধাত্থ আকাশ ঘটাকাশ ব'লে পবিচিত হয়। ঘটেব নাশ হ'লে ঘটাকাশ ও মহাকাশ নিশে যেমন এক হ'য়ে যায়, এবং এক মহাকাশই নাম থাকে। তেম্নি উপাধিকপ দেহ ঘটেব নাশ হ'লে, জীবাআ ও পবমাআ মিশে এক হ'য়ে যান এবং কেবল পরমাআই নাম থাকে।

শিষ্য। তবে মল্লেই ত দেহকপ ঘটেব নাশ হয়, স্বতরাং মৃত্যু হ'লেই মৃক্তি।

গুরু। বৈতভাবের আশ্রয় নিমে ভোষাকে বোঝাডে হবে, নচেৎ তুমি বুঝাতে পার্বে না। মৃত্যুতে স্থুল শরীর ঘটের নাশ হয় বটে, কিন্তু সুন্ধ ও কারণ শরীররূপ ঘটের নাশ হয় না। এই সুন্ধ ও কারণ শরীর-क्रभ घटित नांभरकरे घटित नांभ बरम। एक भंतीवरक मित्र भंतीवर বলে। কাঠের সিংহাসন মধাত কপার সিংহাসনে সোণাব আসনে শাল-গ্রাষ শিলা যেমন বিবাজমান থাকেন, তেম্নি স্থল শরীরেব মধ্যস্থ স্ক্র नवीदत कावण नजीवक्रभ आमत्म कीवाजा थोटकन। कुन नजीदत्र मान হ'লে, অর্থাৎ মৃত্যু হ'লে, ডখন ঐ স্ক্র শরীররূপ সিংহাসন কারণ শরীর-রূপ আসনে বসিয়ে জীবাথাকে ব'বে নিয়ে গিয়ে অভা নতুন স্থুল দেহেতে স্থাপন করে। তাকেই লোকে জন্ম বলে। কোটা কোটা বার এই স্থুল দেহের উৎপত্তি ও বিনাশ হচ্ছে, অর্থাৎ জন্ম ও মৃত্যু হ'চ্ছে, কিন্তু হক্ষ ও কারণ দেহের নাশ হয় না। যেহেতু ভারা আগুনে পোড়েনা, অজ্ঞে कार्टि ना, পচে ना मर्फ ना, कुन भार्श्व नम्न व'रन किছूर्टिक डारम्बर्स्क ধ'রতে ছুঁতে পারা ধায় না। স্কুও কারণ শরীরের নাশ হ'লেই মায়া-কল্লিত জীবাত্মানপ উপাধি ঘু'চে গিয়ে তৎন কেবল এক পরমাত্মা ব'লেই কথিত চন

শিশ্ব। শরীর কটা?

গুরা। কেন । সেদিন আত্মা কেমন সেই প্রসঙ্গের মধ্যে তিনটা শবীরেব উল্লেখ শু'নেছ। শরীর তিনটা স্থুল, স্ক্ষ ও কাবণ।

শিষ্য। এই তিনটি শবীর কেমন তাই আমাকে বুঝিয়ে দিন।

গুরু। পাপ ও পুণোব দকণ ত্বাধ ও স্থাভোগ কর্বার জন্ম বড়-বিকার ভাবগ্রস্ত যে ভোগায়তন অর্থাৎ ভোগের স্থান তাই স্থূল-শশীর, তার মানে এই দেহ স্থূল-শরীর। পাঁচটা প্রাণ, পাঁচটা জ্ঞানেন্দ্রির, পাঁচটা কর্মেন্দ্রির, মন ও বুদ্ধি, এই সভেরটা তত্ত্ব নিরে যে শরীর তাই স্ক্ষম শরীব। আর স্থূল ও হক্ষ শরীরের উৎপত্তির কারণ বে মান্বাজনিত অবিভা অর্থাৎ অজ্ঞানতা তাই কারণ শরীর।

শিষ্য। ষড়বিকাব ভাৰএন্ত স্থূল-শরীব ব'ল্ছেন সেই বিকার কি কি ?
তিরু। সাংখ্য পাস্ত্রে ব'ল্ছেন যে, এই স্থূল দেহ ছয়টী বিকারযুক্ত
যথা—জন্ম, বিভ্যমানতা, বৃদ্ধি, পবিণতি, অপক্ষম ও বিনাশ। এই কয়টী
বিকার আছে ব'লেই স্থূল পরীরের নাশ হয়, কিন্তু স্ক্রম ও কাবণ
পরীরেব এই বিকার কয়টী নাই, স্ক্তরাং তাদের নাশও সহজে হয় না।
তাদেরই নাশ হ'লে তবে গা জীবেব মজিত।

শিশ্য। স্থন্ন ও কাবণ শরীরেব নাশ হ'লে জীবেব মুক্তি হয় ব'লছেন, কিন্তু তাদের নাশ হয় কিনে ?

গুক। তত্ত্জান লাভে নাশ হয়। এই জ্ঞানকে আত্মজানও বলে। বেষন সূর্য্য উদয় হ'লে অন্ধকার আর থাকেনা, তেমনি তত্ত্বলাভ হ'লে উক্ত শরীরহ্বরেব অন্তিহও আব থাকে না। কট্কিরা বেষন জলের ময়লা কেটে দিয়ে জলকে পরিষ্কার উল্টলে করে, তথন হল ভিন্ন জলের মধ্যে আর কিছুই দেখা যার না। তত্ত্জানও তেম্নি আত্মাব মায়াকলিত উপাধিরপ ময়লা কেটে দিয়ে আত্মাকে পরিষ্কার উল্টলে করে। তথন এ জগতে আত্মা ভিন্ন আর কিছুই দেখা যার না।

শিষ্য। তত্ত্তান কি ক'রে লাভ হর সেইটা আমাকে অনুগ্রহ ক'রে বলুন।

গুরু। তত্ত্তান লাভের উপায় হ'চ্ছে চিন্তগুদ্ধি। সেই চিন্তগুদ্ধি আবার অধিকারী ভেদে বিভিন্ন প্রকারে লাভ হ'বে থাকে। থাদেব সংসারে বিরাগ ভবেছে অর্থাৎ সংসারত্যাগী, তাদের বৈরাগোর প্রবল-ভাতে চিন্তগুদ্ধি লাভ হয়। শাস্ত্র বচন শ্রবণ, মনন, নিদিধ্যাসন, পর্যায়ক্রমে এইগুলি সাধন ক'রলে চিত্তগুদ্ধি লাভ হয়। যোগশাস্ত্র কথিত আসন প্রাণায়মের ছারায় চিত্তগুদ্ধি লাভ হয়। সমস্ত কর্ম নিজামভাবে ক'বলে চিত্তগুদ্ধি লাভ হয়। ভগবদ্ সেবা ক'বলে চিত্তগুদ্ধি লাভ হয়, এবং সাধু সেবা ও সাধুসঙ্গ কব্লেও চিত্তগুদ্ধি লাভ হয়। এই চিত্তগুদ্ধি যথন লাভ হয় মর্থাৎ চিত্তে রাগ, ছেব, আশা, কৃষ্ণাদি কোন রকম ময়লা যথন উৎপন্ন না হয়, তথন গুরু উপদিষ্ট সাধনা কর্লে ক্রমে তর্ত্তানের বিমল জ্যোতিঃ অত্তরে প্রকাশ পায়। সংসারত্যাগী মহাত্মারা শাস্ত্র-বচন প্রবণ, মনন, নিদিধ্যাদন ও ঘোগশাস্ত্র কথিত আসন প্রাণায়মাদির ছাবা চিত্তগুদ্ধি লাভ করেন, এবং গৃহীরা নিক্ষামভাবে যজ্ঞ, দান ও তপ অহ্ঠান ছাবা চিত্তগুদ্ধি লাভ করেন। ইচাকেই নিক্ষাম কর্মবোগ বলে। এই কর্মধাগই গৃহীদের উপায় এবং কণ্যাণকর।

শিষ্য। আপনি গৃহী ও ত্যাগীর চিত্তগুদ্ধির উপান্ন আলাদা আলাদা যা বল্লেন তা বুঝলাম্। এখন এমন একটা উপান্ন বলুন যা সকলেই অবধানন ক'বতে পারে।

গুরু। ভগবদ সেবা। গৃহী ত্যাগী সকলেই এই উপায়টা অবলম্বন কৰ্তে পাবে। মন প্রাণের সহিত ভগবদ সেবা ক'ব্লে নিশ্চয়ই চিন্ত-গুদ্ধি লাভ হবে। ফলত: চিত্তগুদ্ধি লাভ না হ'লে ভন্ধজান লাভের কোন আশাই নাই।

শিষা। চিত্তগুদ্ধি না হ'লে ওবজান লাভের কোন আশা নাই কেন ?
গুরু। চাষের ঘারা জমী খু'ড়ে পবিদার না ক'রে দসল বুন্লে
বেমন ফসল হয় না, তেম্নি চিত্তগুদ্ধির ঘাবা হাদর পরিদার না ক'রে
সাধনাদি ক'র্লেও কোন দল হয় না। খনের মধ্যে রাগ ছেষাদি ময়লাগুলি পু'রে রেথে লোক দেখান ভ্রুন সাধন কব্লে কি হবে ?

শিষা। আজা হাঁ, চিতত দ্বির বে বিশেষ প্রয়োজনীয়তা আমি বেশ বুঝ্লাম্। এখন আমাকে জীবাত্মা ও পরমাত্মা সম্বন্ধে বুঝিয়ে দিন। আগনি ব'লছেন বে, পরমাত্মা অবশু অর্থাৎ অবিচ্ছিন্ন ভাবে সমগ্র বিষে ব্যাপ্ত আছেন। আবাব ব'ল্ছেন বে, জীবাত্মা ও পরমাত্মা ঘটাকাশ ও মহাকাশের মত। ঘটেব নাশ হ'লে বেমন ঘটাকাশ মহাকাশে মিশে এক হ'য়ে যায়, তেম্নি দেহকপ ঘটেব নাশ হ'লেও জীবাত্মা ও পরমাত্মা মিশে এক হ'য়ে য়ান। এখন আমার সংশয় এই যে ঘটেব নাশ হ'লে ঘটাকাশ যেখানকার সেইখানে থাকে। পবস্তু, জীবাত্মা যে চ'লে বেডান। এক দেহকপ ঘটেব নাশ হ'লে অর্থাৎ মৃত্যু হ'লে অন্ত দেহকপ ঘটে অধিষ্ঠিত হন অর্থাৎ জন্ম হয়। ত্বতরাং জীবাত্মা পরমাত্মা থেকে বিচ্ছিন্ন না হ'লে কি ক'বে যাওয়া আসা করেন অর্থাৎ মৃত্যু ও জন্মের অধীন হন।

শুক। জীবাআ ও পরমাত্বা একই জিনিস, উপাধিযুক্ত হওয়াতেই বিভিন্ন ব'লে বোধ হয়। যাকে তুমি জীবাআ বলছ, বাস্তবিক পক্ষে তিনি কোথাও বাছেন্ন না অথবা আদ্ছেন না। সচবাচৰ বিশ্বেৰ সকল স্থানেই তিনি পরিপূর্ণ আছেন। অবশু এই বিশ্বেৰ কোন স্থানে যদি ফাঁক থাক্ত ভাহ'লে না হয় তিনি বেতে আদৃতে পাবতেন স্বীকার করি। বেতে পোলাই থোলাসা স্থান অর্থাৎ থালি আয়গা চাই, নইলে বান কি ক'রে প এবং বেস্থান হ'তে বাবেন সে স্থানটাও থালি ক'রে অর্থাৎ পৃত্ত ক'রে বেতে হবে। পবস্তু, এই ছটাৰ একটাও নম্ন, কেননা তিনি বিশ্বেৰ সর্বস্থানে সর্বাদা পূর্ণবিপে বর্ত্তমান আছেন। এই সচবাচৰ বিশ্বে তিলান্ধি স্থানও পাবেনা যেখানে তিনি অবিশ্বিত না আছেন। এ অবস্থায় আআবাৰ যাওয়া আসা কি ক'বে প্রতিপন্ন হ'তে পাবে প সেইভক্ত ভগবান শঙ্কবাচার্য্য প্রাপ্ত্রা স্থোত্রে ব'লেছেন যে, "পূর্ণপ্রাবাহনং কুর্ন," "সর্ব্বোধাৰস্তচাসনম্"। এই বিশ্বেৰ সর্ব্রেই তুমি পূণক্রপে বর্ত্তমান আছ, তে মাকে আহ্বান কি ক'রে ক্রতে পাবা বায়। নতুন এলেই লোকে আহ্বান ক'বে থাকে,

ষে বরাবর উপস্থিত অচে তাকে কি কেও আহ্বান করে? সকল স্থানই অধিকার ক'রে তুমি ব্যাপ্ত আছ, তোমাকে আসনই বা কোথার দিবে ? অর্থাৎ তুমিই সমগ্র বিশ্বের আধার তোমার আধার কৈ? ভগবানও গীতার ১৩শ অধ্যায়ের ১৩শ শ্লোকে ব'লেছেন যে,

দর্ববতঃ পাণিপাদং তৎ দর্বতোহক্ষিশিরোমুখম্। দর্ববতঃ শুভিমশ্লোকে দর্বামার্ত্য তিষ্ঠতি॥

স্কৃত্তই (এই বিখের স্কৃত্ত) তাঁব (ঈখরের) হাত, পা, চোথ, মাথা ও মুখ বিরাজিত আছে। তিনি স্কৃত্তকে (বিশ্বকে) আবৃত ক'রে অবছান কর্ছেন। এখন বিচার ক'রে দেখ, তিনি ছাডা খালি জারগা থাক্লে তিনি অবশু থেতে আদৃতে পাক্তেন। বিশ্বক্রাণ্ড যে তাঁর পেটের মধ্যে। আর জন্ম মৃত্যুতে আত্মা আসা বাওয়া করেন, এ সংশন্ধ বদি তোমার হর, তাহ'লে তার উত্তর ভগবদাক্যেই পাবে। আত্মার যে জন্ম মৃত্যু নাই ভগবান তা গীতার ২র অধ্যারের ২০শ স্লোকে বলেছেন বে,

ন জায়তে ত্রিযতে বা কদাচিসাবং ভূত্বা ভভিতা বা ন ভূষঃ।
অজো নিত্যঃ শাশতোহয়ং পুবাণো
ন হন্যতে হন্যমানে শবাবে ॥

জাত্মা কখন জন্মন না বা মরেন না, কখন হননি, কখন বর্ত্তমান নাই বা হবেন না, এবং ইনি বৃদ্ধিত হন না। কেন না ইনি (আআা) অজ জন্মরহিত), নিতা (চিরকাল বর্ত্তমান), শাখত (অপক্ষয়শৃত্য) এবং পুরাণ (পরিণাম শৃত্য অর্থাৎ যেমন আছেন তেম্নি থাক্বেন) অর্থাৎ জন্ম, বিভ্যমানতা, অপক্ষয় শৃক্ত, পরিণতি ও বিনাশ এই বডবিধ বিকারশৃক্ত।

শিশ্য। আমি ত মশায় বিষম ধাঁদার পড়ে গেলেম দেখ্ছি। আআ জন্মেন না মরেন না, তার না হয় মানে হ'তে পারে, আআ যে বিভ্যান নাই ব'লছেন, এ কি রকম কথা । তবে কি আআ নাই ?

গুরু। আত্মা থাক্বে না কেন । কেবল অত্মাই আছেন আত্মা ছাড়া আর কিছুই নাই। তিনি সর্বাদা সর্বাদ্র বিভয়ান আছেন, কিন্তু তিনি বিভয়ান আছেন এই কথা ব'লে তার এই মানে হয় যে, তিনি আগে ছিলেন না এখন আছেন। যেমন কেও ব'লছে যে গোপাল বাবু এখন সেথানে বিভয়ান আছেন। তার মানে এই বে তিনি সেথানে আগে ছিলেন না এখন আছেন। আত্মা বিভয়ান আছেন বলেও ঠিক তাই ব্যায়। সেই দোষ পরিহাবেব জন্তই আত্মা বিভয়ান আছেন একথা বলা নিষিদ্ধ।

শিয়। আছা, এটা না হয় স্বীকার কর্লাম, কিন্তু আত্মা আদা বাওয়া করেন অর্থাৎ জন্ম মৃত্যুর অধীন হন, তা আপনি না ব'ল্বেন কিলে? স্পষ্ট দেণ্তে পাছিছ মৃত্যু হ'লে আত্মা চ'লে বান, তথন দেহটা মাটির মত প'তে থাকে, এবং গর্ভস্ক সন্তানের বখন আসেন তথন পেটের মধ্যে ঐ ছেলে নভাচডা করে এবং সময়মত ভূমিষ্ঠ হয়। যে সন্তানের দেহেতে আত্মা না থাকেন অর্থাৎ মৃত সন্তান প্রসব হয় না, ডাক্তারেরা কেটে কেটে বাব করে। আব যে আপনি ঘটাকাশ ও মহাকাশের উদাহরণ দিলেন, জীবাত্মা ও প্রমত্মা সম্বন্ধে সে উদাহরণও থাটে না। কারণ, ঘট ভাঙ্গলে ঘটাকাশ যেখানকার সেইখানেই থাকে, কিন্তু জীবাত্মা যে চ'লে বেড়ান।

আচ্ছা, তুমি যে ভাবে বুঝুবে সেই ভাবে বুঝাচ্ছি। একবার

যা বলেছি আবার ভাই বলতে হচ্ছে। বাস্তবিক আত্মা কোথাও याख्या व्याप्ता कव्रह्म ना, छिन प्रक्रिक विरचेत प्रक्रिके শের মত অবিচিত্নাবস্থায় অবস্থান ক'ব্ছেন। সেই জন্মই শাস্ত্রে তাঁকে অখণ্ড পূর্ণত্রন্ধ বলে। মনে কর এখানে একটা মাটির ঘট আছে, এবং ঘটেব মধ্যে আকাশন্ত আছে, সেই আকাশকে ঘটাকাশ বলে। এখন ঐ ঘটনা এখান থেকে ভলাতে নিয়ে গিয়ে ভেলে দেওয়া হ'ন, স্থভবাং ঘট্যধাস্ত আকাশ অর্থাৎ ঘটাকাশ দেইখানে মহাকাশের সঙ্গে মিশে अक छ'য় (शन । अथन तन सिथि, सिथीन थ्यंक योंकी भवान (१० দেখানকার আকাশ ঘটের অবস্থিতিব হেতু কম ছিল কি ? অথবা এখন সেধানকার আকাশ কমল কি ? অথবা বেখানে ঘটাকাশ মহাকাশে মিশে এক হ'লে গেল দেখানকাৰ মহাকাশ বাড্ল কি ? না কম্ল, না বাড্ল, যেমন আকাশ তেমনিই আছে। কেবল ঘটকপ উপাধিটী ছিল ব'লে. এক আকাশেৰই হুটা নাম ০'য়েছিল। যখন উপাধি বুচে গেল তথন আকাৰ্ণেবত ছটা নাম খুচে গিয়ে এক মহাকানই নাম বৈল। তেম্নি মায়াক্ত্রিত উপাধিরপ দেহঘটের নাশ হ'লেই জীবাআ ও প্রমাত্মা এক হ'রে বান, তথন কেবল পরমাত্রা বলেই ক্থিত হন। আকাশ যেমন স্ক্রাবস্থায় দৰ্বত্র পরিব্যাপ্ত আছে, প্রমাত্মান্ত তেমনি স্ক্রাদপি স্ক্রাবস্থায় অবিচ্ছিন্নভাবে সমগ্র বিশ্বে পবিবাধ্যে আছেন। তিনি স্থাবৰ জন্ম ধাৰতীয় পদার্থেই ব্যাপ্ত আছেন। স্থাবিথি ষেমন বস্তু বিচার না ক'বে সকল পদার্থেই পতিত হয়, প্রমাত্মাও তেম্নি বস্তু বিচার না ক'রে সচরাচর বিষেব দমন্ত পদার্থেই ব্যাপ্ত আছেন। স্থারশি স্বচ্ছ পদার্থ ভিন্ন ভামন অর্থাৎ মলিন কিম্বা স্থল পদার্থের মধ্যে প্রবেশ কব্তে পারে না। পরমাত্মা किंख कि अष्ट, कि मिनन, कि भून, कि एमा এই विस्थेत्र बावजीय शर्मार्थव অস্তব্যে বাহিরে ওতপ্রোতভাবে ব্যাপ্ত আছেন। আবার বিধের বাহিরেও অনস্তরপে অনস্ত আকাশে ব্যাপ্ত আছেন। আকাশেরও অস্ত নাই তাঁরও অস্ত নাই, তার স্বরূপ অবস্থায় অবস্থিতির নামই আকাশ। ভগবান গীতার ১০ম অধ্যায়ের শেষ শ্লোকে তাই ব'লেছেন যে,

অথবা বহু নৈতেন কিং জ্ঞাতেন তবাৰ্জ্জুন। বিষটভ্যামহমিদং কুৎস্মমেকাংশেন স্থিতো জগৎ॥

হে অর্জুন। বছ জ্ঞানে অর্থাৎ আমার বিভৃতির পৃথক্ পৃথক্ ভাবে তোমার জান্বাব দবকাব কি? আমি সমগ্র বিখে আমাব একাংশের দ্বারা ব্যাপ্ত হ'রে আছি। ভগবদ্বাক্যেব তাৎপর্য্যার্থ কি ? ভগবান বল্ছেন যে, হে অর্জুন। ভূমি যে এই বিশ্বর্জাপ্ত দেখ্ছ এদব আমার এক অংশে প'ডে আছে, এর (বিশ্বের) বাইরে আমি অনন্ত আকাশে ব্যেপে অন্তর্গপে অবস্থিত মাছি।

শিয়। তা হ'লে পরমাত্মা কি বিশ্বের অর্থাৎ স্প্রটির বাইবেও আছেন?

গুঞ্। তা নাই ॰ সৃষ্টি ও তাব পাদদেশে প'ডে আছে। তাতেই ত শ্রুতি মুক্তকঠে ব'ল্ছেন যে, "পাদোংস বিধো ভূতা নীতি"। জগবান জনাদি অনস্ত স্তবাং তার সম্পূর্ণ ধবর কারও জানবাব উপায় নাই। সেই জন্মই ভগবান গীতায় ব'লেছেন যে, "ন বিছু মে শুরগণা"। এখন তুমি বুঝ্লে যে প্রমাধা অথপ্রক্রে সমগ্র বিশ্বব্যেপে অবস্থান কর্ছেন ৪ এই বিচার্বে শান্ত্রে অবচ্ছেদ্বাদ বলে।

াশস্য। আজ্ঞা ই। বুন্লাম। পরমাত্মা বিধের চেয়ে যে চের বড ভাও বৃষ্লাম।

গুরু। যেমন বড় বড গাছে ফল ফুল থবে, এবং ফল ফুলের তুলনার গাছ বহু গুণ বড়। আর যখন ফল ফুল থবে, ফল ফুল উৎপন্ন ছওয়া হেতু, তথন গাছ হ্রাস পায় না, কিলা ফল ফুল না থাক্লেও গাছ যেমন বৃদ্ধি পায় না। তেমনি পরমান্তাও স্ত বিশ্ব অপেকা অনম্ভ ওণ বড, এবং স্পৃষ্টি লয়ের জন্ম তিনিও হ্রাস বৃদ্ধি প্রাপ্ত হন্ না।

শিষ্য। আজ্ঞা ই। বৃঝ্লাম্, কিন্তু পরমাত্মা স্থাবৰ জ্বন্ধ অর্থাৎ জড় ও চেতন সকল পদার্থেই যে সমানভাবে ব্যাপ্ত আছেন ব'লছেন্, এ কথায় আমাৰ মনে বিশেষ সংশন্ধ হছে। জড় পদার্থ নিশ্চেষ্ট ই'য়ে এক জারগার প'ড়ে থাকে, কিন্তু চেতন পদার্থেব চেষ্টা দেখতে পাই, তাতেই পরিচয় পাই যে আত্মা তাতে আছেন। আবার বধন তিনি না থাকেন তথন ঐ চেতন পদার্থই চেষ্টাবিহীন জড়ের ভার প'ড়ে থাকে। আত্মা যখন স্থাবর জ্বন্ম সকল পদার্থেই সমানভাবে ব্যাপ্ত আছেন ব'ল্ছেন, তখন এ বৈষ্ম্য দেখা বায় কেন ?

গুরু। পরমাত্মার বিচ্ছিন্ন হ'রে আসা যাওয়া সহলে তোমাকে অবচ্ছেদবাদে বুঝিয়েছি এখন এ প্রশ্নেব উত্তর শোন। তুমি যে স্থাবর ও জঙ্গম পদার্থকৈ জড় ও চেতন বলছ, কিন্তু প্রকৃত তা নয়। জগতের যাবতীয় পদার্থই জড়, কেবল একমাত্র আত্মাই চেতন। সমস্ত পদার্থ জড় বটে, কিন্তু জড় ছই প্রকার। যাকে তুমি চেতন পদার্থ বলছ তা স্থাছ জড়, আর যাকে জড় পদার্থ বলছ তা তামস অর্থাৎ মালন ১৯৬। ফলতঃ এই ছই পদার্থেই পরমাত্মা সমানভাবে ব্যাপ্ত আছেন। এ যে পাহাড়ী লোকটা পাহাডের উপর গাছ কাট্ছে দেখছ, এ পাহাড়ও যা লোকটাও তাই। যে কুড়ুলে গাছ কাট্ছে সেই কুড়ুল্থানা যা গাছটাওই তাই। পরমাত্মা সকল পদার্থেই ব্যাপ্ত আছেন বটে ত্রুটাচ বৈষম্য দেখা যাছে। তাব কাবণ এই বে, যে পদার্থে পরমাত্মার চিদাভাগ প্রতিবিশ্বের তার প্রতিফলিত হছে, তাকে চেতন পদার্থ বলে, এবং যে পদার্থে তা হছে না তাকেই জড় পদার্থ বলে।

শিষ্য। তা হ'লে কি সকল পদার্থে চিদাভাস সমান পড়ে না ?

শুক্ত। সমান পড়বে না কেন ? বেমন জল কাচাদি স্বচ্ছ পদার্থে প্রতিবিশ্ব দেখা যায়, অস্বচ্ছ অর্থাৎ মলিন পদার্থে প্রতিবিশ্ব দেখা যায় না। তেম্নি স্বচ্ছ জড় পদার্থে চিদাভাদ প্রতিবিশ্বেব তার দেখা যায় নডাচড়া, চলাফেবা ইডাাদি হচ্ছে প্রতিবিশ্বেব লক্ষণ। স্পার তামদ অর্থাৎ মলিন জড়ে চিদভোদ প্রতিবিশ্বের স্লায় দেখা যার না।

শিষ্য। তাৰ কাৰণ কি ?

শুরু। তাব কাবণ, সন্ধান্তিকা বুদ্ধি হছে স্বচ্ছ পদার্থ। এ জপতেব
যাবতীয় জন্ম পদার্থেব স্ক্র শবীবকে আশ্রয় ক'বে. সেই বুদ্ধি আছে,
এবং স্বচ্ছ জড়ে বৃদ্ধি আছে ব'লেই টিনাভাগ প্রতিবিধের ভার সেখা যায়
এবং সেই সকল পদার্থকে চেতন পদার্থ বিলে। কেবল সন্ধাত্মিকা বৃদ্ধিসমান্তি হওয়া না হওয়াব নকণ পদার্থ নব চেতন ও জড় সংজ্ঞাপ্রাপ্ত হচ্ছে।
তাতে চিদাভাসেব ন্যাধিকা হচ্ছে না। বেমন বহু কলসীতে জল পূর্ণ
ক'রে দেখ সকল কলসীতেই স্প্রের হতিবিদ্ধ দেখা যাবে না। বাচে পার
লাগান পাক্লেই মুখ দেখা যার, নইসে দেখা যার না। তেম্নি সন্থাজ্মিকা
বৃদ্ধিবিশিষ্ট স্বচ্ছ ভড় পদার্থ অর্থাৎ চেতন পদার্থে চিদাভাস প্রতিবিধের
ভার দেখা যার। সন্থাজ্মিকা বৃদ্ধিবিহীন মলিন অর্থাৎ ক্রড পদার্থে চিদাভাস
প্রেতিবিধের ভার দেখা যার না। শাস্ত্রে এই বিচারকে আভাসবাদ
বলে।

শিষ্য। 'আভাসবাদ বোঝালেন বটে, কিন্তু আমার মনের সংশম কিছুতেই যাচ্ছে না। কাবন, স্পষ্ট দেখ্তে পাচ্ছি বে, প্রাণীবা চ'লে ফিরে বেড়াচ্ছে, ইচ্ছামত কাজকর্ম কর্ছে, এবং আহার বিহারানি স্বাই করছে। আর পাধ্যথানা নিশ্চেষ্টভাবে এক জায়গাতেই প'ড়ে আছে, যা মার্লেও নডে না। এরপ স্থলে বিভিন্ন ধর্মাবলম্বী চুই পদার্থকে এক কি ক'বে বল্তে পারি ?

শুক্ । শান্ধে এই বিশ্ব-সংশারকে স্বপ্নের বিকাবমাত্র ব'লছে, ভগবান শঙ্করাচাধ্যও ব'লেছেন যে, "বিশ্বং ত্যক্ত্বা স্থপ্ন বিকাবম্"। তথম চেঙন পদার্থের বা কিছু চেষ্টাদি দেখতে পাচ্ছ তা স্থপ্নবৎ মিথ্যা। যেমন স্বপ্নে লোকে কত স্থানে যার, কত জিনিস দেখে, কত কাজ কাব, কিছু লোক বেখানকার সেইখানেই নিশ্চেইভাবে ঘূমিরে প'ডে পাকে। গোকে বেমন কোথাও না গিয়ে কিছু না ক'বে, নিশ্চেইভাবে প'ডে থেকেও স্বপ্নেডে সব কাজ কবে, এবং তৎকালে তা সত্য ব'লেই প্রতারমান হয়। তেমান সংসাবেব ভূতগপের বাবুতার ব্যাপার স্বপ্নদৃষ্ট বিষয়ের স্থান্ধ সম্পন্ন হচ্ছে, এবং জাবগবেব নিকট তা সব সত্য ব'লেই প্রতীরমান হচ্ছে।

শিশু। আনরা সংসারে বা ক'র্ছি, তা সব জ্ঞানেব সহিতই ক'রছি, কার্জেই সে সব সভা ব'লে বোধ হছে। যদি সংসার স্বপ্নেবই বিকার হয়, তা হ'লে ঐ সব মিথা। ব'লে বোধ হয় না কেন ৪

গুরু। যে লোক বথন স্বপ্ন দেখে তথন কি আর তাব সেই সব স্থান্ত বিষয় মিথা। ব'লে মনে হয় । তথন তার সে, সব বিষয় সত্য বলেই মনে হয়, কিন্তু বুম ভাঙ্গলে তথন আর সেগুলি সভা ব'লে বোধ হয় না, মিথা। ব'লেই ধারণা হয়।

শিশ্য। স্থা ঘূমিরে দেখা যায়, স্তরাং তা মিথাা ব'লে বোধ হ'তে পারে। এ যে জাগ্রভাবস্থায় সব কর্ছি, কাজেই এসবকে মিথাা বলি কি করে ? আর যদি প্রকৃতই মিথাা হয়, তা হ'লে দেই মিথাাকে সত্য ব'লে খারণা হওয়ার কারণ কি ?

গুরু। প্রান্তি হচ্ছে এর কারণ। বেমন রজ্জুতে সর্পশ্রম।

শিশ্ব। এ যে বড বিষম শ্রম দেখ্ছি। লোকের এ শ্রম ধায় না কেন ?

শুক। দড়ীকে সাপের মত দেখে বার মনে দৃত ধারণা হয় যে এটা সাপই, তার ভ্রম বেতে পারে না। কেন না, সে সাপের সত্যতা সম্বন্ধে ত কোন অমুসন্ধান কর্বে না, এটা সাপ এই বিখাসেই থাক্বে। দড়ীকে সাপ ব'লে মিথ্যা ধাবণা মনে প্রতিষ্ঠিত হওয়াতে, লোবের যেমন বজ্জুতে সর্পভ্রম বার না। তেমনি এই মিথ্যা জগতকে সত্য ব'লে দৃত ধারণা হওয়াতে লোকের মনে পেকে এ ভ্রমণ্ড বায় না। কাবণ, সত্য মিণ্যাব অমুসন্ধান ত লোকে কিছু কব্বে না, এসব সত্য ব'লেই সংসারে ম'জে থাক্বে। ভ্রমই লোককে সংসাবরপ সমুদ্ধে তুবাবাব কুমীব স্বন্ধা। এই ভ্রম যাকে ধরে তার আর সহজে উপরে উঠ্বার সাধ্য নাই। এই যে মিথ্যাকে সত্য ব'লে প্রতীয়মান হচেছ, এই বিচারকে শাস্ত্রে অধাসবাদ বলে।

শিখা। রুজ্জুতে সর্পথ্ম হ'লে চিল মেবে কি পৌচা মেরে তার না হয় অফুদ্ধান করা যায়, কিন্তু জগতের সত্য মিধ্যা সম্বন্ধে কি ক'বে অঞ্-সন্ধান করা যায় ?

শুক। তবে তোমাকে সেদিন বলনাম কি ? চিত্ত দি ক'বে তব্ব-জ্ঞান লাভ কব্লে, তথন এই ভ্ৰম দ্ব হয়, স্থতবাং এই জগতকে মিখ্যা ব'লে বোধ হয়। নচেৎ এ ভ্ৰম দ্ব হবার আৰু অক্ট উপায় নাই।

শিশ্য। আপনি যে বল্ছেন চিত্ত জ্বির দ্বাবা আত্মজ্ঞান লাভ হ'লে তথন ভ্রম দুর হয়। এখন কি উপায়ে কোথেকে সেই জ্ঞান পাওয়া যায় তাই আমাকে বলুন।

গুড়। আত্মজান বাইরে থেকে আসে না নিভের কাছেই ছাছে। তবে ভ্রম অর্থাৎ অজ্ঞানে আরুত আছে। সাধনার ধারা সেই ভ্রম বা অজ্ঞান দূব কবতে পার্নেই, তথন আত্মজান বেরিয়ে পড়ে। আত্মজান লাভ হ'লে তথন আব মুখ্যমান হ'য়ে সংসাবে আবদ্ধ থাক্তে হয় না।
সেইজন্ম শঙ্কবাচার্য্য ব'লেছেন যে, "জ্ঞাতে তত্ত্বে কঃ সংসাবঃ'। এই
আত্ম-জ্ঞানকেই তত্ত্জান ও অকৈতজ্ঞানও বলে। যাব অকৈত্জান লাভ
হয়, তিনি এই বিধকে ব্রেলের সঙ্গে অভেদ দেশেন, এবং নিজেকেও
ব্রেলের সঙ্গে অভেদ জ্ঞান কবেন।

শিশু। মাজা হাঁ এখন আমি ব্ঝালাম। মাচছা, পঞ্জাবের স্ত্রী পুরুষ আবিকাংশ লোকেই, ব্রহ্মেব সাজ তাদেবকে অভেদ ভাবে। 'চাহ'লে সেই সব লোকের কি তত্ত্তান লাভ হয়েছে ?

শুক। তত্ত্বজ্ঞান স্কুল্ভ। এই জ্ঞানটা হচ্ছে জ্ঞানের চর্রয় সীমা, এবং এই অবৈত্তজ্ঞানই জীবনের চরম উৎকর্ষ। এব পর জ্ঞানবাবে আব কিছুই থাকে না, এবং ভবযন্ত্রণা পেকে নিজুতি পেয়ে পরমানন্দের স্বরূপ হ'রে যাওয়া যায়। তঃথের নেশমাত্রও থাকে না। সাধারণ লোকের যদি এ জ্ঞান লাভ হয় তা হ'লে আব ভাবনা কি ? বেদান্ত প'ডে মথবা শুনে মুথে ব্রহ্মা ব'ণ্লে ত আর ব্রহ্ম হয় না, রুপের ভাব অর্থাৎ স্বস্থা হওয়া চাহ। সে অবস্থা লাভ না ক'বে যারা মুথে ব্রহ্ম বলে ভাবা বাক্যন্ত্র বিশেষ। প্রকৃত বাবে মাপনাকে ব্রহ্ম বলে জ্ঞান হয়, অহং ব্রহ্মোশ্মি এ কথা ভিনি আর তথন মুখে ব'ল্ডে পারেন না। কেননা, যিনি নিজেকে ব্রহ্মের সঙ্গে ত্লনা ব র্বেন ভারই বৈত্তাব আছে। মনে অবৈত্তাব প্রতিষ্ঠিত হ'লে, মুখে বৈত্তাবের কথা আর আসে না। বাদের ভর্ম্জান লাভ হয়, তারা জগতকে পরনাআরই বাপ অর্থাৎ সবই বাস্থনের দশন করেন।

শিশ্ব। তত্ত্তানী পুরুষেরা বি ভাবে এই জগড়কে বাপ্লদেব দর্শন করেন ?

গুৰু। সোনাতে বহু বুক্ষ অলম্বাৰ হয়। ব্ৰিও অল্মাৰ সৰ

বিভিন্ন গড়নের হয় বটে, কিন্তু ঐ সব অশক্ষার দেখ্লে মনে গোনা ব'লেই জ্ঞান হয়, মনে হয় এসব সোনারই গড়ন। তেম্নি ভল্জানী মহাত্মারা এ জগতে বা কিছু দেখেন, সমস্ত একেব কপ দেখেন অর্থাং একাহ এসব হয়েছেন। অবৈভজ্ঞান কি সহজে লাভ হয় ৪ সাধারণ লোকের অবৈভজ্ঞান লাভের কোন সন্তাবনা নাই।

শিষ্য। সাধাৰণ লোকেৰ ভৰক্ষান লাভেৰ সন্তাৰনা নাই কেন ? গুৰু। সাধন চতুইয় ভিন্ন অহৈতজ্ঞান লাভে অধিকাৰ হন্ন না।

শিশ্ব। সাধন চতৃষ্টয় কাকে বলে এবং কি বক্ষ ভাবে ক'র্তে হয় অনুগ্রহ ক'বে আমাকে বলুন।

গুরু। নিজ্যা নতা বস্তু বিবেকঃ ইহা মূত্রার্থ ফলভোগ বিবাগঃ শমাণি ষট্ সম্পত্তি ও সমুক্ত্ব চেতি। এ জগতে নিজ্য (অবিনাশা) ও অনিতা (নাশাল) বস্তুর পৃথক্ পূথক্ জ্ঞান, অর্থাৎ এই তুটা সম্পূর্ণকাপে অনুভবে আসা। এইটা প্রথম সাধন। ইহলোক এবং প্রশোকে ভোগের আকাজনা একেবারে ত্যাগ কবা , এইটা থিতীয় সাধন। শম, দম, উপরম, তিতিকা, শ্রন্ধা ও সমাধান এই ছয়টীর নান ষট্ সম্পত্তি, এইটা ভূতীয় সাধন। আমি মুক্ত হব অর্থাৎ জন্ম মূত্যুর যত্ত্রণা থেকে ছুট্ব, এই রক্ষ তীর আকাজনা মনে বাখা, এইটা চতুর্থ সাধন। এই চারিটা সাধনায় সিদ্ধ হ'লে অর্থাৎ মনে ঐ সব ভাবগুলি দৃঢ় ধারণা হ'লে, তখন গা ভত্ত্ব-জান লাভের অধিকার হয়। সেই জন্মই শান্ত্রে বল্ছে যে,

এতৎ সাধন চতুষ্টয়ম্ ততন্তত্ত্ব বিবেকস্থাধিকারিনো ভবন্তি।

এই সাধন চতুইয় সাধনা ক'ব্লে, তথন লোকে তত্ত্তান গাভের অধিকারী ২য়। শিশ্য। আপনি যে ষট্ সম্পাত্তর উল্লেখ ক'রলেন তার খানে ত কিছু বুরা্লাম না।

শুক্র। আছো শোন। শুম, মনকে নিগ্রহ কবা, অর্থাৎ বিষয়গামী মনকে বিষয়ে না লাগতে দিয়ে আপন বসে রাখা। দুম, বহিরিন্তিয়গণকে নিগ্রহ করা, ইন্তিরগণকে বিষয়ের সঙ্গে সংযোগ হ'তে না দিয়ে দুমন ক'রে রাখা। উপবন, উদাসিত অবলম্বন কবা অর্থাৎ সংসারে স্কল বিষয়ে অনাসক্ত হওয়া। তিতিক্ষা, সহগুণ অর্থাৎ নাত উষ্ণ, প্রথ তুংথাদি উপস্থিত হলেও সে সব সহু ক'বে মনকে অবিচলিত বাধা। শ্রদ্ধা, ফুচির সহিত বিশ্বাস, গুকুও পান্ত বাক্যে কচির সহিত বিশ্বাস। সমাধান, চিত্তেব একাগ্রতা অর্থাৎ বিশ্বিক্ত চিত্তকে একাগ্র ক'রে ধ্যানাদি করা।

শিষ্য। এই ছয়টাকে সম্পত্তি বলে কেন ?

গুরু। কেন ব'ল্বে না । সম্পত্তি না হ'লে কেও কথন বডলোক হ'তে পারে । এই ছয়টা সিদ্ধ হ'লে তখন বড়লোক হওয়া বায়, অর্থাৎ আত্মজানরূপ অমূল্য ধনের অধিকারা হওয়া বায় এবং প্রমান্দরূপ স্থুখ ভোগ হয়। সেহজ্জ এই ছয়্টীকে সম্পত্তি বলে।

শিষ্য। তত্ত্তান বে কি ক'রে লাভ গ্র তা আমি এক বকম
বুঝ্লান, কিন্ত আপনি অধ্যাসবাদে বল্লেন যে ভ্রম্থ সংসারেব অস্থি
স্থান্য, ভ্রম দূর হ'লেই সংসাবকে স্বপ্ন ব'লে বোধ হর্ম। আমি এখন এই
ভাব্ছি যে এই মারাত্মক ভ্রমের কাবণ কি এবং এই ভ্রম আসেই বা
কোত্থেকে ?

গুরু। এই ত্রমের কারণ হচ্ছে মায়া, শাস্ত্রে একে বস্তপক্তিও বলে। গুগবান এই বিশ্ব-ব্রদ্ধাণ্ডের যাবতীয় পদার্থের মধ্যেই সেই মায়া বা বস্তুপক্তি অন্তনিহিত ক'রে রেখেছেন। বেমন একখণ্ড সমান হিরা, কিছু উঁচু ও উজ্জ্বল দেখায়। এই উঁচু বা উজ্জ্বল দেখাবার কারণ যে মায়া বা বস্ত্রশক্তি তা হিরার মধ্যেই নিহিত আছে। বেলওয়াবি ঝাডেব কল্সের
মধ্যে দিয়ে দেখ্লে নানা রকম বং দেখায়। দেই নানা রকম দেখাবার
কারণ মায়া বা বস্তুশক্তি ঐ কল্সেব মধ্যেই নিহিত আছে। এখন বুঝ্লে
যে কি রক্মে ভ্রম উৎপন্ন হয় ? এই বিচারকে শাস্ত্রে মায়াবাদ বলে।
এই মায়াবাদ শাস্ত্রের একটা প্রধান আলোচ্য বিষয়। মায়ার প্রভাব
বডই কঠিন ও অপ্রভিহত।

শিশ্ব। অনুগ্ৰহ ক'রে এই মায়াব প্রভাব একটু বিস্তা^{ৰ্}বতভাবে ধলুন শু'নতে আমাব বভ কৌতৃহল ২চ্ছে।

গুরু। এই মায়ার প্রভাবেই সচরাচর বিশ্ববাাপী অবিচ্ছিন্নভাবে অবস্থিত গুলু ক্লাটিকবং নির্মাণ অতি বিশুদ্ধ একমাত্র পর্মাত্মা আমানের অনুশনীয় হ'বে আছেন। মায়াতে আমানের দৃষ্টি আর্ও হ'বে বারছে ব'লে আমরা তাঁকে দেখুতে পাই না। যেমন দিনের বেলায় নক্ষত্র দেখা বার না। বাস্তবিক নক্ষত্র কোথাও চ'লে বার কি ও তাত নয়, নক্ষত্র আকান্দের যথাস্থানেই আছে, কেবল ক্র্যাবিশ্বি আমানের দৃষ্টি আবরণ ক'রে রেখেছে ব'লে আমরা নক্ষত্র দেখুতে পাই না। ক্র্যা অন্ত গেলেই দেখা বার। এমন কি ক্র্যা গ্রহণে সর্ব্গ্রাস হ'লে নিনের বেলাতেই নক্ষত্র দেখুতে পাওয়া যার। তেমনি মায়ারূপ রিশ্বি অন্তর্হিত হ'লে তবে ভগবানকে দর্শন হয়। ভাব মানে যিমি মায়া নির্মান্ত হয়েছেন তিনিই ক্ষর্যর দশনে সম্বর্গ অন্তে নয়।

শিষ্য। তা'হলে এই কইপাশ্বিকা মায়াই আমাদের বোর শক্ত দেখ্ছি। তগবান এমন অনিষ্টকারিণী মায়াকে স্থাষ্ট কব্লেন কেন ?

গুরু। মায়া না হ'লে প্রমায়ার এই বিশ্বলীলা, অর্থাং স্থাষ্টিছিডি প্রলয়রপ লীলা থেলাই হয় না। থেলা কি কখন একলা হয় ? থেল্ডে গেলেই জুড়ীদার চাই। প্রমাদা যখন এই বিশ্বশ্বেলা খেল্ডে ইচ্ছা করেন, তখন তিনি তার প্রকৃতি বা নারাকে আলাদা ক'রে দিয়ে তাঁকে দলে নিম্নে দব খেলা খেলেন। নারা আবার এম্নি করিতকর্মা যে, একলাই গাস্থের পাডেন এবং তলাব কু'ড়োন্।

শিষ্য। মান্না গাছের পাডেন ভলার কুডোন কি বকম ?

গুরু। এই যে পৃথিবী, চন্দ্র, স্থা, গ্রহ, নক্ষজাদি সব দেখুতে পাচছ,
মহাপ্রলয় হ'লে এসব কিছুই থাকে না। এই সমগ্র বিশ্বের যাবতীয় স্থুল
পদার্থ স্থাবছা প্রাপ্ত হ'রে নায়া বা প্রকৃতিতে লান হয়। তথন প্রকৃতি
পরমাত্মাতে লীন হন। সে সময়ে আব কিছুই থাকে না, থাকে কেবল
অনপ্ত আকাশ আর অনস্ত আকাশবাাপী অনাদি অনস্ত পরমাত্মা
এরপভাবে যে কত বুগর্গান্তর কেটে যায় তার ঠিক কি ? তারপর
আবাব যখন পরমাত্মার স্টাদি লীলা কব্বার ইচ্ছা হয়, তথন তিনি তাঁর
প্রকৃতি বা মায়াকে ছেড়ে দেন। সেই প্রকৃতি জগৎপ্রপঞ্চ রচনা করেন,
এবং সচরাচর বিশ্বের যাবতীয় জীবকে মুগ্র ক'রে রাথেন, ঠিক যেন ভেল্ক
লাগান। ভাতেই বলেছি যে মায়া গাছের পাতেন ও তলার কু'ডোন।

শিশ্ব। মারা সচরাচব বিবের যাবতার প্রাণীকে ভেল্কী লাগান পরমাত্মাও ড বিবের মধ্যে আছেন, তা'হলে ভাকেও কি ভেল্কী লাগান স

শুক্র। না পরমাত্মাকে ভেল্কী পাগাতে পাবেন না। বাজীকর বেমন খেলা দেখাবাব সময় সমস্ত দর্শকমগুলীকে ভেল্কী লাগিয়ে মিছামিছি কত জিনিস দেখায়, কিন্তু সে নিজে সে নব কিছু দেখে না, সে কেবল তার হাতেব কাঠিটাই দেখে। বাজীকরেব স্বায়খাধীন ভোজ-বিতা বেমন দর্শককে ভেল্কা লাগিয়ে মুগ্ধ করে, কিন্তু বাজীকরকে মুগ্ধ কর্তে পারে না। তেম্নি পরমান্ত্রার স্বায়খাধীন মায়াও সচরাচর বিশ্বকে মুগ্ধ কবেন কিন্তু প্রমান্ত্রাকে মুগ্ধ কর্তে পারেন না। শিশ্ব। আপনাব এই কথাটা শুনে আমাব সংশয় হচ্ছে। মায়ার ধন্মই হ'ল মুগ্ধ কবা, প্রমাত্মাব বেলায় তিনি সে শ্বধন্ম ত্যাগ কববেন ১

গুক। বিষক্তে লতা যে পাছকে আশ্রম ক'বে জড়িয়ে থাকে সে
পাছেব কিছু হয় না, কিন্তু অন্তেব প্রাণদাতিকা। সন্ত প্রাণনাশক হলাহল
মুখের মধ্যে গাবণ করেও সাপেব কিছু হয় না কিন্তু অন্তেব যমপ্রকাণ।
তেম্নি মায়া ভগবানকে সতত আশ্রম কবে থাক্লেও তাঁব কিছু হয় না।
ভগবান তাব মায়া বা প্রকৃতিব দ্বাবাই এই বিশ্বলালাব সব কাঞ্জ অর্পাৎ
স্টিস্থিতি প্রলম্ম কবাচ্ছেন, এবং স্বয়ং প্রকৃতিব আশ্রম স্বন্ধ প্রক্ষবদেশ
নিলিপ্তভাবে উদাসানের স্থায় অবস্থান কব্ছেন। এই প্রের্ভি পুক্ষ
সংযোগে বিশ্বলীলা সম্পন্ন হচ্ছে। সেই কথা ভগবান গীতাৰ ১৪০ অধ্যামের
ংম্ব ৬ ৪০ শ্লোকে ব'লছেন যে,

মম যোনিম হিদ্ত্রেক্মতিশ্মিন গর্ভং দধাম্যহম্। সম্ভবঃ সর্ব্বভূতানাং ততো ভবতি ভাবত ॥ সর্ব্ব যোনিষু কৌন্ডের মূর্ত্ত্বঃ সম্ভবন্তি যাঃ। তাসাং ব্রহ্ম মহদ্ যোনিবহং বীজপ্রদঃ পিতা॥

হৈ ভাৰত। মহৎ প্রকৃতি এই বিশ্বের গণ্ডাধান স্থান। আমি তাঁতে সমগ্র জগতেব ৰাজ নিক্ষেপ ক'রে থাকি তাতেহ মাবতার ভূতগণ উৎপর হয়। হে কৌগ্রের। স্থাবৰ জ্বসাত্মক মাবতার যোনীতে যে সকণ মৃত্তি সম্ভূত হয়, মহৎ প্রকৃতি সেই সমস্ত ভূতগণেব যোনী অর্থাৎ মাতৃত্বানীরা, এবং আমি বীক্ষপ্রদ পিতা।

শিশ্ব। অমুগ্রহ ক'বে প্রকৃতি এবং তার স্মষ্টি কৌশন সম্বন্ধে মতদূর সম্ভব আমাকে বৃধিয়ে দিন।

গুৰু। সৃষ্টি সম্বন্ধে সাংখা শান্তের মত তোমাকে বলি শোন। সাংখ্য শাস্ত্র এই বিশ্ব সৃষ্টিকে চবিবশ গণ বা ভত্তে বিভক্ত ক'রেছেন, এবং সেই চবিবশ তত্ত্বের উপবে পুরুষ অর্থাৎ আত্মাকে বেথেছেন। বিভাগ প্রণালী এই বকম নথা, ১। প্রকৃতি, ২। মহৎ (বৃদ্ধি) ৩। অহংকার. ৪ ৷ মন, পঞ্চ ক্রানেব্রিয়, পঞ্চ কর্মেব্রিয় পঞ্চ ত্রাতা (রূপ, রুস, গন্ধ, শন্ধ ও স্পর্ণ), এবং পঞ্চ মহাতৃত (ক্ষিতি, অপ্, ভেজ, মরুৎ, ব্যোম) এই চৰ্বিশ্যী ভব্ন স্ক্ৰীৰ উপাদান স্বৰূপ। এই চৰ্বিশ্যী ভব্ন প্ৰস্পৰ হ'তে উৎপন্ন হ'ন্বেছে, তার ভাৎপর্যার্থ এছ যে পুরুষ হ'তে প্রকৃতি, প্রকৃতি হ'তে মহৎ মহৎ হ'তে অহংকাব, অহংকাব হ'তে মন, পঞ্চ জ্ঞানেন্দ্রিয় পঞ্চ কন্মেন্দ্রিয় এবং পঞ্চ তন্মাতা, পঞ্চ তন্মাতা হ'তে ক্ষিত্যাদি পঞ্চ মহাভত। এই সৃষ্টি তত্ত্বে সোজা মানে এই বে, প্রকৃতি স্বয়ংই পর্যায় ক্রমে তত্তপ্রতিতে পবিণত হ'রেছেন। যেমন দট মাধন, মওরা, ছানা, ক্ষীর ইত্যাদি এক চুধ থোকট উৎপন্ন চন্ন, অর্থাৎ গ্রধই নিজে সেই গুলিতে পবিণত হয়। তন্তগুলি প্রকৃতি থেকে সেইভাবে হ'রেছে। व्यक्तिकारी এই मनवर्तव पावा এই जन् क्रमा करिव्हिन, अवर জগতত্ব সমন্ত প্রাণীদেব জীবনের বাবতীয় কাঞ্চ নির্বাহের জন্ম প্রাণী-দের শরারেৰ মধ্যে অরময়াদি পাঁচটা কোষ বা বিভাগ স্থাপন ক'বে-ছেন। প্রাণীদের জীবনেব প্রত্যেক কাজই ঐ পাঁচটা কোষ বা বিভাগ ঘু'রে এসে তবে সম্পন্ন হয়। কোন বিষয় যদি কোন একটী কোষ ৰা বিভাগে বাদ পড়ে, তাহ'লে সেই বিষয়টা কথনই কাৰ্য্যে পবিণত হ'তে পাবে না।

শিষ্য। আমি দেখ্ছি প্রাকৃতিই সব ক'ব্ছেন, তা'হলে প্রন্থ (আআম) যে সকলের উপবে আছেন তিনি কি করেন ?

ঁগুরু। প্রকৃতিব আশ্রম এবং দর্মময় কর্ত্তা যে পুরুষ (আশ্বা)

প্রক্তিকে বিশ্ব কর্ম্বে নিয়োগ ক'বে স্বয়ং নির্নিপ্রভাবে উদাদীনবং অবস্থান কব্ছেন এবং তিনি আছেন ব'লেই প্রাকৃতিক কাজ সব চ'লে গাণ্ক। ভগবান গীতাব ১ম্ অধ্যায়ের ৮ম্ শ্লোকে ব'লেছেন যে,

> প্রকৃত স্বামবন্টভ্য বিস্ফামি পুনঃ পুনঃ। ভূতগ্রাম মিমং কৃৎস্নমবশং প্রকৃতের্বলাৎ ॥

আমি মদধীন প্রকৃতিতে এধিষ্টিত হ'য়ে, অবিজ্ঞাপববশ ভূতগণকে বাবস্থার স্টিক'বে থাকি। এই স্টাদি কার্যা তাবই কর্ত্বাধানে হচ্ছে, কিছে তিনি দোসীনবং থাকার অধীং কর্ত্বাভিমান না থাকাব জ্ঞাতিনি ধে কর্দেশে (কর্মানে) আবদ্ধ হন না তা পবের লোকে অর্থাৎ ৯ম্ লোকে ব'ল্ছেন বে,

নচ মাং তানি কর্মাণি নিবগ্নস্তি ধনঞ্জয়। উদাসীন বদাসীন মসক্তং তেয়ু কর্মস্ত

হে ধনপ্রয়। আমি এই স্টোদি কাথ্যে মনাসক্ত ব'লে উদাসীনবৎ থাকি, সেইজন্ত এই সকল কল্মে (কল্মফন) আবদ্ধ ক'ৰ্ডে পাবে না। আর তিনিই যে সর্বানয় কর্ত্তা, এবং তাঁব অধিষ্ঠান হেতুই প্রকৃতি যে সব ক্রুতে সমর্থা তাও তাব পবেব শ্লোকে অর্থাৎ ১০ম শ্লোকে বলেছেন যে,

> ময়াধ্যক্ষেণ প্রকৃতি সূয়তে সচরাচরম্। হেতুলানেন কৌত্তেয় জগদ্বিপরিবর্ত্ততে॥

কে কোন্তের। প্রকৃতি আমার অধিষ্ঠাস লাভ ক'রেং, এই সচরাচর বিশ্ব স্থাষ্ট করছেন; এবং আমার অধিষ্ঠান হেতৃই ইহা (দগৎ) প্র: পুন: উৎপন্ন হচ্ছে ৷ এখন বুঝ ভে পাৰ্লে যে প্ৰকৃতি কেন এবং কি রুজমে বিশ্ব বচনা এবং বিশ্বেব বাবভীয় কাজ নিৰ্বাহ ক'র্ছেন গ

শিষ্য। সৃষ্টি প্রকৃতিব দ্বাবার কি বক্ষ ভাবে হ'ছে এবং কেন ষে হ'ছে তা আমি এক বক্ষ বুঝ্লাম, কিন্তু প্রকৃতি অল্লমন্নাদি কোষ বা বিভাগ দ্বারা কি রক্ষ ভাবে জীবের জীবনের সমন্ত কাজ নি পাছ ক্র্ছেন সেইটা শু'নতে ইচ্ছা করি।

खक। প্রাণীদেব জীবনেব যাবতীয় কাল সম্পাদন কর্বার জন্ম প্রকৃতি কর্ত্তক ভূতগণের দেহে পাঁচটা কোষ বা বিভাগ স্থাপিত হ'রেছে। তাদের নাম যথা,—অস্তমন্ত্র কোষ, প্রাণমন্ত্র কোষ, মনোমন্ত্র কোষ, বিজ্ঞান ময় কোষ ও আনন্দময় কোষ। এই সব কোষ বা বিভাগগুলি কাৰ্যা-সূত্রে পরস্পর সম্বন্ধবিশিষ্ট। এংন এক একটা কোষ বা বিভাগের কাল শোন। অলমর কোষ অন্নবদে উৎপত্তি, অন্নবদে পরিপৃষ্ট ও পরিবদ্ধিত করা এবং শেষে অন্নরসেতেই লীন করা, অর্থাৎ এই সুলদেহ পুথিবীর রসে উৎপন্ন হয়, পরিপুষ্ট ও পরিবদ্ধিত হয়, এবং শেষে পৃথিবীতেই লীন হয়। এই বুলদেহটা প্রাকৃতিক কার্যানির্বাহের আফিস বর ব্দ্রপ। সুলদেহের উৎপত্তি করা, পরিপুষ্ট করা এবং নাশ হ'লে পৃথিবীতে মিলিয়ে দেওয়া, এই অন্নময় কোষ বিভাগের কাজ। প্রাণময় কোষ, প্রাণানি পঞ্চ প্রাণ ও বাগিক্রিয়ানি পঞ্চ 'কম্মেক্রিয় কার্য্যস্তাত্ত যে একত্ত হয় তার নাম প্রাণময় কোষ। মনে হত কিছু সংকল বিকল উৎপর করা এই প্রাণময় কোষ বিভাগের কাজ। মনোময় কোষ, মন এবং পঞ্চ জ্ঞানেজিয় কাৰ্যাহতে যে একত হয় তার নাম মনোময় কোষ। প্রাণময় কোষ থেকে যে সব সংকল্প উঠে ভদ্মুদারে আকাজ্ঞা উৎপন্ন করা, অর্থাৎ ইচ্ছা ও আস্তিক জনান এই মনোময় কোষ বিভাগের কাজ। বিজ্ঞানময় কোষ, বুদ্ধি ও পঞ্চ জ্ঞানে হিলা কার্যাসতে বে একত হয়, তাব নাম বিজ্ঞানময় কোষ। মনোময় কোষ থেকে যে বিষয়ের আকাজ্ঞা উৎপন্ন হয়, সেই ঈন্সিত বিষয়ের বস্তুজ্ঞান জন্মান, এই বিজ্ঞানময় কোষ বিভাগেব কাজ। আনন্দময় কোষ, বিজ্ঞানময় কোষ থেকে অভীষ্ট বস্তুর যে জ্ঞান জন্মায়, তদমুসারে সেচ ঈন্সিত পদার্থ প্রাপ্ত হ'লে পব তা দেখে কি উপভোগ ক'রে আনন্দ উৎপন্ন কবা, এই আনন্দময় কোষ বিভাগেব কাজ এখন বিচাৰ ক'রে দেখ যে জীবেব জীবনেব ষাবতীর কাজ এই পাঁচটা কোব বা বিভাগ বৃ'বে ভবে সম্পন্ন হচ্ছে। প্রকৃতি দেখাৰ কাব্যপ্রশালা কেমন স্কৃত্যুজ্ঞাবিদ্ধ দেখ। গ্রেণ্ড মান্টের অফিল কোথার লাগে।

শিয়া। আপনি বে ব ল্লেন, জগডের সমস্ত পদার্থই ভড় কেবদ একমাত্র প্রথাত্মাত চেতন। হাচ্ছা, তাহ'লে এই নায়া বা পাকৃতি জড়না চেতন ?

শুফ। সাধারণতঃ প্রকৃতিকে ১ ডই বলে, কিন্তু বিচাব ক'রে দেখালৈ গোল্যাগ উপাস্থত হয়। প্রকৃতি দং নন, বাহ্নিক নাশ লাছে, অর্থাৎ বিশের কার্যা থেকে অওহিতা হন। আবার অসংও ব'লতে পারা যার না, কেননা প্রকৃতপক্ষে প্রকৃতিব নাশ হয় না, তিনি পরমান্মায় লান হ'রে তাতেই অবস্থান করেন। মায়া বা প্রকৃতি প্রমান্মায়ই শক্তি। এখন শক্তিকে শক্তিমান থেকে কি আলাদা কব্তে পারা যায়? যতাদিন শক্তিমান থাকে ততদিন শক্তিরও অক্তিম্ব থাকে। মায়া, প্রকৃতি, শক্তি যাই কেন বলনা ভিনি পরমান্মাতেই মিশে থাকেন। পরমান্মার মন্তদিন অন্তিম্ব আছে। কেননা, প্রকৃতি পরমান্মারই অঙ্গীভূত, স্কৃতবাং পরমান্মা হা প্রকৃতিও ভাই, কাজেই শক্ষ অথবা স্থুল এ ফ্রির একটাও নন। ভগবানও এই প্রকৃতি সম্বন্ধে গীতার গম অধ্যায়ের ১ম স্লোকে ব'লেছেন যে,

অপরেয় মিতস্তুস্থাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্। জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগৎ।

ছে নহাবাহো। এই যে মন্তবা প্রকৃতি (পূর্ব্ধ স্লোক কথিত) অপবা অর্থাৎ নিকৃষ্টা। এ ছাড়া আমার আবন্ত একটা পরা মর্থাৎ উৎকৃষ্টা চেতনমন্ত্রী প্রকৃতি আছেন, তিনিই এই জগৎ ধারণ ক'বে বেথেছেন, অর্থাৎ এই বিশ্বের সৃষ্টি স্থিতি-প্রশন্ন তার বাবা সম্পন্ন হচ্ছে।

শিশ্ব। আমার মনে একটা সংশর হচ্চে। জগতে সুদ্ধ ও স্থুল এই হুই রকম পদার্থ আছে। আপনি বল্ছেন প্রাকৃতি এ চুটার একটাও দম, ভবে তিনি কি গ

গুল এ গুলৈত প্রমান্তারই একাতৃত, প্রমান্তা বধন স্ক্র অথবা সুল এ গুলির একটীও নন, তখন প্রকৃতি স্ক্র অথবা স্থল কি ক'বে হ'তে পারেন ? প্রমান্তা বে কেমন, ভগবান তা গীতাব ১০শ অধ্যায়ের ১২শ প্রোকে ব'লেছেন যে

জ্ঞোং যৎতৎ প্রক্ষ্যামি যজ্ জ্ঞাত্বাহয়ত মগ্লুতে। অনাদি মৎপরং ব্রহ্ম ন সংতদ্ধা সমূচ্যতে ॥

হে অর্জুন! এখন জের বলি শোন। যা জান্লে লোকে মোক্ষণাত করে। অনাদি ও নির্কিশেষ শ্বরূপ ব্রন্ধই জের, তিনি সংও নন অসংও, দন অর্থাৎ স্ক্রেও নন কিয়া ছুলও নন। এখন তেবে দেখ প্রাকৃতি প্রেষ ছইই এক। প্রন্থই প্রকৃতি ব'লে কাথত হন। স্টোদি লীলার জ্ঞ যখন প্রয়োজন হয়, তথন ভগবান দ্বীর তেজ প্রভাবে স্বর্গই স্ক্রের্রণে প্রকৃতি নামে প্রকৃট হন, এবং বিশ্বণাত্মিকা মারা অর্থাই কার্যকারিণী শক্তিবিশিষ্ট হন। তার মানে পরমাঝাং স্বন্ধং মায়া। শক্তি প্রকাশ অবস্থায় প্রকৃতি ব'লে কথিত হন। পূজাপাদ ঐধ্য স্বাধী ব লেছেন যে,

পুং প্রকৃত্যো স্বতন্তবং বারয়ণ গুণ সঙ্গতঃ।

প্রাকৃতি স্বতন্ত্র বস্তু নয়। পুক্ষ গুণসংযুক্ত প্রকাশ) হলেই তথন তাকে প্রকৃতি বলে। আর নিগুণ অর্থাৎ গুণ অপ্রকাশ গ্রন্থায় তাঁকে পুরুষ বলে।

শিশু। আজা হা, এখন আমি বুঝ্লাম যে প্রকৃতিকে প্রমাজা থেকে পৃথক্ করাব যো নাই। এখন সংসারী জাঁব মায়ামুগ্ধ হ'রে কি রক্ম দশাগ্রস্ত হয়েছে, এবং তাদের উপায় ও কর্ত্তবাই বা কি সে সম্বন্ধে কিছু শুন্তে ইচ্ছা করি।

গুরু। আজা, আৰু পাব আবাৰ কাল হবে।

সপ্তম দিন।

শিয়। কা'ল যে আমার প্রশ্ন আছে সেই বিষয়টা আছ বলুন।

ওরু। আছো শোম, বিষ্ণু কি ক'রে প্রভবিষ্ণু হয়েছেন, এবং অবৈতভাব কি ক'বে বৈতভাবে পবিণত হ'য়েছে। ঈশ্বর বিশ্বরাজ্যের অধিপতি এবং সৃষ্টিকর্তা, পালনকর্ত্তা ও সংগ্রাবকর্তা। এইটা তার দীলা। কেন বে িনি এ লালা কৰ্ছেন, তা সেই লীলাময় ভিন্ন অন্তে কেও জ্বানে না। পৃথিবী একটা নাট্যশালা স্বৰূপ, গামরা জাব সকলে অভিনেতা স্বরূপ, এবং ঈশ্বর বন্ধং দ্রপ্তা অর্থাৎ দর্শক স্বরূপ। এখন থিরেটাবের অভি-নেতাব৷ দৰ্শকমণ্ডলাকে সম্ভষ্ট কথাৰ জন্ত বেমন যত্ন ও সাৰধানতাব সহিত অভিনয় কৰে, কেন না, অভিনয় খাবাপ হ'লে দৰ্শক নৰ অসম্ভুষ্ট হৰে কাজেই তাদের পদার মাবা যাবে, স্থতরাং ভাতে তাদেব সমূহ ক্ষতি। তেমনি আনাদের ঈবরকে সম্ভট কব্বাব জগু আমাদেবও ষত্ন ও সাবধান-তাব সহিত অভিনয় করা উচিত। কেন না, আমাদেব অভিনয় থারাপ হ'লে দর্শক ঈশ্বব অদপ্তই ২বেন, তাতে আমাদেরও সমূহ ক্ষতি। জীবনে আমবা যা কর্ম্ম করি তাই আমাদের সভিনয়। থিয়েটারের অভিনেতা ও সংসাবের শ্বভিনেতা এতত্বভন্নের মধ্যে একটা গুক্তর পার্থকা আছে। থিখেটারের মভিনেতাগণ কেও রাঙ্গা, কেও মন্ত্রী ইত্যাদি সেঙ্গে অভিনয় কবে ধটে, কিন্তু তারা মনে ঠিক ধাবণা রাখে যে, আমবা রাজা অথবা মন্ত্রী ইত্যাদি কিছুই নই, কেবল অভিনন্ধেব জ্ঞা সাঞ্চ সেজেছি মাত্র। সংসার্কপ বঙ্গাঞ্চে অভিনয় কর্বার জন্ত, ভগবান আমাদেরকে মায়া জডিত ক'বে নানা সাজে সাজিয়ে পাঠিয়েছেন। এখন থিয়েটাবের মভি-নেতারা মনে যেমন ঠিক জানে যে, তারা অভিনয়ের জন্ম সাজ সেজেছে

মাত্র তাবা কিন্ত আলাদা। পরস্ত আমরা (সাংসারিক অভিনেতারা) সে ভাৰটী মনে ধাৰণা কৰ্তে পারি না। কেন না, প্রকৃতিস্থ অবিজ্ঞা **ष्ट्रिक व्यहरकारवत्र नगरको २७द्वारक, व्यामवा मारक्षत्र मरक्ष व्यापनारम्बरक** জড়িয়ে এক ক'রে ফেলি। কাজেই সংসার বন্ধনে প্নঃ পুনঃ আবদ্ধ **६** । এই व्यर्थ छान हे मध्यांत्र वक्तन्त्र मधीत चक्त ७ मह९ छु: ध्व কাবণ। থিয়েটাবেব অভিনেতারা শোক, চঃখ, হাসি, কালা এবং ক্রোধাদি अखिनरम्ब क्य या किছ करत, ममछहे सोथिक, वर्थाए व्यस्त जाव दिन्-মাত্রও স্পর্ণ হর না, স্থতরাং তাদের মনে কোন বিকারও উৎপন্ন হর না। কাজেই তারা নিবিবকার চিত্তে আনন্দ ও উৎসাধেব সহিত অভিনয় ক'রে লোককে দেখার এবং নিজেরাও আনন্দ পেরে থাকে। অতএর আমাদের দাংসারিক সব অভিনর অর্থাং কাজ, থিয়েটাবের অভিনেভাদেন মত क्रब्र'रा हरव এवर मरनद्र छाया जाराह्य मा निम्मकाव वाथ्रा ६८व । र्यमन घটनाई चंद्रेक ना रकम, विहारवत हाता भरनव निर्विकाव व्यवहा রাথ্তে হবে , কিন্তু সেই বিচার কব্তে গেলে একট্ জ্ঞানের সাহায্য চাই। পরস্ক মায়াবন্ধ সংসারী জাবের সে জান অনুভবে আসা এক রকম অসম্ভব। কেন না, বিনা সাধনায় সে অপ্তৰ আসে না, কিন্তু সংসারী লোকের भएक (म माधना मछवशद व'त्य मत्म स्थ ना।

শিষা। তা হ'লে সংসাবী লোকের উপায় কি এবং কর্ত্তবাই বা কি ? গুরু। বৈতভাবের আশ্রেম নেওরা কর্তবা এবং ঈশ্ববের শরণ নেও-রাই একমাত্র উপায়। এর ভাংপর্যা এই যে, সকলেরই এইটা ভাবা এবং বিশ্বাস করা উচিত বে, ঈশ্ববই এই লীলা কর্ছেন, স্বতরাং তিনি তাঁর ইচ্ছামত সব কর্ছেন। কাজেই তিনি বেমন করাছেন আমরাও তেম্নি কর্ছি। ভগবানও গীতার ১৮শ অধ্যানের ৬১টি শ্লোকে ডাই শ্লৈছেন যে.

ঈশ্বব সর্বস্থিতানাং হাদ্দেশেহঅর্জন তিষ্ঠতি। ভাময়ন্ সর্বস্থিতানি যক্তর্যানি মায়য়া॥

হে অর্জুন! বেমন লোকে দাক্ষত্ত্তে আর্মচ ভূত নাচিয়ে থাকে, তেমনি ঈশ্বর ভূতগণের স্থদয়ে অবস্থান ক'বে তাদেবকে ভ্রমণ করাচ্ছেন, অর্থাৎ সব করাছেন। বখন সমস্ত কাজই তাঁৰ ইচ্ছান্ন হচ্ছে, তথন আমরা কর্ত্তা কিনে ? আর তিনি যা করছেন তা আমাদেব মঙ্গলেব জন্তই করছেন। কেন না তিনি মলণময় অমলনেব কার্য্য তার দ্বাবা হ'তে পারে না। সেই জন্ম ভাব একটা নাম শিব , এবং তিনি পরম দম্বাল, নির্দ্দমতার শেশমাত্রও তাঁতে নাই. সেই জন্ত একটা নাম তাঁর দল্লামন্ত্র। স্থতরাং ভিনি যে সততই আমাদের মঙ্গণেব চেষ্টা করছেন মনে এই ধাবণা দুঢ়-ভাবে রেখে, সাংসারিক স্থথ তঃখ সকল অবস্থাতেই তাঁর সেই মঙ্গল উদ্দেশ্য স্থাবণ ক'রে মনকে স্থিব রাখ্তে হবে। তিনি মে নিশ্চয়ই আমাদের মঙ্গণ করনেন (বটেও তাই) এই বিখাদের সহিত তাব প্রতি ভক্তি প্রেম করতে হবে। তাহ'লে তখন গাবই রূপার মনের সাম্যাবস্থা ণাভ হবে। যে ভাগাবানের যথন মনের সামাবিস্থা লাভ হর, তথন জানতে হবে যে দে ব্যক্তির ভবষত্রণা থেকে নিম্কৃতি পাওয়াব আব বড় বিশ্ব নাই। ঈশ্বরে যে বিশাস স্থাপন কুর্তে পারে, অর্থাৎ তার উপর সম্পূর্ণ নির্ভর কব্তে পারে, তার আব কোন ভাবনা থাকে মা। ভগবান তার সকল কান্ত নির্মাহ করেন। ভগবান সে কথা গীতার ১ম অধ্যা-মের ২২শ লোকে ব'লেছেন যে.

অনন্যাশ্চিন্তথকো নাং যে জনা পয়ু পোসতে।
তেষাং নিত্যাভিযুক্তানাং যোগকেমংবহান্যহম্॥
যারা খনভাবনে আমাকে চিন্তা ও জারাধনা করেন, আমি দেই সৰ

भरतक निर्ष्ठ छक्रपात्र साथ ७ क्कम वहन कति। अधारा वस्त्र आर्थित চেষ্টার নাম যোগ, এবং প্রাপ্ত বস্তুর রক্ষার চেষ্টার নাম কেম। এর তাৎপর্য্যার্থ এই যে, ভগবান ব'লছেন যে, আমার অনন্ত ভক্তদের উপা-র্জ্জন ও রক্ষার চিন্তা করবার কোন দরকার নাই, যে হেতু সেসব ব্যবস্থা व्यासिटे करत थाकि। छएकत बाता छगरान व'ता थाकन कथात वरन তা শোননি । তোমাকে একটা গল্প বলি শোন। ভাহ'লে বুঝুবে বে ভগবান ভক্তেব জন্ম কি করেন। একটী গরিব লোক থেসেডার কাঞ্চ ক'রে খেত , কিন্তু সে লোকটা ব্রব ভগনৎপবারণ ছিল। লোকটার বয়স বেশি হ'লে দে সংসার ত্যাগ ক'রে গেল, এবং কেবল ভগবত্রপাসনায় জীবনের অবশিষ্ট সময়টা কাটাবে ব'লে, নর্মদা কিনারার একটা বড জঙ্গ-লের মধ্যে ভপ্তা কবতে লাগ্ল। গৃহত্যাগ ক'বে ধারাব সময় কেবল খাস ছেলা খুরপিথানি সঙ্গে নিধেছিল। উদ্দেশ্য এই যে, যদি কোন দিন জিক্ষা না মেলে, তাহ'লে বাস ছিলে বেচে হু চা'র পয়সা হ'লে তাতেই দেদিন গুজরান কববে। এইকপে মাসাবধি সে সেই জন্পলে আছে এবং যেদিন ভিক্ষা না মেলে সেদিন সে থাস বেচে চালার। ইতিমধ্যে একদিন স্কাল বেলায়, তীব্ৰ বৈরাগ্যপ্রাপ্ত সংসাবভ্যাগী একজন রাজা তপস্তার মভিপ্রায়ে দেই জঙ্গলে এদে উপস্থিত হ'লেন; এবং সেই ঘেষেতা থেকে একটু দূরে এক গাছতলার আসন করে ব'সে ধ্যানে নিমগ্র হ'লেন। বেলা ১২টার সময় একজন ব্রাহ্মণ একথানা বত থালায় ক'রে নানাবিধ বাজভোগ ও এক ঘটা জল নিম্নে এলে রাজাব সাম্নে উপস্থিত হ'মে বল লেন যে, মহারাজ। ভোজন কব। রাজা চোথ খু'লে দেখ লেন এবং তার্থেকে কিছু নিয়ে থেশেন। এক্মিণের থালায় চারজন গোকের খাবার উপযুক্ত খান্ত ছিল, স্বতরাং ব্রাহ্মণ প্রায় সবই ফিরে নিয়ে গেল। দেই **থেসেড়া তার আসনে যদেই এই ব্যাপার দেখ্**ল। এইরূপে জ্ঞান্ত্র জিন দিন গেলে পর, দে একদিন বাজাব নিকট পিয়ে বল্লে যে, নহালদ। লাজন যে বাজ জাপনার খানাব নিরে আসে তা চাবজনেব থোবাক্। আপনি ত দামাল্ল খান, ব্রালণ প্রায় সরই ভ কিরে
নিয়ে যার। আমি এপানে ভল্পন সাধন কর্ছি, আপনি দয়া ক'রে
যদি মামালে কিছু দেবাব জল্ল ঐ লাক্ষণকে ব'লে দেন তাহ'লে বদ্র
উপকার হন। বাজা বল্লেন ঘাজা ব'ল্ব। তারপব লাজন খানার
নিয়ে এলে, বাজা লাজনকে সেই কথা বল্লেন। তাতে লাক্ষণ হেমে
রাজাকে এই উত্তব দিলেম যে, মহাবাজ। ঐ লোকটা যথন খ্রুপি
ছাডা চাই। অহংকাবের বশবর্তী হ'বে, লাক্মির্ভব না ক'বে মল্পুর্বরূপে
কথরের উপব নির্ভাগ করা। চাই। মানুবেৰ কর্ত্তরা বে, সকল কর্মের
জল্লই বত্র, চেইটা ও ক্রেম করা, ফাম্বেন কর্ত্তরা বে, সকল কর্মের
জল্লই হরে, আমি কিছুই জানিনা, এই ধাবণাটা মনে বেপে চেইটিদ
কর্তে হয়।

শিক্ষা স্বাক্তা হা, তার উপর সম্পূর্ণ নির্ভব না কব্লে তিনি দেখ্বেন কেন ব এখন মায়াব কথা যে হচ্ছিল তাই বলুন।

ওক। তোমাকে বল্প ম বে, তগবান আদাপেবকৈ মায়াজডিত ক'বে সংসাবে পাঠিয়েছেন, এবং সেই নাম্বাই সংসাব বচনাব মৃণভিছি। বাস্তবিক, মান্তালু হ'বে এক মুহর্ভেই সাংসাবিক সব অভিনয় বন হ'য়ে যায়। সেইজ্ঞ চন্তীতে ব'লেছেন বে, "মহামান্তা প্রভাবেন সংসাব স্থিতি-কাবিণঃ"। ভগবানও গীতাতে মান্তাকে কঠিন ব'লে উল্লেখ কবেছেন। হাছ। মান্তাতে মুগ্ধ হ'য়ে জীব এ সংসাবে কত খোলাই পেল্ছে এবং কভ কন্তই পাছেছ। বহু বছ যোনা ভ্রমণ ক'বে, সর্ব্ধেশ্বে জীব যে উদ্দেশ্যে মহক্ত যোমীতে জন্ম পেরেছে, মান্তা সে উদ্দেশ্যও সিদ্ধ হ'তে সেয় না।

ঈশরকে দেখ্তে কিমা জানতে দেয় না, এমন কি মনে সে খেয়ালও व्यम्हिक एम ना। कि अ यहि वर्णन त्य, हर्यहरक क्षेत्रेवरक हर्मन हम् ना, একথা স্বীকার কর্তে পাবা যায় না। তিনি নিরাকাব হ'য়েও দরকার হ'লে আঁকার ধাবন কবেন। তার অতুলনীয় অভাবনীয় জ্যোতিঃ এবং উপাস্ত মূর্ত্তি ভক্ত চর্ম চক্ষেই দেখতে পার! তাঁব স্বরণ নিরাকার বটে, কিন্তু তিনি সাকার হ'তে পারেন না একথা বললে তাঁব ক্ষমতার সাঘৰ क्त्रो रुम । जिनि नरहे ह'एक भारतन এবং এই विरय या किছ एमथ्एक পাচছ এ শব জাঁরই প্রতিমূর্টি, কেননা, তিনিই বিথে পবিণত হ'য়েছেন। তিনি কেবল ভাবের বশু ভাবেব শ্বভাব হ'লে আর তাঁকে পাওয়া যায় না। এখন বেমন ক'রে হ'ক মনের মধ্যে তার সম্বন্ধে বে কোন একটী ভাবের ব্দ্দাট বাধা উচিত। যে কোন মূর্ত্তিব উপাসনা কর না কেন, ভা তাঁরই উপাসনা কবা হয়। কারণ, তিনি ছাড়া কোন দেবভা নাই। কেননা, **শমস্ত দেবতাই তাঁ**র স্থানসভূত। স্থতরাং নিরাকার এবং সাকাব ছুই উপাদনাই তাঁব গ্রাহ্ন। যে কোন দেবতার উপাদনা কব না কেন. উপা-সনাব ফল যে তিনিই দেন, সেকথা ভগবান গীতাব ৭ম অধাায়ের ২১শ ও ২২শ শ্লোকে ব'লেছেন যে.

যো যো যাং যাং তকুং ভক্তঃ প্রদ্ধবার্চিতু মিচ্ছতি।
তক্ত তক্তাচলাং প্রদ্ধাং তামেব বিদ্ধাম্যহম্॥
সতয়া প্রদ্ধবা যুক্ত স্তক্তারাধন মীহতে।
লভতে চ ততঃ কামান্মযৈব বিহিতান হিতান॥

আমার যে যে ভক্ত মদীয় দেবতা রূপ যে যে মূর্ত্তিকে প্রদার সহিত অর্জনা করে, আমি সেই সেই ভক্তকে আমাব সেই সেই মূর্ত্তিবিষয়ক তাদৃশ শ্রদা দিয়ে থাকি, এবং তাদৃশ শ্রদাযুক্ত সেই সেই ভক্ত দেবতারূপে আমাব বে যে মূর্ত্তির আরাধনা করে, তারা আমাকর্ত্ক বিহিত কামনা সকল নিশ্চর লাভ ক'রে থাকে। এখন দেখ ঈশ্বর নিরাকার হয়েও সাকার।

শিষ্য। ঈশ্বর নিরাকার হয়েও সাকার এ রহস্ত আমি বুরুতে পাছিছ না।

শুক। শাস্ত্রে ঈশ্বরকে নিবাকার বলে। নিবাকাব শব্দের চুটী মানে আছে। নিঃ নান্তি আকারোয়ন্ত, অর্থাৎ যাব আকার নাই। এই একটা মানে। আর একটা মানে এই যে, নিঃ নান্তি আকারোয়ন্তাৎ অর্থাৎ বার পৃথক আকার আব নাই, ভার মানে তিনি সর্ব্বকাব। তাহ'লে এখন দেশ ঈ্থব নিরাকার হয়েও সাকার। এ জগতে যা কিছু দেখ্তে পাচ্ছ সব তাঁরই আকাব। তিনি দরাময়, জীবেব প্রতি দরা ক'রে তিনি সবই হ'তে পাবেন। সমস্ত জীবেব প্রতি তিনি কেবল দয়াই কবেন নির্দিশ্বতার লেশমাত্র নাই।

শিষা। আপনি বল্ছেন ঈশ্বর জীবেব প্রতি কেবল দয়াই করেন নির্দিয়তার লেশমাত্র নাই। ভাহ'লে পাপী কদাচাবী অভক্তকেও কি তিনি দয়া ক'রে থাকেন ?

গুক। তা করেন বৈকি। তার কাছে পাপী পুণাবানের ভেদা-ভেদ নাই। সে কথা ভগবান গীতাব স্ম্যধানের ২৯শ প্লোকে ব'লে-ছেন বে,

সমোহহং সৰ্বভূতেয়ু ন মে ছেখ্যোহস্তি ন প্ৰিযঃ। যে ভজন্তি তু মাং ভক্ত্যা মযি তে তেয় চাপ্যহম্॥

আমি সর্বভূতে সমদশী অর্থাৎ সকল প্রাণীই আমার কাছে সমান। জগতে আমার কেও দ্বেয়া (শক্রু) নাই কেও বন্ধুও নাই। তবে যে আমাকে ভজনা করে দে অনুনাগবশতঃ দে আমাব নিকট থাকে এবং আমিও তার

নিকট থাকি। ভগবানেৰ এই স্বভাব। তিনি সকলকেই দ্যান দেখেন। জীবেৰ আপন আত্মার প্রতি ধেমন মমতা, এ জগতে যাবতীয় প্রাণীর প্রতি ভগবানেৰ দেই রকম মমতা।

শিষ্য। যাবতীর ভূতগণকে ঈশ্বব আত্মাব মত মমতা কবেন কেন !
গুক্ষ। জীবে যেমন নিজেব প্রতি নিজে মির্দিয় হ'তে পারে না,
ভগবানও তেমনি প্রাণীগণের প্রতি নির্দিয় হ'তে পাবেন না। কাবণ,
বিষ্ণুই প্রস্তবিষ্ণু হয়েছেন। অবগ্র তিনি ভিন্ন অপব কেহ গাক্লে তিনিও
নির্দিয় হ'তে পাব্তেন তিনি নিজেই বে সব প্রাণী।

শিশু। বিনি এত বভ দয়াল, সেই পবন করুণাময় প্রমেশ্র মায়ার কঠিন যন্ত্রণার হাত খেকে লোকের উদ্ধাব পাওরাব কোন উপায় রাধেন্ নি ?

শুক । উপায় রেখেছেন বৈকি। ভগবান গীতাব ৭ম্ অধ্যায়েব ১৪শ লোকে ব'লেছেন যে,

দৈবী হ্যেষা গুণমৰ্যা মম মাথা ছুৱত্যধা। মামেৰ যে প্ৰপদ্মন্তে মাধা মেতাং তর্রাওতে॥

হে অর্জুন। অলৌকিক গুণমন্ত্রী নিতান্ত হস্তবা আমার এক মান্না আছে, বারা আমাকে আশ্রম কবে, তানাই ঐ মান্যা অতিক্রম করতে পাবে। মহাত্মা তুলসী দাসজী ব'লেছেন যে,

চল্তি চাকী সব কৈ দেখে কিল্ দেখেনা কৈ। যো কিল্ পাকড় কে রহে ঐ সারুদ রৈ।

বেমন ডাল ভাজনার সময় শতের দানা যারা চাকীব লীচে থাকে ভারা ডেলে ডাল হয়, কিন্তু চাকীর খুটোব নিকট যে স্ব দানা থাকে তারা ভালে না। তেমনি সংসারস্ত্রপ চাকীর ঈশ্বরত্রপ খুঁটোর নিকট থারা থাকেন, তীরাও সংসারে ঘু'বে ঘু'রে পেবাই হন না অর্থাৎ পুনঃ পুনঃ ক্তম্ম মৃত্যুব অধীন হন না। অতএব লোকের ভগবদ্ উপাসনা করা এবং তাঁর আশ্রম নেওয়া একান্ত কর্ত্ব্য। নচেৎ ছুগতি অনিবার্যা।

শিষ্য। লোকেব ষধন এই অবস্থা তখন তারা ভগবানেব শরণ নেম্ব না কেন ?

গুরু। সাধারণ লোকের ভগবদ্ উপাসনা না করা অথবা তাঁর শরণ না নেওয়ার ছটা কারণ আছে। একটা কাবণ ভগবান গীতার ৭ম্ অধ্যায়ের ২৮শ শ্লোকে বলেছেন যে,

যেষাং ত্বন্ত গতং পাপং জনানাং পুণ্য কৰ্মাণাং। তে ছন্দো মোহ নিমুক্তা ভজন্তে মাং দৃঢ ব্ৰতা।

যে সমস্ত পুণ্যকর্মা ব্যক্তিদের পাপ বিনষ্ট হ'রেছে, এবং দল্জনিত মোহ জ্পণত হয়েছে, অর্থাৎ থাদেব শীত উষ্ণ, স্থপ ছঃখাদিব জ্বন্ত মন বিচলিত হয় না, সেই সব কঠোর ব্রভপরায়ণ মহাআবাই আমার উপাসনা ক'রে থাকেন। তাহ'লে যে ব্যক্তি ব্তদিন পাপাক্রান্ত থাক্বে, ততদিন ভার জ্পবানেব দিকে মন যাবে না। আর বিতীয় কাবণ হচ্ছে চিত্তভ্জি লাভ না করা। চিত্তভ্জি লাভ না হ'লে ভগবানেব দিকে মন যার না, কিছা নিজ্পাপ হলেও সকলের চিত্তভ্জি লাভ ঘটে না।

শিশ্ব। কেন ? নিপাপ হলেই ত চিতগুদ্ধি লাভ হবে।

গুরু। লোকে চিত্তগুদ্ধি লাভ না করেও কোন কারণে নিম্পাপ হ'তে পারে। পরস্ক, চিত্তগুদ্ধি লাভ না করার দক্ষণ আবার পাপকর্ম্মে লিপ্তও হ'তে পারে। চিত্তগুদ্ধি লাভ হ'লেই স্থায়ী নিম্পাপ হ'তে পারা যায়। এথন চিত্তগুদ্ধি লাভ কবে জগবানের শরণ নিতে গেলে, তদমুরূপ সাধনা এবং আচরণ কর্তে হয়। সাধারণ লোকে তা কর্তে পারেনা ব'লে ভগবানের দিকে মন ধায় না।

শিষা। কি রকম সাধনা বা আচরণের ঘারা চিত্তশুদ্ধি লাভ ক'রে ভগৰানেব শবণ নিমে তঃখদায়িকা মায়াব হাত থেকে উদ্ধার পাওয়া যায় ?

গুৰু। আৰু থাকু আবাব কা'লু হৰে।

অফ্টম দিন।

শিশ্য। আমাব কাল্কার প্রশানীর উত্তর আব্দ বলুন।

শুরু। চিন্তগুদ্ধি লাভ ক'রে ভগবানেব শর্প নেওয়াব উপার হচ্ছে নিক্ষান, অনাসক্ত ও নিরহংকাব হওয়। এই তিনটীর মধ্যে নিক্ষানই হচ্ছে মূল। অর্থাৎ নিক্ষানভাবে কর্মা কব্লে অনাসক্তি ও নিরহংকারিতা মনে ধাবণা হয়। অবশু এই তিনটী মনেব অবস্থা বা ভাব। এই ভাব তিনটী যথন মনে দৃঢ ধারণা হয়, অর্থাৎ পূর্ণ বিশ্বাসেব সহিত এই তিনটী ভাবেবই বশ হ'রে লোকে ধখন কর্মা কবে, তখন লোককে ক্ষমকলে আবদ্ধ হ'য়ে আর মায়াব হাতে পড়তে হয় না। কাজেই ভব্য়য়ণা থেকে নির্মৃতি পায়। কেননা, চিত্তেব গুদ্ধিলাভ হেতু মনে আকাজ্যা উৎপন্ন না হওয়াতে লোককে আব ফাসা'তে পাবে না।

শিয়া। এখন অনুগ্রহ ক'রে অনাগাক্ত, নিকাম ও নিরহংকার এই তিনটা ভাব বা অবস্থা আমাকে পৃথক্ পৃথক্ ভাবে ভাল ক'রে বুবিষে দিন।

গুরু। পার্থিব সমন্ত পদার্থেব উপর আসজিক্তীন হওয়ার নাম অনা-সজি। আসজি মানে অমুবাগ অর্থাৎ মনেব টান, সেই টানটা যদি না থাকে, তাহ'লে কোন ঘটনাতেই মন বিচলিত হয় না, স্মুডরাং কোন জিনিসের অভাবজনিত কষ্টও মনে হয় না, পাক্লেও যেমন গেলেও তেমন। মনের ঠিক এই অবস্থার নাম অনাসজি বা বৈরাগ্য। মনে এই বৈরাগ্যভাব হ'লে, তথন গা মন ঈশারেতে লাগে, নচেৎ নয়। শিষ্য। বৈবাগাভাৰ হ'লেই মন ঈশ্বরেতে লাগ্বে, নচেৎ লাগ্বে না তার কারণ কি ?

খ্রক। তাব কারণ এই যে, মনে অনাসক্তি বা বৈরাগ্যভাব এলেই, তথন মন সাংসারিক যাবতীয় পদার্থের প্রেম ত্যাপ কবে, অর্থাৎ কিছুবই উপর আব টান থাকে না, স্থতরাং নিরাবলগ হয়। মন কিন্তু সঙ্গী ছাড়া থাক্তে পারে না, এইটা তাব স্বাভাবিক ধশ্ব। এখন মন শাংগারিক যাবতীয় পদার্থে বাতপ্রদ্ধ হয়েছে, কিন্তু স্বাভাবিক ধন্মবশতঃ অপব কারও নঙ্গ কর্তে চায়। পরস্ব সংসারে ভাব বৈবাগ্য জন্মছে, কাঞ্চেই মন তথন সংসার ছাড়া অন্ত কিছু বৌজে, আর অমনি ভগবানকে পায় এবং তৎক্ষণাৎ তাঁতে লেগে যায়। কারণ, এই মান্ত্রাময় জীবসকুল পুথিবীতে তুইটা মাত্র পদার্থ আছে তা ছাডা আর কিছুই নাহ। একটা মায়াপ্রপঞ্চ নাশ্লীল পদাৰ্থসম্বিত সংসার, আব একতা মায়া-নিশুক্ত আৰ্থনানী আনন্দমন্ন ও শান্তিপ্রদ ভগবান। এই চুটার মধ্যে মন মান্নাপ্রপঞ্চ সাংসারিক পদার্থের সঙ্গ ত আগেই ছেডেছে, এবং এখন কারও সঙ্গে সঞ্গ করবার জন্ম ব্যাকুল হয়েছে, কাজেই এখন ভাব ভগবানই একনাত্র অবলম্বনীয়। সেই জন্ত মন তথন খুব আনন্দ ও উৎসাহেব সহিত ঈশবেতে দৰতোভাবে আদক্ত হয়। কাজে কাঞ্ছেই অনাদাক্ত বা বৈরাগ্য না হ'লে ভগবদ্ধকি কিমা ভম্বজান লাভ হয় না। সাংসারিক পদার্থের খেয়াল খাকলে ভগবানকে পাওরা যায় না, তাব একটা গল বলি শোন। একদিন শেব রাত্তে একটা চোর একজন ধনাতা শেঠের ধরে ঢুকে একটা বছমূল্য বড়ের পোট্লা চুত্তি ক'রে বেত্তিয়ে যাবার উপক্রম করছে, এমন সময় সেই গৃহস্বামী শেঠ জেগে উঠে দেখুলেন যে, চোর রত্নের পোঁটুলা চুরি ক'রে নিষে পালাচেছ। হওরাং তিনি আর শ্বির থাকতে পার্লেন না। তথন তিনি বেমন হড়্মুড় ক'রে থাটু

থেকে নেমেছেন, আর অমনি চোর বরেব বা'র ছ'রে ছটতে লাগুল। গৃহস্বামীও চোবকে ধরবার জন্তু চোরের পেছুনে পেছুনে ছুট্তে লাগ্লেন। থানিক দূর গেলে পর চোর বেগতিক দেখে, পৌটুলা থেকে করেকথানা রত্ব নিম্নে ডানে বাঁয়ে ছুঁডে ফেলে দিয়ে প্রাণপণে ছুট্তে লাগ্ল। গৃহস্বামী জাব্লেন যে, ভোর হ'রে এসেছে, কি জানি কেও যদি আসে এবং রত্ন কথানা কুডিয়ে নিমে যায়, ভাহ'লে অনেক টাকার জ্বিনিস যাবে। আছো। যা পাওয়া গিয়েছে সেগুলি ভ হওগত কবি, তাব পব চোবকে ধব্ব। লোভ প্রযুক্ত গৃহস্বামী মনে এইরূপ বিচার ক'রে বেমন বদ্ধ করথানি কুড়োতে গেলেন, তথম সেই অবসরে চোর অদুগু হ'য়ে গেল। কাজেই গৃহস্বামী নিক্ল-পায় হ'য়ে সেই কথানি রত্ন নিয়েই বাড়ী ফিরে এলেন। যদি ডিনি বত্নের দিকে থেয়াল না ক'রে, কেবল চোবেবই পশ্চাধাবন কব্তেন, তাহ'লে চোরকে নিশ্চর ধব্তে পার্তেন। গৃহস্বামী শেঠ বেমন করেকথানি রত্বেব প্রতি আকৃষ্ট হওরায় চোরকে ধবতে পার্লেন না, সংসারী জীবও তেমনি মান্নাময় সাংসারিক পদার্থে আরুষ্ট হওয়াতে ভগবানকে ধরতে পারে না! ভগবদপ্রদত্ত মায়াময় পার্থিব পদার্থে মন আরুষ্ট না হ'য়ে কেবল যদি ভগবানের দিকেই ধাবিত হয়, তাহ'লে তাঁকে ধ্ব্তে পাবা ষায়, নচেৎ তিনিও চোবেব মত অদৃগ্র হ'রে যান। ভগবান সাংসারিক एक कि एक खी. श्रुख, धन, ब्रध्न, मान, स्वामिष किरव ज्लिख त्वरथरहन। এখন যে গুড়ীর মন ভগবদপ্রদন্ত ঐ সকল পদার্থে আরুষ্ট না হ'য়ে কেবল ষদি ভগবানের দিকেই ধাবিত হয়, অর্থাৎ ব্যাকুল হয়, তাহ'লে সেই তাঁকে পায়, নচেৎ তিনিও চোরের মত অদুখ হ'রে যান। ভগবান আবার বোগী সন্মাসী প্রভৃতি ত্যাগী মহাত্মাদেরকেও অষ্ট-সিদ্ধাদি বিভূতি দিয়ে ভুলিয়ে থাকেন। যে মহাত্মা সেই বিভূতিতে আর্ম্ন্ট না হন, তিনিই বেৰণ ভগৰানেৰ নিকট পৌছিতে পাৱেন নচেৎ সৰ সিদ্ধ মহাত্মাদের শদা ঐ শেঠের মত হয়। তবে লোকসমাজে বুজ্ককী দেখিয়ে পূজা পেতে পারেন বটে, কিন্তু নিজেরা অধ্ঃপতিত হন। সে সপ্তরে ভগবান গীতার ৭ম অধ্যায়েব ৩গ্ন শ্লোকে ব'লেছেন যে,

মনুষ্যাণাং সহস্রেষু কশ্চিদ্ যততি সিদ্ধয়ে। যততামপি সিদ্ধানাং কশ্চিন্মাং বেদ্ধি তত্ত্বতঃ॥

সহস্র সহস্র অর্থাৎ বছ বছ নমুয়ের মধ্যে কেও কেও আত্মজান লাভের জ্ঞা প্রবত্ব করেন, এবং সেই সকল প্রয়ত্ত্বকারীগণের মধ্যে কেও কেও সিদ্ধি প্রাপ্ত হন। আবার সেই সব সিদ্ধগণের মধ্যেও কদাচিৎ কোন সিদ্ধ মহাত্মা প্রকৃত প্রভাবে আমাকে জান্তে পাবেন। তাব মানে এই বে, বিভূত্যাদি সিদ্ধি পেরে যাবা তাতেই ম'জে যান, তাবা আর ভগবান পর্যান্ত পৌছিতে পাবেন না। অতএব মনে বিচাবের দ্বারা কনাসক্তি

শিয়া। সাংসারিক সমস্ত পদার্থেব প্রতি আসক্তি ত্যাগ কব্লে গোকেব জীবনযাত্রাও নির্বাহ হয় না। আপনি কি ক'রে ব'লছেন যে, সমস্ত পদার্থেব আসক্তি ত্যাগ কবা কর্ত্তব্য।

গুরু। তুমি আসক্তি তাগের তাৎপর্যার্থ বুঝ্তে পারনি।
সাংসারিক পদার্থের প্রতি অনুবাগ অর্থাৎ মনের ঐকান্তিক টান নিষিদ্ধ,
ভোগ নিষিদ্ধ নয়। জীবনযাত্রা নির্বাহের জন্ম সংসারের ভোগা পদার্থ
অবশু ভোগ কব্তে হবে, কিন্তু অনাসক্ত ভাবে। তারই নাম অনাসক্তি।
আসক্তিতে যে কি অপকার হয়, এবং কি রকম ভাবে যে বিষয় ভোগ
কর্তে হবে, তা ভগবান গীতার হয় অধ্যায়ের ৬২, ৬০ ও ৬৪ লোকে
ব'লেছেন যে,

ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষুপজায়তে।
সঙ্গাৎ সঞ্জায়তে কাম কামাৎ ক্রোধোইভিজায়তে॥
ক্রোধান্তবতি সমোহঃ সমোহাৎ স্মৃতিবিজ্নমঃ।
স্মৃতিজ্ঞংশাদ্ বৃদ্ধিনাশাৎ প্রণশ্যতি॥

ইন্দ্রিয়েব বাঞ্ছিত বিষয় ধ্যান কব্তে কব্তে অর্থাৎ চিস্তা কব্তে কব্তে তাতে আসক্তি জন্ম, আসক্তি হ তে কামনা জন্ম, কামনা হ'তে ক্রোধ জন্ম, আসক্তি হ তে কামনা জন্ম, কামনা হ'তে ক্রোধ জন্ম, ক্রোধ হ'তে সন্মোহ জন্ম, সন্মোহ হ'তে স্থতিত্রংশ উপস্থিত হয়, স্থতিত্রংশ হেতু বুদ্ধিনাশ হয় এবং বুদ্ধিনাশ হ'লেই বিনাশ ঘটে। ভগষদ্বাক্রেয় তাৎপর্যার্থ এই বে, বাকে মনে পুনঃ পুনঃ চিন্তা কর্বে, তারই প্রতি আসক্তি জন্মিবে, মাসক্তি জন্মিলেই কামনা জন্মিবে অর্থাৎ তাকে পেতে ইচ্ছা হবে, তা না পেলেই প্রতিবোধক বিষয়ের প্রতি ক্রোধের উৎপত্তি হবে, জোধ হ'লেই তথন কর্ত্তবাকতব্য বিষয়ে মাহ হবে অর্থাৎ ভাল মন্দ বিবেচনাশৃত্য হবে। একপ মোহ হলেই তথন কায়্য-কাবল সম্বন্ধ বিশ্বত হবে, কার্যাকাবল সম্বন্ধ ভূল্লেই বৃদ্ধিনাশ হবে, এবং বৃদ্ধিনাশ হ'লেই বিনাশ ঘট্বে অর্থাৎ অধ্যোগতি হবে। অভএব সাংসারিক লোককে কি রক্ম ভাবে বিষয় ভোগ কব্তে হবে, ডাই ব'লেছেন বে,

রাগ দ্বেষ বিষুক্তৈস্ত বিষয়ানিন্দ্রিরেশনরণ। আত্ম বৈশ্যেবিধেয়াত্মা প্রসাদমধিগচ্ছতি॥

যিনি বিধেয়াত্মা তিনি অনুরাগ বিদেষ থেকে বিমৃক্ত হ'রে, আপনার বশীভূত ইন্দ্রিয়ের দারা বিষয়ের উপভোগ ক'রে প্রসাদ লাভ কবেন অর্থাৎ শান্তিলাভ করেন। এর তাৎপর্গ্যার্থ এই বে, মিনি বিধেয় আত্মা অর্থাৎ বার আত্মা (বৃদ্ধি) ও অন্তঃকরণ বশবর্ত্তী থাকে, এমন ব্যক্তির ইন্দ্রিয়গণ বলের ঘারা তাঁর আর্ম্বাধীন চিস্তকে হরণ কর্তে পারে না। বিনি রাগ দ্বেষ হ'তে বিমৃক্ত হন চিত্ত তাব আয়্বাধীন হয়, মৃত্যাং ইন্দ্রিয়গণ বশবর্তী হয়, কাজেই তিনি সেই বশীভূত ইন্দ্রিয়েব ঘারা বিষয় ভোগ ক'রে শান্তি-লাভ করেন। অনাসক্তি কি জিনিস এবং কেন প্রয়োজন এখন বুঝ্লে গ

শিষ্য। 'আজ্ঞা হা, এখন নিষ্কাম কাকে বলে বুঝিয়ে দিন ।

শুক। নিকাম যে কাকে বলে ভগবান তা গীভাব ২য় অধ্যায়ের ৪৭-৭ ক্লোকে ব'লেছেন যে,

কর্মণ্যে বাধিকাবস্তে মা ফলেয়ু কদাচন। মা কর্মফলহেভুৰ্ভুমা তে সঙ্গোহস্তু কর্মণি॥

হে অর্জুন। কর্মে তোমার অধিকার হ'ক, কর্মফলে বেন কদাচ
অধিকার না হয়, এবং কর্মফল মেন তোমাব কর্মে প্রবৃত্তির হেজু না
ফয় অর্থাৎ ফলেব লোভে ধেন কর্ম না কর, আর কর্ম না কর্তেও বেন
তোমাব প্রবৃত্তি না হয়, অর্থাৎ কন্ম ত্যাগও না কর। এর তাৎপর্যার্থ
এই যে, কর্ম অবশু কর্বে কিন্তু ফল কামনা কদাচ কর্বে না, অর্থাৎ
নিক্ষমভাবে কর্বে: কেন নিদামভাবে কর্ম কর্তে ব'লছেন ? তাহ'লে
চিত্তগুদ্ধি লাভ হবে। যদি ফলের লোভে কর্ম্ম করা বায়, তাহ'লে সেটা
বন্ধনের হেতু হয়। আব যদি কর্মা ত্যাগই কবা যায় তা হ'লেও অধোগতি
হয়। অত্রবে সক্য কর্মাই নিক্ষামভাবে কর্তে হবে। সক্ষ কর্ম
কর্ম্বারোধ্য ক্রাই উচিৎ।

শিয়া। এ কথাত বড কঠিন দেখ্ছি। ফল না পেলে কথা কর্তে মন বাবে কেন? সার বে ব'লছেন কর্তিব্যবোধে কথা কর্তে হবে, সেই কর্তব্যবোধটা মনে বে কি ক'রে আসে ভাও ত ব্রুড়ে পার্চিছ্না। শুক। কর্ত্তবাৰোধটী মনে চ্ছু ধারণা হ'লে, তথন ফল কামনা আদৌ আমে না। এই কণ্ডবাবোধটা মনে কে জাগিরে দেয় তা জান ? সে দয়া, স্ত্তবাং দয়াই প্রধানতঃ নিকাম কর্দ্ধের নেতা ও উৎসাহদাতা। প্রত্যেক বাজিরই দয়া বৃত্তিটা পরিপৃষ্ট কর্ভে চেষ্টা কবা উচিৎ। ঈশ্ববে কর্মফল সমর্পণ ক'বে অথবা তাব প্রীভ্যর্থে বা কিছু করা যায় তাও নিকাম।

শিষ্য। কি ক'বে দয়া হৃত্তিতে নিফাৰ কবাৰ, আমাকে ভাল ক'বে বৃথিয়ে বলুন।

গুৰু। ননে কব তৃমি বাস্তা দিয়ে চ'লে যাছে, সঙ্গে কিছু টাকাও আছে। এখন জার্থ শীর্থ পীড়িত একটা লোক সেং রাস্তার ধারে প'তে কা করে। কিছার নেক তৃমি দেই লোকটার নিকটন্থ হ'লে ভার পোচনীর অবস্থা দেখনে, আব অম্নি ভাব কপ্তে তোমাব প্রাণটা কেনে উঠ্লো। তথন তৃমি একখা,ন গাড়া ভাডা ক'বে নোকটাকে ইাস্পান্তালে পৌছে দিলে, এবং কিছু টাকা দিয়ে ভার সেবা শুল্লবার ভাল বন্দোবস্তও কবে দিলে। তৃমি যে এই মান্থের কর্ত্রাটা কর্লে, কিন্তু কর্ত্রাটা করালে কে গুলেই দরা। দয়াতে মন গ'ললে তথন আব ফল কামনা কি অন্ত কোন ভাবই মনে আমে না। কেননা, কি ক'বে তৃঃখীব দৃঃখ মোচন হবে সেই চিঞাতেই মন ব্যাক্ল থাকে। এক চিঞায় মন ব্যাক্ল থাক্লে অন্ত চিন্তা আদ্তে পারে কি গু এখন বৃষ্লে গদ্মা হন্তে মান্থের পব্য কল্যাণকব বৃত্তি। এই বৃত্তিটা সকলেরই পরিপ্তি কর্তে চেন্তা করা উচিৎ। মহাত্মা তুলসীদাস ব'লেছেন যে,

দয়া ধরম্ কা মূল হৈ পাপ অভিমান ভুলসী দয়া মৎ ছোড় যব লগ্ ঘটমে প্রাণ॥ শিয়া। আপনি ব'লছেন বে দয়া বৃত্তিটী পবিপুষ্ট কর্তে সকলেবই চেষ্টা করা উচিৎ। এখন কি রকম ক'বে বে চেষ্টা কর্তে হবে তা জানি না; এবং দয়া বৃত্তিটাও আমাব নাই।

শুক । আছো ঐ পীডিত দরিদ্র লোকটীর কথাই ধব। মনে কর তুমি ঐ লোকটীর নিকটস্থ হ'দে, তাব সেই তুরবস্থা দেখেও তোমার মনের কোন ভাবান্তব হ'ল না। তথন তোমার কি করা উচিং ? তথন তুমি বরাবব চ'লে না গিয়ে তার কাছে দাডিয়ে তাব সেই পোচনীয় অবস্থাটা ভোমার মনোযোগ দিয়ে দেখা উচিং। ঐ রক্ম মনোযোগ দিয়ে দেখাকে মন ফেমে গবেব হুঃপে দ্রব হয়। পরের ১৯থ মনোযোগ দিয়ে দেখা কিছা শোনাই হচ্ছে দয়া রৃত্তিটা প্রকটের উপায় এবং সেই অবস্থাটা প্নঃ পুনঃ মনেব মধ্যে আলোচনা কবা হচ্ছে দয়া বৃত্তি পরিপৃষ্টির উপায়।

শিষ্য। সংসাবে এমন লোকও ত খাক্তে পারে, যাদের চেষ্টা কব্লেও পারের ছঃখ দেখে মন দ্রব হয় না; স্থতনাং তাদের দাবা নিজাম কর্মাও হ'তে পাবে না। এখন সেই সব লোকেব অন্ত কোন উপায়ে নিজাম কর্মা কর্বার কি সন্তাবনা নাই ?

শুল। সম্ভাবনা আছে। আব একটা বিষয় বিচার করে দেখ্লেও
পূর্ণ নিকাম হ'তে পার। বায সকানের নাম গন্ধও থাকে না। বিচারটা
এই বে এক ঈশ্বই আঞ্চানপে সর্বভৃতে অবস্থান কর্ছেন। যখন
সকল ভূতে সেই একই ঈশ্বৰ আছেন, তখন সকল ভূতই এক, পার্থক্য
কেবল দেহেব কিন্তু শরীরেব সলে ত কোন সম্বন্ধ স্থাপন হন্ন না।
শ্বীৰ কেবল সোধাবি মাত্র, সম্বন্ধ সোধাবের সঙ্কে।

শিশ্ব। শ্বীৰ আমাৰ তাৰ সঙ্গে কোন সম্বন্ধ নাই; তবে কি গান্ধের লোকের সঙ্গে সম্বন্ধ থাক্বে?

গুরু। তুমি বুঝাতে পার নি। সম্বন্ধ আত্মাব সঙ্গে, শরীরের সঙ্গে

নয়। দেখ, মারের উপযুক্ত ছেলে ম'রে গিরেছে, সেই ছেলের মৃতদেহটাকে উ'ঠানে কাগড় চাঁকা দিরে কেলে রেখে মা কাঁদ্ছে। ছেলে ত
ভার সাম্নেই পডে আছে, তবুও তার মা কাঁদে কেন ? যার সঙ্গে তার
পুরু সম্বর্ধ ছিল, সেই আত্মা চ'লে গিরেছেন, এখন শ্রীরটা সোরারি
মাত্র প'ডে আছে, কাজেই মা কাঁদ্ছে। যথন আত্মাব সঙ্গে সম্বর, এবং
সকল দেহেতে সেই একই আত্মা, তখন কে কাকে দান করে কিয়া কে
কার উপকার করে হত্যাদি। কেন না, যে দান কর্ছে সে যে, যাকে
দান কর্ছে সেও নেই ইত্যাদি। সকলেই যখন একই পুন্দ তখন কল
কামনা কি ক'রে হ'তে পাবে ? কারণ, নিভের কাজ্ম নিজে ক'রে কেও
কল কামনা করে না, অপরের কাজ্ম ক'রে তার কলবর্ধপ মন্থ্রা নেয়,
কিন্তু যে দিন তারা নিজের বাড়াতে কাজ্ম করে, সে দিন কি আর কারও
কাছে কল কামনা করে অর্থাৎ মন্ত্রার আকাজ্জা করে ?

শিষ্য। আজা হা এ গুলি আমি বুঝ্লাম, কিন্তু এ সব বড বিচার ক'রে তবে বুরুতে ১য়। সোজা কথায় সকাম ও নিকাম কর্মের কোন মীমাংসা নাই ?

গুরু। মীমাংদা আছে। নিজের স্থাপের জন্ত যা করা যার তা স্কাম, এবং পরের স্থাপর জন্ত যা করা যায় তাই নিকাম। কর্মের মধ্যে শ্বার্থ না থাকুলেই তা নিকাম এবং স্বার্থ থাকুলেই তা স্কাম।

শিষ্য। আগে মনে কামনা ক'রে ভদম্সারে লোকে কর্ম করে। কামনা নিজের ও পরের উভয়ের জন্তই হ'রে থাকে। কর্মের মূলে বধন কামনা আছে ভথন কম্ম নিকাম হ'ল কৈ ?

গুরু। কাম শব্দের প্রকৃত তাৎপর্যার্থ আগে বোঝ। স্বর্গানি লাভ সাধনকে কাম্যকর্ম বলে, স্তরাং নিজের স্থান্থর জন্তই সকাম শব্দের বাবহার হ'রে থাকে। অতএন সকামের উদিষ্ট যে সংখ তা কর্মকর্তার নিজের জন্ম, কিন্তু নিদ্ধামের উদিষ্ট যে সংখ তা পরের জন্ম।

শিশ্য। কাম শব্দ থেকেই ত কামনা শব্দ হয়েছে, কাম শব্দের মানে আকাজ্ঞা ইচ্ছা। এখন যে কেহ যে কোন কাজ কর্মক না কেম, ফলতঃ গোড়ার ইচ্ছা আছেই। তাহ'লে প্রভাক কাজেই কামনা আছে, তথন রুশ্ম নিদ্ধাম হর কি ক'রে ? আমি দেখুছি তা হ'লে সকল কর্মই সকাম।

গুরু। তবে ভোমাকে বল্লাম কি আর তুমি বুঝ্লেই বা কি ? কামনা বাতীত কর্ম হয় না, তা আমি মানি। সেই কমিনা নিজের জন্ত হ'তে পারে এবং পরের জন্তেও হ'তে পারে। নিজের জন্ত কামনা ক'রে বে কন্ম করে তা সকাম, এবং পরের জন্ত কামনা ক'রে বে কাল্ল করে ভাই নিছাম। মহাভারতে কাম শব্দের প্রকৃত তাংপর্যার্থ বোঝান আছে বে,

ইন্দ্রিয়ানাঞ্চ পঞ্চানাং মনসো হৃদয়স্থ চ। বিষয়ে বর্ত্তমানানাং যা শ্রীতিরুপজায়তে। সকাম ইতি মে বৃদ্ধি কর্মানাং কল মৃত্তময় ॥

পাঁচটী ইন্দ্রিয় (জ্ঞানেন্দ্রিয়), মন ও হাদর স্ব স্থা বিষয়ে বর্ত্তমান থেকে, বে প্রীতি উপভোগ করে, আমার বিবেচনায় তাই সকাম এবং কর্ম্বের উত্তম কল। তা হ'লে দেখ ইন্দ্রিয়গণ বিষয়ের সঙ্গে সংযোগ হ'য়েই প্রীতি উপভোগ করে, স্থতরাং সেটী নিজের স্থাপের জ্ঞাই হচ্ছে।

শিয়া। আজা হাঁ, নিফামের এ অর্থটা শোকা বটে। নিজাম কর্ম সম্বন্ধে আমার মনে আর একটা সংশয় এই হচ্ছে বে, নিজাম কর্মকর্ত্তা আদি ফল কামনা করে না, কাজেই তার ফলও ভোগ হয় না। তা'হলে কি নিফাম কর্মের কোন কল উৎপন্ন হয় না ?

শুরু । কর্ম কর্লেই ডার ফল উৎপন্ন হর, ফলের ইচ্ছা কর আর নাই কর। নাটীতে বীজ পুঁত্লেই বেমন গাছ উৎপন্ন হয়, তেমনি কর্ম কর্লেই ফল উৎপন্ন হয়।

শিষা। ভা'হলে নিকাম কর্মের ফল কি হর ? কারণ, কর্মকর্তা ভ ফল নিচ্ছে না।

গুৰু। নিজাম কৰ্ম্মের ফল কর্মকর্তাই পার।

শিষা। আপনার এই কথার আমার মনে ধাঁদা লাগ্ছে। এই বল্লেন যে, নিফাম কর্মকন্তা আদৌ কল কামনা করে না, কেননা, কর্মন কল ভোগের জনাই জন্ম নিয়ে ছ:খ ভূগ্তে হয়। কর্মফলই একমাত্র জন্মের কারণ। এখন আবার বল্ছেন যে, নিষ্কাম কম্মের ফল কর্মন কর্তিই পায়। তা'হলেই ত সেই কর্মাফল ভোগের জন্ম তাকে জন্ম নিতেই হবে। তবে আর নিফাম কর্মের অর্থ কি ?

গুরু। নিজাম কর্মের ফল বে কর্ম্মকর্জা কি বক্ষমে পার সেটা আংশ শোন, তার পর মতামত প্রকাশ ক'র। কেই ঈশরের প্রীত্যর্থে, কেই ঈশরেতে কর্মফল সমর্পণ ক'রে, কেই কর্জ্বাবোধে, কেই বা দরার বশবর্জী হ'রে নিজাম কর্ম ক'রে থাকে, ফলতঃ বে যে ভাবেই করুক্ না কেন, ফর্মফল হবেই। কর্ম্মকর্জা ত এ ফল চার না, তাহ'লে এখন বেওয়ারিশ কর্মফল যায় কোথা ? যার ঈশরে। বেওয়ারিশ মাল যেমন সরকারে যায়, নিজাম কর্মের বেওয়ারিশ ফলও তেমনি ঈশরে যায়। পরম দয়াল ভগবানও সেই কর্মফল কর্মকর্জাকেই দেন।

শিষ্য। তবেই ত আবার সেই গোলযোগ। কারণ, ফল ভোগের স্কনা কর নিতেই হবে। শুলা। হাঁ, সে কর্মকল ডোগ হয় বটে, কিন্তু ভাতে অধােগতি হয়
না, অর্থাৎ জন্ম হয় না। ভাতে উর্দ্ধান্ত হয়, অর্থাৎ মুক্তি হয় অর্থাৎ
কেবল পরম ধামে পরমানকট ভোগ হয়। আগুনে বল্সান ভূটার
দানা থেয়ে বেমন আনক পাওয়া বায় কিন্তু জমীতে বুন্নে গাছ হয় না,
তেমনি ঈর্থবের ক্লপাগ্নিতে খল্সান নিছাম কর্মের ফলভােগে আনক
পাওয়া বায়, কিন্তু সে কর্মকল হেতু জাবের জন্ম হয় না। সে ক্লেন্স
ভোগই হ'ল মুক্তি।

শিষ্য। নিহ্নাম কশ্ম এক রক্ষ বুর্গাম। এমন নিরহংকারটা আমাকে বুরিয়ে দিন।

গুরু। আজ থাকু, আবার কাস্ হবে।

নব্ম দিন ।

শিষা। অনুগ্রহ ক'রে আঞ্চ নিবহংকাবটা বুঝিয়ে দিন।

গুরু। অহং জ্ঞান না থাকার নাম নিবহংকার, অর্থাৎ কর্ম ক'রে,
আমি কর্ছি বা করেছি কি আমি কর্তা এই রকম ভাব মনে না হওরার
নাম নিরহংকার। কিছু প্রকৃত প্রস্তাবে অহং শব্দ ত্যাগ কর্তে, বাবহার
চলে না। কি সংসারী, কি ত্যাগী অহং শব্দী কেহুই ত্যাগ কর্তে
গারে না অবশ্য মনে ধাবণা না থাক্তে পারে, কিন্তু মুখে অহং শব্দ জ্যাগ
করা বায় না।

শিয়। তাবে ত নিরূপার। তা'ংলে নিবহংকার শব্দ হ'ল কেন ।
তরু। নিরহংকার কাকে বলে তা আগে মন দিরে শোন তবে ত
ব্রুতে পার্বে। কি সংসারী, কি ভাগী অহং শব্দ সকলেই ব্যবহার করে,
কেননা, অহং শব্দ তাগি কর্থলে কাজ চলে না। তবে নিরহংকারের
শীমাংসা কি । এর মীমাংসা এই বে, অহং ভান হই প্রকার বার্টি ও
সমষ্টি। আঅ্জান গাভ ক'রে মারামুক্ত হ'লে, তথন সমষ্টি অহং ভান
আসে, অর্থাৎ আমি মুক্ত, আমার সলে কর্মের কোন সংশ্রব নাই, আমার
কর্ত্তব্য কিছু নাই ইত্যাদি। আর মায়াবদ্দ জীবের বার্টি অহং ভান
মনে আসে। তাতে এই বোধ হর বে, আমি বড় লোক, আমি রবিরুত্ত,
আমি স্থবী, বামি তৃঃবী ইত্যাদি। ভুতগণের শরীরে প্রকৃতি ও প্রথম চইই
আ্রেন। জাব অবস্থা তেনে এঁলের একজনের অ্থীনে থাকে। যতদিন প্রক্তু
ভির অ্থান, ব্যর্থাৎ মারাপ্রাপ্রেক্ত ভড়িত থাকে, ততদিন সংকর বিকরের

সহিত ব্যষ্টি অহংরের বশবর্ত্তী হ'রে চলে। আর বধন জীব প্রেক্তরের অধীনতা ছাড়িরে পুরুষের অধীনে যায়, অর্থাৎ বধন আত্মাকে জেনে আত্মাজ্ঞান লাভ করে, তথন সংকল্প বিকল্প রহিত হ'রে ভারাবস্থায় একমাজ্ঞান লাভ করে, তথন সংকল্প বিকল্প রহিত হ'রে ভারাবস্থায় একমাজ্ঞান লাভ করে, তথন সংকল্প বিকল্প রহিত হ'রে ভারাবস্থায় একমাজ্ঞান কর্মান হৈছে এই ব্যষ্টি অহং ত্যাগকেই নিরহংকার বলে। আমি কর্ত্তা, এই ধারণাটা মনে খেকে যাওগার নাম প্রাকৃত নিবহংকার। বেমন লোকে দিবারাজ্ঞি চিকিলে গণ্টা খাস প্রখাস ফেল্ছে ও নিচ্ছে, কিন্তু সূহুর্ত্তের জন্যেও কি কেও কথন মনে ভাবে বে আমি খাস প্রখাস ফেল্ছি নিজিল। ফেলা এবং নেওরা এ কাল ছটী কর্ছে লোকেই, কিন্তু কর্মান বিলাটী কাল্প নাই। সকল কাজেই এই রকম মনের ভাবে হ'লে, তবে ঠিক নিরহংকার হওরা যায়। পরস্ক, জীবের পক্ষেবের ব্যক্তর একবারে অসম্ভব।

শিব্য। বখন অহং জ্ঞান ত্যাগ করা অসম্ভব, এবং অহং শক ত্যাপ কর্লে ব্যবহারও চলে না, ডখন লোকেব উপায় কি ?

গুরু। উপার আছে। সংসারী লোকের বৈভজ্ঞানের আত্রর
নিরে, অভ্যাসের হারা যনে একটা ধারণা দৃঢ় কব্তে পার্লে; তথন ক্রমে
ক্রমে অহং জ্ঞানের শক্ত বাধন টিলে হ'রে যার এবং সমরক্রমে এক
বারে খুলেও বেতে পারে। ধারণাটী হচ্ছে এই বে, ঈশরকে সর্বমর
কর্ত্তা মনে করা (বটেও তাই), অর্থাৎ যা কিছু কর্ছি বা হচ্ছে সবই
তার ইন্নিভে বা ইচ্ছার্য কর্ছি বা হচ্ছে। আমার স্বাধীন ভাবে কিছু
কর্বার ক্ষমতা আদৌ নাই। মান্তবের শত চেটাতেও মনোরও পূর্ণ হর
না, কিন্ত ভগবান বথন ইচ্ছা করেন তথন তা সহক্রেই হয়। তা'হলে মেথ
ভিনি যা করাছেন তাই হচ্ছে। ভগবান গীতার ১৮শ অধ্যারের ৬১টা
লোকে বলেছেন বে,

ঈশ্বর সর্ববস্থৃতানাং হুদ্দেশেহর্জুন তিন্ঠতি। ভাষয়ন সর্ববস্থৃতানি যজ্ররুঢ়ানি মাযয়া॥

হে অর্জুন! বেমন লোকে দারুষদ্রে আরাচ ক্রন্তিম ভূত সকলকে ভ্রমণ করিরে থাকে, অর্থাৎ নাটিরে থাকে, তেমনি ঈশ্বরও ভূত সকলের করে অধিষ্ঠত থেকে, তালেবকে ভ্রমণ করাছেন অর্থাৎ নাটাছেন; তার মানে সব করাছেন। আসল ব্যাপাব ধরন এই বক্ষ তথন আমি কর্ত্তা নাজি কিনে? প্রত্যেক কাছেই এইকগ চিন্তা কর্ত্তো, অহং জ্ঞান ক্রমে লোপ পেতে থাকে এবং শেষে তেলবিহীন নিপ্রভ প্রদীপের ন্যায় নিজে বায়। দেখ সচরাচর বিশ্বের স্থাই, শ্বিতি, পালন ক'রেও ভূপবান নিরহংকাব। ঈশ্বরেব ভূলনায় কীটামুকীটসদৃশ সামুষ বংকিঞ্জিৎ অন্তঃগারশুন্য কাঞ্চ ক'বে অহংকার করে। লোকে যদি ভগবানের নিরহংকারিছ চিন্তা ক'বে দেখে, তাহ'লে কি আর অহংকার থাকে?

শিষা। অনাসক্ত, নিকাম ও নিবহংকার হ'লে তবে ভগবানকে কানা যার, অর্থাৎ আত্মজান লাভ ২র, নচেৎ জানবার উপার নাই।

শুরু । তুমি নিতান্ত নির্বোধ। আমি বে এও ক'রে তোমাকে বোঝাছি তাহ'লে তুমি বুঝ লে কি । ঐ অনাসক্তাদি ভাব তিনটা আরও হ'লে, অর্থাৎ মনে দৃঢ়রূপে ধারণা হ'লে চিন্তক্তমি লাভ হর এবং তথন ভগৰানকে জান্বার অধিকারী হওয়া যার। তাকে জান্তে গেলে আরও কর্ত্তবা আছে। যেমন জমীতে চাম দিয়ে পরিকার ক'রে শস্যের বীজ ছড়া'লে ফসল উৎপর হয়, তেমনি জনাসক্ত, নিকাম ও নিরহংকার এই ভাব ভিনটা চিত্তক্ষেত্রের চাম শ্বরূপ। এদের হারা চিত্তক্ষেত্রের চাম শ্বরূপ। এদের হারা চিত্তক্ষেত্র পরিষ্ণায় ক'রে, তথন শুরুদ্ধন্ত উপদেশ বীজ বপন কর্লে, ভক্তিরূপ অরুর হয়, এবং ক্রেমান্তরে বৈরাগ্যমিন্তিত একাগ্রভারণ জল সেচন কর্লে ঐ ভক্তিরূপ

গাছ এত বাড়ে বে ভগবানের শ্রীচরণে গিয়ে সংগগ্ধ হয় ও প্রেমরূপ ফুল ফুটে সমস্ত লোককে মোহিত করে, এমন কি ভগবানকেও প্রসর করে। শেবে সেই প্রেমরূপ কুল থেকে ভানরূপ শন্যের দানা উৎপন্ন হ'রে ক্রিডাওারে মজ্ভ হয়। লোকের সংগৃহীত শন্যের দানাতে বেমন জড়দেহেব কুথা নিযুদ্ধি হয়, জনিরূপ শশ্রের দানাতেও লোকের তেম্নি ভবকুধা নিযুদ্ধি হয়।

শিয়া! এখন আমি বিষয়টী বুর্লাম। আগনি যে একাগ্রভার কথা বল্লেন, আমি দেখ্ছি মনকে একাগ্র করা বডই কটিন। একাগ্রভা না হ'লে সাধনার কি অনিষ্ট হয় ?

শুরু। সাধনের এই অনিষ্ট হর ধে, একাগ্রতা ভিন্ন সাধন বুণা হর। শিষ্য। উপবাস ক'রে, কঠোর ক'রে সাধনা ক'রছে, মনে একটু অফ চিস্তা হ'ল বলে সব বুণা হবে । না হয় ফলই কম হবে।

শুল মনকে সমস্ত বিষয় থেকে ফিরিয়ে এনে এক ভাগবানের দিকেই দিতে হবে, একেই একাগ্রতা বলে। মনের একাগ্রতা না হ'লে ভাগবানকে পাওয়া যাবে না। তার কারপ এই বে, জীবের চারিদিকে মালা প্রথাকের বাঁধ আছে, এবং সেই বাঁধেই জীবকে ভাগবান থেকে পৃথক্ ক'রে রেখেছে। এখন মনের খালা সেই বাঁধকে ভেলে, তবে নিমে ভার দকে মিলতে হবে। সেই এক্ত মনের একাগ্রতাব একান্ত প্রয়োজন। কেননা, একাগ্র মনের জোর বেনি, বিক্ষিপ্ত মনের খালা মালার বাঁধ ভালার কাজ হল্প না। যেনন কোন জলা আনক্ষর্ভাল নালী দিলে বেরিয়ে পালা কে বাংল বেরিয়ে গালা, তা হ'লে সে জলোর প্রথাবার ক্যান্ত মনের খালা, তা হ'লে সে জলোর প্রথাবার ক্যান্ত মনের খালা বিলি একটা নালী দিরে থেরিয়ে গাল, তা হ'লে সে জলোর প্রথাবার ক্যান্ত মনের খালা হল্প। একাগ্র মনের অবস্থান্ত তিক ভাই।

শিया। ভাহ'লে ননের একাগ্রভা ভিন্ন কিছু হবার যো নাই দেখছি'।

শুক্ত। তা শান্ত শৈ শালে একাপ্রত। ব'লে॰ এত চীৎকার ক'রেছে । কেন ?

শিয়া। মনকে বে কেন একাতা কবৃতে হবে তা বুঝলাম। এখন দেই একা গ্ৰতা সাধনের উপায় কিছু আমাকে ব'লে-দিন।

শুক। ভগবানই গীভাতে মনের একাগ্রতা সাধনের উপায় ব'লে

দিয়েছেন বে, "অভ্যাদেন ভূ কৌন্তের বৈরাগ্যেণ চ গৃহতে"। অভ্যান ছা
বিষয় বৈরাগ্য দ্বাবা মনকে নিগ্রন্থ কর্তে হবে। অর্থাৎ বিষয়গামী মনকে
বিষয় থেকে কেরাভে হবে। বিষয় থেকে মন নির্ভ হ'লেই তখন বিষয়ের
আসাজিও ব্লাস হ'লে আস্বে। কেননা, মন অনাসক্ত হ'লেই তখন
ভগবানে একাগ্র হবে।

শিয়। অভ্যাদ মানে কি অপ্তান্ন যোগাভ্যাদ ?

শুক্র। না, এখানে অভ্যাস মানে বিশিপ্ত মনকে পুনঃ পুনঃ আহরণ ক'রে ধ্যের বস্তুতে লাগান। ধ্যানাদি উপাসনা কর্বার সময় মনের মধ্যে অন্ত চিন্তা এলে পরে, তৎক্ষণাৎ সে চিন্তা ভ্যাগ ক'বে পুনরার মনকে ধ্যের বস্তুতে লাগান্তে হবে। এই রকম বভবার হবে তভবারই মনকে ফিরিয়ে এনে এভগবানে লাগান্তে হবে। বেশী দিন ধ'রে এই রক্ষ অভ্যাস কব্লে, মনে অন্ত চিন্তা আসা ক্রনে কম হ'রে আসে, এবং ধার্ম-কাল এই রক্ষ অভ্যাসের দারা মনের একাগ্রভাব গাভ ২য়।

শিশ্ব। কেই যদি অভ্যাস করেও ফল না পান্ন, অর্থাৎ নিয়তই যদি মনে বিক্ষেপ হয় তার মানে অঞ্চ চিন্তা আসে। তাহ'লে তার ভন্তন ক'রে কি কল হয় ?

